তপস্যাকাল

আহ্বান সঙ্গীত

ধুয়ো : খ্রীষ্ট প্রভু মোদের জন্য পরীক্ষিত হয়েছেন, যন্ত্রণাভোগ করেছেন,
এসো, প্রণিপাত করি।

বিকল্প

ধুয়ো : আজ প্রভুর কণ্ঠস্বর শোন :
হৃদয় কঠিন করো না।

জাগরণীতে স্তোত্র

১ম–৫ম রবিবার

১। খ্রীষ্টের প্রথা পালন ক'রে
এসো, করি উপবাস,
চল্লিশদিনে করে চলি
সাধনার অভ্যাস।

২। পূর্বে বিধান নবী বলতেন
চল্লিশদিনের উপবাস,
পরে খ্রীষ্ট পুণ্য করলেন
এই তপস্যা কাল।

৩। এসো, মোরাও চল্লিশদিনে
কম কথা বিশ্রামে
কম খাদ্য বিনোদনে
দেহ দমি হে।

৪। সেইসব রিপু দমি, এসো,
মোদের মনকে ভোলায় যা,
শয়তানের অত্যাচার
করি পরিহার।

৫। তবে এসো, সবে মিলে
নত করি অন্তর প্রাণ,
বিচারকর্তার পায়ে পড়ে
যাচি পরিত্রাণ।

৬। মোদের পাপে করলাম, প্রভু,
তব দয়ার অপমান,
মোদের প্রতি কর কৃপা,
কর ক্ষমাদান।

৭। মনে রেখ, দয়ার সাগর,
মোদের গড়ল তব প্রেম ;
তব নামের গৌরব যেন
করি না গো ত্যাগ।

৮। মোদের পাপ কর বিনাশ,
মঙ্গল যাচি, শোন ডাক ;
তবেই তোমায় করব তুষ্ট
এখন, চিরকাল।

৯। পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
যাচনা মঞ্জুর কর হে—
প্রায়শ্চিত্তের প্রচুর ফসল
করি যেন লাভ। (মহাপ্রাণ সাধু গ্রেগরি † ৬০৪)

সাধারণ দিন

১। মঙ্গলজনক এ সময়ে
প্রেমের বিকিরণ—
ব্যাধিগ্রস্ত বিশ্ব লাভে
দয়ার প্রতিকার।

২। খ্রীষ্টের জ্যোতির সঙ্গে আসে
পরিত্রাণের দিন—
পাপমগ্ন অন্তর অর্জে
তপস্যার শোধন।

৩। দেহ-মনকে তুমি শোধন
কর গো ঈশ্বর ;
চিরপাস্কা-পারে যেন
পৌঁছি নির্বিঘ্নে।

৪। দয়াল ত্রিত্ব, বিশ্ব তোমার
করুক বন্দনা ;
ক্ষমালাভে হয়ে নবীন
গাইব নবগীত। (১০ম শতাব্দী)

পুণ্য সপ্তাহ

১। মুখ আমার, মহাসংগ্রামের
কর তুমি স্তব ;
বল তুমি ক্রুশের জয়
কী মহাগৌরব—
বলীকৃত জগৎত্রাতা,
দেখ, জিতলেন যে !

২। সেই ফল খেল আদিপুরুষ—
মৃত্যুর এল শাপ।
বিশ্বস্রষ্টা করলেন দুঃখ—
মুক্তির আবির্ভাব ;
তিনি চাইলেন, বৃক্ষের শাপকে
বৃক্ষই করবে নাশ।

৩। মোদের ত্রাণের জন্য এটি
হল তাঁরই ভাব—
নিজেই পড়ুক নিজের ফাঁদে
সেই শয়তান ;
শত্রুর যেটা ছিল অস্ত্র
সেটাই প্রতিকার।

৪। কাল পূর্ণ হল যখন
তখন হল কী—
পিতা হতে বিশ্বস্রষ্টা
বিশ্বে এলেন যে,
এমন গর্ভে যা অক্ষুণ্ন
মানুষ হলেন হে।

৫। পিতার, এসো, করি স্তুতি,
পুত্রের জয়রব,
পবিত্রাত্মার জয়ধ্বনি,
ধন্য ত্রিত্ব হে ;
তুমি করলে মোদের ত্রাণ,
কৃপা কর হে। (ভেনান্তিউস ফর্তুনাতুস † ৬০৯)

প্রভাতী বন্দনায় স্তোত্র

১ম–৫ম সপ্তাহ

১। শ্রীখ্রীষ্ট, ধার্মিকতার উজ্জ্বল সূর্য,
মনের অন্ধকার হোক নিঃশেষিত,
পুণ্যেরই ফিরে আসে আলোক যেন,
তুমি যে বিশ্ব করলে পুনঃসৃজিত।

২। দিও গো তুমি মঙ্গলজনক সময়,
শেখাও গো, শেখাও তুমি হৃদয়বলি
মোদেরই অশ্রুজলে নির্মল করতে,
যেন সেই পুণ্য প্রেম অন্তরে গ্রহি।

৩। তপস্যা সহন করার দিও গো ইচ্ছা,
অন্তরে কর সঞ্চার সংযমী শক্তি,
তোমারই মহাদানে লাভিব তবে
মোদের পাপরাশি হতে শাশ্বত মুক্তি।

৪। আসিছে এমন দিবস—তোমারই দিবস,
সবকিছু উজ্জ্বল হবে নতুন বিভায়,
তেমন দিবসে করব আনন্দ উল্লাস,
সেই দিবস দ্বারা ফিরব তোমারই কৃপায়।

৫। তোমাকে, ওগো দয়াল পরম ত্রিত্ব,
বন্দনা করুক নিখিল মানবসভা ;
দোষত্রুটির ক্ষমালাভে নবীন হয়ে
আনন্দের নবসঙ্গীত করব গান সদা। (৬ষ্ঠ শতাব্দী)

পুণ্য সপ্তাহ

১। তেত্রিশ বছর পূর্ণ হলে,
দেখ, যীশু কীবা করলেন—
তাঁর উদ্দেশ্য পূরণ করতে
তিনি যন্ত্রণা ভোগ করলেন ;
হয়ে ক্রুশে উত্তোলিত
বলি হলেন মেষশাবক।

৪। উঁচু বৃক্ষ নামাও বাহু,
আর্দ্র কর অন্তর তব,
তাঁকে গ্রহণ করার জন্য
কঠোর কাষ্ঠ কর নরম,
বিশ্বরাজার অঙ্গ যেন
পেতে পারে বিশ্রাম হে।

২। পিত্তি, সির্কা, গন্ধনির্যাস,
থুথু, কাঁটা, পেরেক, বর্শা;
কোমল দেহ হল বিদ্ধ,
জল ও রক্ত প্রবাহিত,
মর্ত, সাগর, আকাশ, বিশ্ব
হল ধৌত, প্লাবিত।

৩। ধন্য ক্রুশ! গাছপালার মধ্যে
তুমিই মাত্র শ্রেষ্ঠ বৃক্ষ।
কোন বন পারে না দিতে
তত ফুল ডাল পাতা পল্লব।
মধুর কাষ্ঠ, মধুর পেরেক,
করছ বহন মধুর ভার।

৫। বৃক্ষ! তুমিই মাত্র হলে
বিশ্বের বলি নেবার যোগ্য,
দিশেহারা মানবজাতির
তুমি হলে ত্রাণবন্দর,
তব কাষ্ঠ সেই মেষশিশুর
হল রক্তে রঞ্জিত।

৬। এসো, করি পিতার স্তুতি,
পুত্রের করি জয়ধ্বনি,
পবিত্রাত্মার করি স্তবগান,
ধন্য তুমি, পরম ত্রিত্ব;
তুমি করলে মোদের ত্রাণ,
মোদের কৃপা কর হে। (ভেনান্তিউস ফর্তুনাতুস † ৬০৯)

পূর্বাহ্ণ প্রহরে স্তোত্র

হৃদির গোপন গুহার মাঝে, পৃঃ ৪২৪; অথবা: তৃতীয় ঘণ্টা পালন ক'রে, পৃঃ ৪৩৬; অথবা:

১। ঈশ্বর-বিশ্বাস মোদের জীবন,
আশা মোদের প্রাণ,
ভক্তি দিব্য অনুগ্রহ:
খ্রীষ্টের জয় হোক!

২। তৃতীয় ঘণ্টায় বলি হতে
যিনি চালিত,
তিনি বহন ক'রে সেই ক্রুশ
মেষদের করলেন ত্রাণ।

৩। তবে এসো, নত শিরে
যাচনা করি হে,
শত্রু থেকে যখন মুক্ত,
ধ্বংসি যেন পাপ।

৪। পিতা ও পুত্র ও পরমাত্মার
এসো, করি স্তব—
পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
কর পরিত্রাণ। (৮ম শতাব্দী)

মধ্যাহ্ন প্রহরে স্তোত্র

ঋতুচক্রের সৎ নিয়ন্তা, পৃঃ ৪২৫; অথবা: ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে, পৃঃ ৪৩৭; অথবা:

১। দ্বিপ্রহরে দয়াল যীশুর
তৃষ্ণা পেল রে;
দ্বিপ্রহরে ন্যায়ের জন্য
হব তৃষাতুর।

২। তেমন তৃষ্ণা কেমন করে
করব নিবারণ?
পাপের প্রতি আন্তর ঘৃণা,
পুণ্যের বাসনা।

৩। পরমাত্মা মোদের করুন
অনুপ্রাণিত;
দেহের উত্তাপ করুন শীতল,
উষ্ণ করুন প্রাণ।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মার
এসো, করি স্তব—
পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
কর পরিত্রাণ। (৮ম শতাব্দী)

অপরাহ্ণ প্রহরে স্তোত্র

বিশ্বসৃষ্টির পরম নির্ভর, পৃঃ ৪২৬; অথবা: নবম ঘণ্টায়, এসো, করি, পৃঃ ৪৩৮; অথবা:

১। এসো, খ্রীষ্টের ক্রুশোত্তোলন
স্মরণ করি হে,
প্রদান করে পাপের ক্ষমা
যীশুর পুণ্য নাম।

৩। ক্রুশের দ্বারা মৃত্যু লুপ্ত—
আলোর উদ্ভাস হে,
মোদের পাপও হোক ধ্বংসিত,
জ্বলুক শুভ্র প্রাণ।

২। নিজের পাপ ক'রে স্বীকার
দস্যু পেল ত্রাণ;
ভক্তির অর্ঘ্য অর্জন করুক
খ্রীষ্টের ক্ষমাদান।

৪। পিতা ও পুত্র ও পবিত্রাত্মার
এসো, করি স্তব—
পরম ত্রিত্ব, এক মহেশ্বর,
কর পরিত্রাণ। (৮ম শতাব্দী)

সন্ধ্যারতিতে স্তোত্র

১ম–৫ম রবিবার

১। জগতের স্রষ্টা, প্রসন্ন মনে
মিনতি মোদের শোন গো তুমি;
তপস্যা মোদের কর গো গ্রহণ,
বিলাপ ও ক্রন্দন কর গো শ্রবণ।

২। তোমারই দিকে মুখ ফিরে তাকাই,
হৃদয় মোদের কর নিরীক্ষণ;
তুমি তো জান, মোরা যে ভঙ্গুর,
তব করুণা কর গো মঞ্জুর।

৩। তোমার বিরুদ্ধে করেছি পাপ,
তা স্বীকার করি—কর গো দয়া।
তোমারই অপার করুণাগুণে
বাঁচাও মোদের, আর্তনাদ শুনে।

৪। তপস্যায় যেন শক্তি পায় দেহ,
উপবাস ক'রে বল অর্জুক অন্তর—
তুমিই যে শক্তি, তুমিই যে প্রাণ,
হৃদয় মোদের কর গো ত্রাণ।

৫। পরম ত্রিত্ব, অদ্বিতীয় ঈশ্বর,
প্রসন্ন হয়ে কর গো দয়া—
তব করুণা কর গো মঞ্জুর,
সাধনার ফসল কর দান প্রচুর। (মহাপ্রাণ সাধু গ্রেগরি †
৬০৪)

সাধারণ দিন

১। যীশু, তুমিই চল্লিশদিনের
তপস্যার আদর্শ দিলে,
মোরা যেন উপোস রেখে
যোগাই শক্তি হৃদে-দেহে।

২। এসো, পূজি মোরা এখন,
প্রায়শ্চিত্ত করি সবে,
যেন মাথা করলে নত
সারে যত পাপের ক্ষত।

৩। তব কৃপায় তুমি, যীশু,
প্রাচীন পাপ কর ক্ষমা,
ভাবীকালেও সজাগ থেকে
চলব অন্তর নির্মল রেখে।

৪। মোরা যেন এ তপস্যা
যথারীতি ক'রে পালন
দেহে মনে হয়ে শুচি
পাস্কার হর্ষের দিকে ছুটি।

৫। ওগো দয়াল পরম ত্রিত্ব,
মঞ্জুর কর পাপের ক্ষমা,
তবে পারবে মোদের হৃদি
সদা গাইতে তব স্তুতি। (১০ম শতাব্দী)

পুণ্য সপ্তাহ

১। রাজার পতাকা ওড়ে আকাশে,
ক্রুশ-রহস্যেরই উদ্ভাস হে—
ক্রুশে যাঁর দেহ বিদ্ধ হইছে
তিনি দেহেরই স্রষ্টা হে।

২। বর্শার আঘাতে যিনি বিদীর্ণ
যেন মোদের পাপ মোছে হে,

৪। ধন্য সেই বৃক্ষ! বাহু যার ধরল
বিশ্বজগতের মুক্তিপণ;
ধন্য সেই বৃক্ষ! কেড়ে যে নিল
পাতালের প্রত্যাশিত লুট।

৫। প্রণাম বেদি হে! তোমা দ্বারা যে
কিনল মৃত্যুকে জীবন হে;

তাঁরই বুক হতে হল নিঃসৃত
দেখ! জল এবং রক্ত হে।

৩। ধন্য সেই ক্রুশটি! অলঙ্কৃত যে
হল রাজারই রক্তে হে;
ধন্য সেই ক্রুশটি! সেই পবিত্রতম
দেহ ধরল যে তুলে হে।

প্রণাম বলি হে! তোমার মৃত্যুতেই
বিশ্ব লাভ করল জীবন হে।

৬। প্রণাম ক্রুশ, একক আশা যে তুমি!
খ্রীষ্টের যন্ত্রণা কালে হে,
তুমি ধার্মিকদের কৃপা দান কর,
কর পাপীদের ক্ষমা হে।

৭। বিশ্বের পরিত্রাণ-উৎস, হে ত্রিত্ব,
পূজি তোমাকে সবে হে;
ক্রুশবিজয় দান যাদের করেছ,
তাদের পুরস্কার দিও হে। (ভেনান্তিউস ফর্তুনাতুস † ৬০৯)

ভস্ম বুধবার

নিম্নলিখিত অংশ ব্যতীত ২য় বুধবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২১৮ (রোমীয় ব্যবস্থা: ৪র্থ)।

সমাপন প্রার্থনা

হে প্রভু, আশীর্বাদ কর: আমরা যেন এ উপবাসের মধ্য দিয়ে এমন প্রকৃত মনপরিবর্তনের যাত্রা শুরু করতে পারি, যেন আত্মসংযম হাতিয়ার ক'রে অশুভ শক্তির বিরুদ্ধে আমাদের এ সংগ্রামে সফল হয়ে উঠি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র মন ফেরাও, তোমাদের যত অন্যায় প্রত্যাখ্যান কর;
উ নিজেদের জন্য গড়ে তোল এক নতুন হৃদয়, এক নতুন আত্মা।

২য় পর্ব প্র যে সত্যের সাধক, সে আলোর দিকে এগিয়ে আসে,
উ তার সমস্ত কর্ম যে ঈশ্বরে সাধিত তা যেন প্রকাশিত হয়।

প্রভাতী বন্দনা

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: তোমরা * যখন উপবাস কর,
তখন ভণ্ডদের মত বিষণ্ন ভাব দেখিয়ো না।

মিনতি নিবেদন

তপস্যাকাল শুরু করতে গিয়ে, আসুন, আমরা এই অনুগ্রহকালের জন্য পিতা ঈশ্বরকে ধন্যবাদ জানিয়ে তাঁর চরণে এই ভিক্ষা রাখি, তিনি যেন পবিত্র আত্মায় আমাদের পরিপূর্ণ করেন, আমাদের হৃদয় পরিশুদ্ধ করেন, ভ্রাতৃপ্রেমে আমাদের বলবান করে তোলেন:

হে প্রভু, তোমার পবিত্র আত্মাকে আমাদের দান কর।

-তোমার বাণীই আমাদের জীবন; তাই আমাদের জীবন যেন তোমার প্রতিটি বাণীতেই পরিপূর্ণ ও পরিপুষ্ট হয়ে

ওঠে।

-যীশুর জীবনে তুমি প্রেমের পথ দেখিয়েছ। আমাদের দীক্ষিত কর, যেন জীবনের ছোট-বড় সকল ঘটনায়ই সেই পথ ধরে চলতে পারি।

-আত্মত্যাগের মনোভাব আমাদের অন্তরে সঞ্চার কর। যত অভাবগ্রস্ত ভাইবোনকে সাহায্য করতে আমাদের অনুপ্রাণিত কর।

-কৃপা কর, আমরা যেন আমাদের দেহে তোমার পুত্রের যন্ত্রণাভোগের সাক্ষ্য বহন করতে পারি, যেন আমাদের মধ্যে তাঁর অনন্ত জীবন প্রকাশ পায়।

-আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট বলেছিলেন, তপস্যাকালে সন্ন্যাসীরা সকল কু-অভ্যাস পরিত্যাগ করবেন, এবং অশ্রুসিক্ত নয়নে প্রার্থনা, ঐশপাঠ, হৃদয়বিদারণ ও আত্মসংযমে রত হয়ে সাধনা করবেন। আশীর্বাদ কর, আমরা যেন তাঁর নির্দেশ উত্তমরূপে পালন করতে পারি।

-আমাদের পুণ্য পিতা আরও বলেছিলেন, পবিত্র আত্মার আনন্দের সঙ্গে এক একজন সন্ন্যাসী স্বেচ্ছায়ই নির্দিষ্ট পরিমাণের চেয়ে খাদ্য, পানীয়, নিদ্রা, কথন, পরিহাসের অতিরিক্ত যা কিছু বাতিল করেই ঈশ্বরের কাছে নিজেকে নিবেদন করবেন। এই সাধনায় তুমি আমাদের বল দাও।

সন্ধ্যারতি

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : তুমি যখন * কাউকে ভিক্ষা দাও,
তখন তোমার ডান হাত যে কী করছে, তোমার বাঁ হাত যেন তা জানতে না পারে।

ভস্ম বুধবারের পরবর্তী

বৃহস্পতিবার

নিম্নলিখিত অংশ ব্যতীত ২য় বৃহস্পতিবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২২৪ (রোমীয় ব্যবস্থা : ৪র্থ)।

সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি : তোমার প্রেরণা দানে আমাদের কর্মের সূচনা উদ্দীপিত কর, তোমার সহায়তা দানে সেই কর্মের অগ্রগতি সার্থক কর ; যাতে আমাদের সমস্ত কর্ম সর্বদা তোমা থেকে উদিত হয়, সর্বদা তোমা দ্বারা শুভ সমাপ্তি লাভ করে।

প্রভাতী বন্দনা

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : কেউ যদি আমার পিছনে আসতে ইচ্ছা করে, * সে নিজেকে অস্বীকার করুক,
এবং প্রতিদিন নিজের ক্রুশ তুলে নিয়ে আমার অনুসরণ করুক।

সন্ধ্যারতি

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আমার জন্য * যে নিজের প্রাণ হারায়,
সে-ই অনন্ত জীবনের জন্য নিজেকে বাঁচিয়ে রাখবে—প্রভুর উক্তি।

ভস্ম বুধবারের পরবর্তী

শুক্রবার

নিম্নলিখিত অংশ ব্যতীত ২য় শুক্রবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২২৯ (রোমীয় ব্যবস্থা : ৪র্থ)।

সমাপন প্রার্থনা

হে প্রভু, যে তপস্যার পথে আমরা পদার্পণ করেছি, প্রসন্ন হয়ে তুমি সেই পথ চলতে আমাদের সহায়তা কর; তপস্যার বাহ্যিক রীতি পালনের সঙ্গে সঙ্গে আমরা যেন সরল অন্তরেও সেই সাধনা সার্থক করতে পারি।

প্রভাতী বন্দনা

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: উলঙ্গকে দেখলে * তাকে বস্ত্র পরিয়ে দেওয়া,
তোমার আপন জাতির মানুষের প্রতি বিমুখ না হওয়া, এ কি প্রকৃত উপবাস নয়?
তবেই তোমার আলো উষার মত উজ্জ্বল প্রকাশ পাবে,
তোমার ক্ষত শীঘ্রই সেরে উঠবে!

সন্ধ্যারতি

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: যখন বরকে * তাদের কাছ থেকে তুলে নেওয়া হবে,
তখনই বরযাত্রীরা উপবাস করবে।

ভস্ম বুধবারের পরবর্তী

শনিবার

নিম্নলিখিত অংশ ব্যতীত ২য় শনিবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২৩৫ (রোমীয় ব্যবস্থা: ৪র্থ)।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, আমাদের দুর্বলতা ক্ষমার চোখেই দেখ! তোমার পরাক্রমশালী হাত বাড়িয়ে আমাদের রক্ষা কর।

প্রভাতী বন্দনা

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: তোমরা * স্বর্গেই নিজেদের জন্য ধন জমিয়ে রাখ:
সেখানে পোকা ও মরচে ধরে তা ক্ষয় করে না।

১ম–৫ম সপ্তাহ

রবিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: আমাদের মনপরিবর্তনের সাক্রামেন্তীয় চিহ্নস্বরূপ এই তপস্যাকাল পালন ক'রে আমরা যেন খ্রীষ্টে নিহিত মহা ধন-ঐশ্বর্য আরও গভীরতরভাবে উপলব্ধি করতে পারি ও যোগ্যতর জীবনযাপনে সেই বিষয়ে সাক্ষ্য দিতে পারি।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, তুমি তোমার প্রিয়তম পুত্রের কথা শুনতে আমাদের আদেশ দিয়েছ। প্রসন্ন হয়ে তুমি নিজেই তোমার বাণীদানে আমাদের অন্তর পরিপুষ্ট কর, আমরা যেন শুচীকৃত মনশ্চক্ষু দিয়ে তোমার গৌরবের দর্শন পেয়ে আনন্দিত হতে পারি।

৩য় সপ্তাহ: সমস্ত দয়া ও মঙ্গলকর কর্মের সাধক হে পরমেশ্বর, তুমি শিখিয়েছ, উপবাস, প্রার্থনা ও অর্থদানেই পাপের প্রতিকার। আমাদের নিম্নাবস্থার কথা স্বীকার করে আমরা নম্রচিত্তে মিনতি জানাই: আমাদের দিকে মুখ তুলে চাও, পাপের বোঝা যখন আমাদের ভূলুণ্ঠিত করে, তখন তোমার দয়াই যেন আমাদের উন্নতশির করে

তোলে।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, মানবসমাজের যে পুনর্মিলন তোমার ঐশবাণী সাধন করেছেন, তা সত্যি তোমার এক অপূর্ব কীর্তি। আশীর্বাদ কর: গোটা খ্রীষ্টমণ্ডলী যেন উদ্দীপ্ত ভক্তি ও জ্বলন্ত বিশ্বাসের সঙ্গে আসন্ন পাস্কাপর্বের দিকে দ্রুতপদে এগিয়ে চলতে পারে।

৫ম সপ্তাহ: হে প্রভু ঈশ্বর, আশীর্বাদ কর: জগতের প্রতি যে ভালবাসার খাতিরে তোমার পুত্র মৃত্যুর হাতে নিজেকে সঁপে দিয়েছেন, তোমার সহায়তায় আমরাও যেন একাগ্রতার সঙ্গে সেই ভালবাসার পথে চলতে পারি।

১ম সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **২ করি ৬:১-৪ক**

তোমরা যে ঈশ্বরের অনুগ্রহ গ্রহণ করেছ, তোমাদের সেই গ্রহণটা যেন বৃথাই না হয়ে যায়। কারণ তিনি একথা বলছেন, তোমাকে সাড়া দিয়েছি প্রসন্নতার সময়ে; তোমার সহায়তা করেছি পরিত্রাণের দিনে। আর এখন তো সেই প্রসন্নতার সময়, এখন তো সেই পরিত্রাণের দিন। আমরা কারও পথে কোন বিঘ্ন ঘটাই না, যেন আমাদের সেবাকর্মের কোন নিন্দা না হয়; আমরা বরং সবকিছুতেই নিজেদের ঈশ্বরের সেবাকর্মী বলে দেখাই।

৫ম সপ্তাহ **১ পি ১:১৮-২১**

প্রিয়জনেরা, তোমরা তো জান, তোমাদের সেই পিতৃপরম্পরাগত অসার জীবনধারণের হাত থেকে তোমরা রুপো বা সোনার মত ক্ষয়শীল কিছুর মূল্যে নয়, বরং নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক-স্বরূপ সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্তমূল্যে মুক্ত হয়েছ। তিনি জগৎপত্তনের আগেই চিহ্নিত হয়েছিলেন, কিন্তু এই অন্তিমকালে তোমাদের জন্য আবির্ভূত হয়েছেন! তাঁর দ্বারা তোমরা ঈশ্বরে বিশ্বাসী হয়ে উঠেছ যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে তাঁকে গৌরব দান করেছেন, যেন তোমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে।

শ্লোক

℣ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ হে খ্রীষ্ট, আমাদের কাতরকণ্ঠের যাচনা গ্রহণ কর;
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: মানুষ * কেবল রুটিতে বাঁচবে না,
কিন্তু ঈশ্বরের মুখ থেকে যে প্রতিটি উক্তি নির্গত হয়,
তাতেই বাঁচবে।
২য় সপ্তাহ: ইনি * আমার প্রিয়তম পুত্র,
এঁতে আমি প্রসন্ন; তাঁর কথা শোন।
৩য় সপ্তাহ: বিশ্বাসগুণে * ধর্মময় হয়ে উঠে,
আমাদের প্রভু যীশুখ্রীষ্টের দ্বারা
আমরা এখন ঈশ্বরের সঙ্গে শান্তি ভোগ করি।

৪র্থ সপ্তাহ : ঈশ্বর * জগৎকে এতই ভালবেসেছেন যে,
তাঁর একমাত্র পুত্রকে দান করেছেন,
তাঁর প্রতি যে কেউ বিশ্বাস রাখে,
তার যেন বিনাশ না হয়, কিন্তু অনন্ত জীবন পেতে পারে।
৫ম সপ্তাহ : গমের দানা * যদি মাটিতে পড়ে মরে না যায়,
তবে তা মাত্র একটাই হয়ে থাকে;
কিন্তু যদি মরে যায়, তবে বহু ফল উৎপন্ন করে।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের গুরু, আদর্শ ও ভাই, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর প্রশংসাবাদ করি :

হে প্রভু, তোমার ভক্তদের জীবন দান কর।

-তুমি সব বিষয়ে আমাদেরই মত মানুষ ছিলে, কিন্তু পাপের কালিমা কখনও তোমাকে স্পর্শ করতে পারেনি। দয়া কর, আমরা যেন অপরের জন্য আমাদের ভালবাসার হৃদয়দুয়ার খুলে দিতে পারি ও তাদের হাসি-কান্নার সহভাগী হতে পারি।

-আমাদের সাহায্য কর, আমরা যেন ক্ষুধার্তদের সেবা ও অন্ন দান ক'রে তোমারই সেবা করতে পারি; পিপাসিতদের মধ্যে তোমাকে খুঁজে পেয়ে আমরা যেন তোমার পিপাসা নিবারণ করতে পারি।

-তুমি একদিন লাজারকে পুনরুত্থিত করেছিলে। যারা পাপের দরুন আজ জীবনমৃত, বিশ্বাস ও অনুতাপের দিকে তাদের আহ্বান কর।

-কৃপা কর, আমরা যেন ধন্যা কুমারী মারীয়া ও সকল সাধুসাধ্বীর আদর্শ অনুসারে চলতে পারি, তাঁদের মত আমরাও যেন সবকিছুতে তোমাকে দেখতে পাই।

-মৃত সকলকে তোমার প্রশংসাগানে জাগিয়ে তোল। যুগযুগ ধরে তাঁরা তোমার নামে উল্লাস করুন।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি সর্বদা আমাদের প্রতি যত্নশীল, আসুন, সেই প্রভুর কাছে প্রার্থনা নিবেদন করে বলি :

হে প্রভু, তোমার সকল সন্তানদের উপর দৃষ্টি রাখ।

-সুন্দর সবকিছুর দাতা ও বিশ্বাসের উৎস প্রভু, সকল বিশপের প্রতি তোমার আশীর্বাদের পূর্ণতা দান কর; তাঁদের হাতে ন্যস্ত বিশ্বাসী সমাজকে প্রেরিতদূতদের শিক্ষায় বিশ্বস্ত থাকতে সহায়তা কর।

-যারা একই জীবনরুটির সহভাগী হয়েছে, তাদের হৃদয়ে তোমার ভালবাসার ধারা বর্ষণ কর, তারা যেন তোমার পুত্রের দেহে একাত্ম হতে পারে।

-আমাদের পাপময় মানবস্বরূপ সংস্কার করতে, তোমার পুত্র সেই নবমানুষ খ্রীষ্টকে আমাদের অঙ্গের বসন হিসাবে পরিধান করতে আমাদের সাহায্য কর।

-তোমার কৃপায় সকলে যেন নিজ নিজ পাপের জন্য প্রায়শ্চিত্ত ক'রে ক্ষমা পেতে পারে এবং খ্রীষ্টের পরিত্রাণদায়ী মৃত্যুর ফলভাগী হতে পারে।

-তোমার দয়ায় যেন সকল পরলোকগত খ্রীষ্টভক্ত স্বর্গরাজ্যে যুগযুগ ধরে তোমার মহিমাকীর্তন করতে পারেন। প্রত্যাশা রাখি, আমরাও একদিন তাঁদের সঙ্গে মিলিত হয়ে তোমার গৌরব গান করব।

জাগরণী

১ম পর্ব

পদ

১ম সপ্তাহ : ℟ তোমার জন্যই আপন দূতদের তিনি আজ্ঞা দিলেন,
℣ তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন।
২য় সপ্তাহ : ℟ তোমার বাণীই আমার চরণ-প্রদীপ,
℣ আমার চলার পথের আলো।
৩য় সপ্তাহ : ℟ খুলে দাও আমার চোখ,
℣ আমি যেন দৃষ্টি নিবদ্ধ রাখি তোমার বিধানের আশ্চর্য কর্মকীর্তির উপর।
৪র্থ সপ্তাহ : ℟ তোমার বিরুদ্ধে পাছে করি পাপ,
℣ হৃদয়ে গেঁথে রাখি তোমার বচন।
৫ম সপ্তাহ : ℟ বেঁচে থাকুক আমার প্রাণ, করে যাক তোমার প্রশংসাবাদ ;
℣ তোমার সুবিচার সকল আমার সহায়তা করুক।
তালপত্র রবিবার : ℟ মন ফেরাও, তোমাদের যত অন্যায় প্রত্যাখ্যান কর।
℣ নিজেদের জন্য গড়ে তোল এক নতুন হৃদয়, এক নতুন আত্মা।

২য় পর্ব

পদ

১ম সপ্তাহ : ℟ তাঁর পালক দিয়ে তিনি তোমাকে ঢেকে রাখবেন,
℣ তাঁর ডানার নিচে তুমি পাবে আশ্রয়।
২য় সপ্তাহ : ℟ তোমার বাণী ফুটেই আলো দান করে,
℣ সরলমনাকে সুবুদ্ধি দান করে।
৩য় সপ্তাহ : ℟ তোমার আদেশগুলি আমি কখনও ভুলব না,
℣ সেগুলি গুণেই যে তুমি আমাকে সঞ্জীবিত রাখ।
৪র্থ সপ্তাহ : ℟ তোমার আদেশমালার পথে আমাকে উদ্বুদ্ধ কর,
℣ তবে ধ্যান করব তোমার আশ্চর্য কর্মকীর্তির কথা।
৫ম সপ্তাহ : ℟ আমার প্রাণ মেনে চলে তোমার নির্দেশমালা ;
℣ একান্ত ভালবাসে সেই মালা।
তালপত্র রবিবার : ℟ আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর !
℣ আমি যে একাই, আমি যে দুঃখী।

৩য় পর্ব

ধুয়ো : তোমার কাছে * আমাদের ফিরিয়ে আন, প্রভু,
তবেই আমরা আসব ফিরে।
আমাদের দিনগুলি পুরাকালের মতই নবীন করে তোল।

তালপত্র রবিবার

ধুয়ো :   হাঁটু পেতে পড়ে * যীশু এই বলে প্রার্থনা করলেন :
পিতা, তুমি ইচ্ছা করলে,
আমা থেকে এই পানপাত্র দূর করে দাও,
কিন্তু আমার ইচ্ছা নয়, তোমার ইচ্ছাই পূর্ণ হোক।

জনগণের বিলাপ **গীতিকা যেরে ১৪:১৭-২১**

সময় হয়ে এসেছে, ঈশ্বরের রাজ্য সন্নিকট : মনপরিবর্তন কর, সুসমাচারে বিশ্বাস কর (মার্ক ১:১৫)।

আমার দু'চোখ থেকে
অঝোরে দিনরাত গড়িয়ে পড়ুক অশ্রুজল,
কারণ আমার জাতি-কুমারী কন্যা
দারুণ ক্ষতে বিক্ষত হয়েছে, বড় কঠিন আঘাতে!

আমি গ্রামাঞ্চলে গেলে, দেখ! খড়্গের আঘাতে নিহত কত মানুষ;
শহরে গেলে, দেখ! দুর্ভিক্ষে পীড়িত কত মানুষ।
নবীরা আর যাজকেরাও দেশ জুড়ে ঘুরে বেড়ায়,
জানে না কী করতে হবে।

তুমি কি যুদাকে প্রত্যাখ্যান করেছ সম্পূর্ণরূপে?
সিয়োন কি তোমার এত বিতৃষ্ণার পাত্র?
কেন তুমি আমাদের এমন আঘাত দিলে যে,
আরোগ্য পেতে পারি না?

আমরা শান্তির জন্য প্রত্যাশা করছিলাম, কিন্তু মঙ্গল হল না,
নিরাময়-ক্ষণের প্রত্যাশায় ছিলাম, কিন্তু দেখ, সন্ত্রাসই উপস্থিত!
প্রভু, আমরা আমাদের দুষ্কর্ম, †
ও আমাদের পিতৃপুরুষদের শঠতা স্বীকার করি,
তোমার বিরুদ্ধে সত্যি করেছি পাপ।

তোমার নামের দোহাই আমাদের উপেক্ষা করো না,
তোমার গৌরবের সিংহাসন করো না অসম্মান।
আমাদের সঙ্গে তোমার সন্ধি স্মরণ কর! তা ভঙ্গ করো না।
ত্রিত্বের গৌরব হোক চিরকালের মত। আমেন।

নতুন হৃদয়, নতুন আত্মার দান **গীতিকা এজে ৩৬:২৪-২৮**

তারা হবে তাঁর আপন জাতি আর তিনি হবেন 'তাদের-সঙ্গে-ঈশ্বর' (প্রত্যা ২১:৩)।

আমি জাতিসকলের মধ্য থেকে তোমাদের নেব, †
সকল দেশ থেকে তোমাদের সংগ্রহ করব,
তোমাদের নিজেদের দেশভূমিতে তোমাদের নিয়ে আসব।
তোমাদের উপর ছিটিয়ে দেব শুদ্ধ জল আর তোমরা শুদ্ধ হবে; †
তোমাদের সমস্ত মলিনতা থেকে,
তোমাদের সকল পুতুল থেকে তোমাদের শোধন করব।

তোমাদের দেব এক নতুন হৃদয়,
তোমাদের অন্তরে রাখব এক নতুন আত্মা।
তোমাদের বুক থেকে সরিয়ে দেব সেই পাথরের হৃদয়,
রক্তমাংসেরই এক হৃদয় তোমাদের দেব।

তোমাদের অন্তরে রাখব আমার আত্মা, †
আমার বিধিপথে তোমাদের চালনা করব,
আমার নিয়মনীতি পালনে তোমাদের নিষ্ঠাবান করব।
আমি তোমাদের পিতৃপুরুষদের কাছে যে দেশ দিয়েছিলাম,
তোমরা সেই দেশেই বাস করবে;

তোমরা হবে আমার আপন জনগণ
আর আমি হব তোমাদের আপন পরমেশ্বর।

দুর্দশার সময়ে প্রার্থনা **গীতিকা বিলাপ ৫:১-৭,১৫-১৭,১৯-২১**

আমরা সর্বদা সর্বস্থানে নিজেদের দেহে যীশুর মৃত্যু বহন করে চলি, যাতে যীশুর জীবনও আমাদের এই দেহে প্রকাশিত হয় (২ করি ৪:১০)।

আমাদের যা ঘটেছে, তা স্মরণ কর গো প্রভু,
চেয়ে দেখ, লক্ষ কর আমাদের অসম্মান।
গেল আমাদের উত্তরাধিকার বিদেশীদের হাতে,
বিজাতীয়দের হাতে আমাদের বাড়ি-ঘর।

আমরা এখন এতিম, পিতৃহীন,
বিধবারই মত আমাদের মা।
অর্থের বিনিময়েই পান করছি আমাদের নিজেদেরই জল,
দাম দিয়ে আমাদের নিজেদেরই কাঠ আমাদের কিনতে হচ্ছে।

যারা আমাদের ধাওয়া করে, তারা রয়েছে আমাদের ঘাড়ে,
আমরা পরিশ্রান্ত, নেই কো বিশ্রাম আমাদের জন্য।
প্রচুর খাদ্য পাবার জন্য
মিশরের কাছে, আসিরিয়ার কাছে পেতেছি হাত।

আমাদের পিতৃপুরুষেরা পাপ করল, এখন আর নেই কো তারা,
আমরাই তো বহন করছি তাদের অপরাধের দণ্ড;
অন্তরে ফুরিয়ে গেছে পুলক,
আমাদের নৃত্য বিলাপেই পরিণত।

আমাদের মাথা থেকে পড়ে গেছে মুকুট,
ধিক আমাদের! কারণ করেছি পাপ।
এজন্যই বেদনাপীড়িত আমাদের অন্তর,
এসব-কিছুর জন্যই ক্ষীণ হয়ে এসেছে আমাদের চোখ।

তুমি কিন্তু, প্রভু, চিরসমাসীন,
তোমার সিংহাসন যুগযুগস্থায়ী।
কেন আমাদের ভুলে যাও চিরকালের মত?
কেন দীর্ঘ দিন ধরে আমাদের ত্যাগ করে থাক?

তোমার কাছে আমাদের ফিরিয়ে আন, প্রভু, †
তবেই আমরা আসব ফিরে;
আমাদের দিনগুলি পুরাকালের মতই নবীন করে তোল।

ধুয়ো : তোমার কাছে আমাদের ফিরিয়ে আন, প্রভু,
তবেই আমরা আসব ফিরে।
আমাদের দিনগুলি পুরাকালের মতই নবীন করে তোল।

তালপত্র রবিবার

ধুয়ো : হাঁটু পেতে পড়ে যীশু এই বলে প্রার্থনা করলেন :
পিতা, তুমি ইচ্ছা করলে,
আমা থেকে এই পানপাত্র দূর করে দাও,
কিন্তু আমার ইচ্ছা নয়, তোমার ইচ্ছাই পূর্ণ হোক।

পদ

১ম সপ্তাহ : ℣ তুমি তোমার পরমেশ্বর প্রভুকে পূজা করবে,
℟ শুধু তাঁরই সেবা করবে।
২য় সপ্তাহ : ℣ মেঘ থেকে শোনা গেল পিতার কণ্ঠস্বর :
℟ ইনি আমার প্রিয়তম পুত্র ; তোমরা তাঁর কথা শোন।
৩য় সপ্তাহ : ℣ তিনি জীবন ও সুবুদ্ধির রুটিদানে তাকে পরিপুষ্ট করলেন,
℟ পান করার মত তাকে দিলেন ত্রাণকারী প্রজ্ঞার জল।
৪র্থ সপ্তাহ : ℣ তোমার বাণীসকল, প্রভু, আত্মা ও জীবন ;
℟ তোমার কাছেই অনন্ত জীবনের বাণী।
৫ম সপ্তাহ : ℣ যে কেউ আমার কথা মেনে চলে,
℟ সে কখনও মৃত্যু দেখবেই না।
তালপত্র রবিবার : ℣ আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
℟ তখন সকলকে নিজের কাছে আকর্ষণ করব।

সুসমাচার ঘোষণা, পৃঃ ১০৬৩।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।

(৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ

১ম ধুয়ো : তুমি * তোমার ঈশ্বর প্রভুকেই প্রণাম করবে,
কেবল তাঁকেই উপাসনা করবে।
২য় ধুয়ো : এবার আমি * যেরুসালেমে যাব,
সেখানে মানবপুত্রকে ক্রুশমৃত্যুর হাতে তুলে দেওয়া হবে।
৩য় ধুয়ো : তুমি তো পার, প্রভু, * শক্তিশালীর হাত থেকে আমাদের উদ্ধার করতে ;
আমাদের ত্রাণ কর, প্রভু, আমাদের পরমেশ্বর।

৪র্থ ধুয়ো : আমাদের বিনীত অনুতপ্ত প্রাণ
গ্রহণ কর, প্রভু ;
আমাদের যে আজ তোমার সামনে বলিরূপে উৎসর্গ করা হচ্ছে,
তেমন বলিদান যেন তোমার গ্রহণীয় হয়।
৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর * তাঁর অসীম মহত্ত্বের জন্য।

২য় সপ্তাহ

১ম ধুয়ো : হে প্রভু, * খুলে দাও আমার ওষ্ঠাধর ;
আর আমার মুখ প্রচার করবে তোমার প্রশংসাবাদ।
২য় ধুয়ো : প্রভু * হলেন অবলম্বন আমার।
৩য় ধুয়ো : প্রভুর ডান হাত * পরাক্রম সাধন করল ;
প্রভুর ডান হাত আমাকে উন্নীত করল।
৪র্থ ধুয়ো : অগ্নিশিখার মধ্যে * সেই তিনজন যুবকদের মত
এসো, আমরাও গানে গানে প্রভুর মহিমাকীর্তন করি।
৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর * তাঁর অসীম মহত্ত্বের জন্য।

৩য় সপ্তাহ

১ম ধুয়ো : সমগ্র পৃথিবী, * প্রভুর উদ্দেশে জাগিয়ে তোল জয়ধ্বনি।
২য় ধুয়ো : প্রভু, * তোমার আদেশমালার কণ্ঠস্বর
বিশাল জলরাশির কণ্ঠস্বরের চেয়েও প্রতাপময়।
৩য় ধুয়ো : প্রভু, * সারা জীবন ধরে আমি তোমার কর্মকাহিনী বর্ণনা করে যাব।
৪র্থ ধুয়ো : জলের উৎসধারা বল : * প্রভু ধন্য ;
তাঁর স্তবস্তুতি ও মহাবন্দনা কর চিরকাল।
৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর * তাঁর অসীম মহত্ত্বের জন্য।

৪র্থ সপ্তাহ

১ম ধুয়ো : তুমি আমার ঈশ্বর ! * আমি তোমার গুণগান করব।
তুমি আমার পরমেশ্বর ! আমি তোমার বন্দনা করব।
২য় ধুয়ো : তুমি তো পার, প্রভু, * শক্তিশালীর হাত থেকে আমাদের উদ্ধার করতে ;
আমাদের ত্রাণ কর, প্রভু, আমাদের পরমেশ্বর।
৩য় ধুয়ো : মানুষের উপর * ভরসা রাখার চেয়ে
প্রভুতে আশ্রয় নেওয়া শ্রেয়।
৪র্থ ধুয়ো : আমাদের বিনীত অনুতপ্ত প্রাণ
গ্রহণ কর, প্রভু ;
আমাদের যে আজ তোমার সামনে বলিরূপে উৎসর্গ করা হচ্ছে,
তেমন বলিদান যেন তোমার গ্রহণীয় হয়।
৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর * তাঁর অসীম মহত্ত্বের জন্য।

৫ম সপ্তাহ

১ম ধুয়ো : ঈশ্বর আমার, * তুমিই আমার সহায় !
২য় ধুয়ো : সঙ্কটে পড়ে * পাতালের বুক থেকে আমি প্রভুকে চিৎকার করে ডাকলাম,
আর তিনি সাড়া দিলেন আমায়।
৩য় ধুয়ো : আমার যন্ত্রণায় * আমি প্রভুকে ডাকলাম,
তিনি সাড়া দিয়ে আমাকে ত্রাণ করলেন।

৪র্থ ধুয়ো : হে আমার আপন জাতি, * কী করেছি তোমায়?
বল, কী করে দুঃখ দিয়েছি তোমায়?
৫ম ধুয়ো : ক্ষণ এসেছে! * এবার মানবপুত্র গৌরবান্বিত হবেন।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **নেহেমিয়া ৮:৯,১০**

আজকের দিন তোমাদের পরমেশ্বর প্রভুর উদ্দেশে পবিত্র; শোক করো না, চোখের জল ফেলো না! কারণ আজকের দিন আমাদের প্রভুর উদ্দেশে পবিত্র; বিষণ্ন হয়ো না, কেননা প্রভুর আনন্দই তোমাদের শক্তি।

৫ম সপ্তাহ **লেবীয় ২৩:৪-৭**

নির্দিষ্ট সময়ে তোমরা যে সকল পবিত্র সভা ঘোষণা করবে, প্রভুর সেই সকল পর্ব এই: প্রথম মাসে, সেই মাসের চতুর্দশ দিন সন্ধ্যাবেলায় প্রভুর পাস্কা হবে। তারপর সেই মাসের পঞ্চদশ দিন হবে প্রভুর উদ্দেশে খামিরবিহীন রুটি পর্ব। তখন সাত দিন ধরে তোমরা খামিরবিহীন রুটি খাবে। প্রথম দিনে একটা পবিত্র সভা অনুষ্ঠিত হবে; সেদিন তোমরা কোন ভারী কাজ করবে না।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
প্র আমাদের পাপের জন্যই তুমি হলে নিপীড়িত।
উ আমাদের প্রতি দয়া কর।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক,খ,গ। পবিত্র আত্মা * যীশুকে প্রান্তরে চালিত করলেন,
সেখানে তিনি যেন শয়তান দ্বারা পরীক্ষিত হন।
সেখানে চল্লিশদিন চল্লিশরাত অনাহারে থাকার পর
তিনি ক্ষুধার্ত হয়ে পড়লেন।

২য় সপ্তাহ

ক,খ,গ। আমাদের প্রভু যীশু খ্রীষ্ট * মৃত্যুকে বিনাশ করেছেন।
তাঁর মঙ্গলময়তার মাধ্যমে তিনি অনন্ত জীবনের কথা প্রচার করেছেন।

৩য় সপ্তাহ

ক। আমি * যে জল দেব,
সেই জল যে খাবে, তার আর কখনও তেষ্টা পাবে না।
খ। এই পবিত্রধাম * ভেঙে ফেলুন,
আমি তিন দিনের মধ্যে তা পুনরুত্তোলন করব;
একথা বললেন যীশু।
তিনি কিন্তু তাঁর নিজের দেহ-পবিত্রধামের কথাই বলছিলেন।
গ। আমি * তোমাদের পিতৃপুরুষদের পরমেশ্বর—বলছেন প্রভু;
আমার জনগণের দুর্দশা আমি দেখেইছি,
তাদের হাহাকারও শুনেছি।
তাই তাদের উদ্ধার করার জন্য নেমে এসেছি।

৪র্থ সপ্তাহ

ক। জগতের আদি থেকে * এমন কথা কখনও শোনা যায়নি যে,
জন্মান্ধ মানুষের চোখ কেউ খুলে দিয়েছে।
কেবল ঈশ্বরের পুত্র সেই খ্রীষ্টই তা করতে পেরেছেন।

খ। তোমাদের গুরু একজনমাত্র,
তিনি স্বর্গনিবাসী সেই খ্রীষ্ট প্রভু।

গ। পিতা, * আমি তোমার সামনে পাপ করেছি;
আমি তোমার ছেলে নামের আর যোগ্য নই।

৫ম সপ্তাহ

ক। আমাদের বন্ধু লাজার * ঘুমিয়ে পড়েছে,
আমি কিন্তু তাকে জাগিয়ে তুলতে যাচ্ছি।

খ। তোমাদের সঙ্গে * আমি নতুন এক সন্ধি স্থাপন করব:
আমি হব তোমাদের পরমেশ্বর আর তোমরা হবে আমার জনগণ।

গ। যীশু * আনত হয়ে মাটিতে লিখতে লাগলেন—
তোমাদের মধ্যে যে নিষ্পাপ, সে-ই প্রথমে একে পাথর ছুড়ে মারুক।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের জন্য এই মুক্তিকাল অর্জন করেছেন, আসুন, আমাদের মুক্তিদাতা সেই ধন্য যীশুখ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করে বলি:

প্রভু, আমাদের অন্তরে নবীন আত্মা সঞ্চার কর।

-হে জীবনদাতা, দীক্ষাস্নানে আমরা তোমার সঙ্গে সমাহিত হয়েছি যেন তোমার সঙ্গে মৃত্যু থেকে পুনরুত্থান করতে পারি। এদিনে আমাদের চালিত কর নবজীবনের পথে।

-একসময় তুমি সকলের মঙ্গল করে সর্বত্রই যেতে। সকলের মঙ্গলের জন্য চিন্তাশীল হতে আমাদের সাহায্য কর।

-অন্যান্য মানুষের সঙ্গে সুষ্ঠু মানবসমাজ গড়ে তোলার জন্য আমাদের সহায়তা কর। তোমার আশীর্বাদে আমরা যেন এই কাজে ঐশরাজ্যের কথা ভুলে না যাই।

-তুমি তো দেহ ও মনের আরোগ্যদাতা—নিরাময় কর আমাদের ভগ্ন দীর্ণ প্রাণ। তোমার পবিত্রতা দানে আমাদের আশিসধন্য কর।

২য়, ৪র্থ সপ্তাহ

-যাঁর প্রেম অসীম, যাঁর কৃপা চিরস্থায়ী, আসুন, যীশুখ্রীষ্টের মাধ্যমে সেই ধন্য পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি:

আমাদের অন্তরে জ্বালাও তোমার প্রেমের আগুন।

-হে প্রেমময় পিতা, এদিনে আমরা যেন পুণ্য কাজকর্মে ফলবান হতে পারি, প্রতিবেশীর কাছে যেন নিজেদের বিলিয়ে দিতে পারি।

-যেমন একদিন তুমি জলপ্লাবনে একটি নৌকার মধ্য দিয়ে নোয়াকে বাঁচিয়েছিলে, তেমনি আজ দীক্ষাস্নানে মণ্ডলীর মধ্য দিয়েই আমাদের দীক্ষাপ্রার্থী ভাইবোনদের মুক্তিদান কর।

-আমরা শুধু বাহ্যিক খাদ্য দ্বারা নয়, তোমার মুখনিঃসৃত বাণী দ্বারাও যেন সঞ্জীবিত হই।

-যত ঝগড়া-বিবাদ থেকে মুক্তি পেতে আমাদের সাহায্য কর, আমরা সকলে যেন তোমার শান্তি ও প্রেমের বন্ধনে আবদ্ধ হয়ে আনন্দ করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **১ থে ৪:১,৭**

ভাই, মিনতি করি, ও প্রভু যীশুতে তোমাদের অনুরোধ করি: তোমরা আমাদের কাছ থেকে শিক্ষা পেয়েছ ঈশ্বরকে প্রসন্ন করার জন্য তোমাদের কীভাবে চলা উচিত—তোমরা সেইভাবেই তো চলছ; তবু এবিষয়ে আরও বেশি উন্নতিশীল হও, কারণ ঈশ্বর অশুচি হবার জন্য নয়, পবিত্র হবার জন্যই আমাদের আহ্বান করেছেন।

৫ম সপ্তাহ **২ করি ৪:১০-১১**

আমরা সর্বদা সর্বস্থানে নিজেদের দেহে যীশুর মৃত্যু বহন করে চলি, যেন যীশুর জীবনও আমাদের এই দেহে প্রকাশিত হয়। কেননা আমরা জীবিত হয়েও যীশুর খাতিরে সর্বদাই মৃত্যুর হাতে সমর্পিত হয়ে চলেছি, যেন যীশুর জীবনও আমাদের এই মরদেহে প্রকাশিত হয়।

℣ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;
℟ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৩০:১৫,১৮**

প্রভু পরমেশ্বর, ইস্রায়েলের সেই পবিত্রজন একথা বলছেন: 'মন ফেরানো ও শান্ত থাকায়ই তোমাদের পরিত্রাণ। চুপচাপ থাকা ও ভরসা রাখায়ই তোমাদের শক্তি।' তবুও প্রভু তোমাদের প্রতি সদয় হবার জন্য প্রতীক্ষা করছেন; তোমাদের প্রতি নিজের স্নেহ দেখাবার জন্য উন্নীত হচ্ছেন; কেননা প্রভু সুবিচারেরই পরমেশ্বর। সুখী তারা, যারা তাঁর প্রতীক্ষায় আছে!

৫ম সপ্তাহ **১ পি ৪:১৩-১৪**

প্রিয়জনেরা, যতখানি তোমরা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী হচ্ছ, ততখানি আনন্দিত হও, যেন তাঁর গৌরবপ্রকাশের সময়ে আনন্দিত ও উল্লসিত হতে পার। খ্রীষ্টের নামের জন্য যদি তোমাদের অপমান করা হয়, তাহলে তোমরা সুখী, কারণ তখন ঈশ্বরেরই আত্মা, গৌরবের সেই আত্মা তোমাদের উপরে অধিষ্ঠিত।

℣ আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;
℟ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ৪:২৯-৩১**

যদি তুমি তোমার পরমেশ্বর প্রভুর অন্বেষণ কর, তবে তাঁকে পাবে—সমস্ত হৃদয় দিয়ে ও সমস্ত প্রাণ দিয়ে তাঁর সন্ধান করলেই পাবে। সঙ্কটের মধ্যে থেকে যখন এই সমস্ত তোমার প্রতি ঘটবে, তখন, সেই চরম দিনগুলিতে, তুমি তোমার পরমেশ্বর প্রভুর কাছে ফিরবে ও তাঁর প্রতি বাধ্য হবে, কেননা তোমার পরমেশ্বর প্রভু স্নেহশীল ঈশ্বর; তিনি তোমাকে ত্যাগ করবেন না, এবং শপথ করে তোমার পিতৃপুরুষদের কাছে যে সন্ধি করেছেন, তা

ভুলে যাবেন না।

৫ম সপ্তাহ **১ পি ৫:১০-১১**

সকল অনুগ্রহ দানকারী ঈশ্বর, যিনি খ্রীষ্টে আপন চিরন্তন গৌরবলাভের উদ্দেশে তোমাদের আহ্বান করেছেন, তিনি নিজেই এই ক্ষণস্থায়ী যন্ত্রণাভোগের পর তোমাদের পুনঃপ্রতিষ্ঠিত, সুস্থির, সবল ও স্থিতমূল করে তুলবেন। প্রতাপ তাঁরই, চিরদিন চিরকাল। আমেন।

℣ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি;
℟ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

২য় সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **১ করি ৯:২৪-২৫**

তোমরা কি এই কথা জান না যে, ক্রীড়াঙ্গনে যারা দৌড়োয়, তারা সকলেই দৌড়োয় বটে, কিন্তু মাত্র একজন পুরস্কার পায়? তোমরা এমনভাবেই দৌড়োও যেন সেই পুরস্কার পাও। প্রত্যেক প্রতিযোগী সবরকম আত্মসংযম অভ্যাস করে থাকে; তারা তা করে একটা ক্ষয়শীল মুকুট পাবার জন্য, আমরা কিন্তু অক্ষয়শীল একটা মুকুট পাবার জন্য।

৫ম সপ্তাহ **শিষ্য ১৩:২৬-৩০ক**

ভাই সকল, পরিত্রাণের এই বাণী আমাদেরই কাছে প্রেরিত হয়েছে। কেননা যেরুসালেমের অধিবাসীরা ও তাদের সমাজনেতারা তাঁকে না জানায়, এবং প্রতি সাব্বাৎ দিনে নবীদের যে বাণী পাঠ করা হয় তাও না জানায়, তাঁকে দন্ডিত ক'রে সেই সমস্ত বাণী পূর্ণ করে তুলেছে। প্রাণদন্ড দেওয়ার মত কোন দোষ না পেয়েও তারা পিলাতের কাছে তাঁকে হত্যা করার আবেদন জানাল। তারপর, তাঁর সম্বন্ধে যা কিছু লেখা ছিল, তা সিদ্ধ করার পর তারা সেই গাছ থেকে নামিয়ে তাঁকে এক সমাধির মধ্যে রেখে দিল। কিন্তু ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করে তুললেন।

শ্লোক

℣ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ হে খ্রীষ্ট, আমাদের কাতরকণ্ঠের যাচনা গ্রহণ কর;
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ শোন, প্রভু, আমাদের দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক,খ,গ। আমাদের উপর * তোমার সতর্ক দৃষ্টি রাখ,
ওগো সনাতন পরিত্রাতা,
সেই ধূর্ত প্রলুব্ধকারী শয়তান যেন আমাদের গ্রাস না করে।
তুমি যে হলে আমাদের চিরকালীন সহায়।

২য় সপ্তাহ

ক,খ,গ। এই দিব্য দর্শনের কথা * তোমরা কাউকেই বলো না,
যতদিন না মানবপুত্র মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেন।

৩য় সপ্তাহ

ক।　　প্রভু, * দেখতে পাচ্ছি, আপনি একজন নবী।
আমাদের পিতৃপুরুষেরা এই পর্বতে উপাসনা করতেন।
খ।　　এখান থেকে * ওই সমস্ত সরিয়ে নিয়ে যাও।
আমার পিতার গৃহকে একটা বাজারে পরিণত করো না।
গ।　　হে প্রভু, * আমার বা আমার পিতামাতার অপরাধ মনে রেখো না;
আমার সকল পাপের প্রতিশোধও নিয়ো না।

৪র্থ সপ্তাহ

ক।　　যীশু নামে সেই মানুষ * কাদা তৈরি করে আমার চোখে তা মাখিয়ে দিলেন,
আর আমি এখন চোখে দেখতে পাচ্ছি।
খ।　　যে কেউ * আমার অনুসরণ করে, সে অন্ধকারে চলবে না,
কিন্তু জীবনের আলো পাবে।
গ।　　বৎস, * তুমি তো সবসময়ই আমার সঙ্গে আছ আর যা কিছু আমার,
তা সবই তোমার।
কিন্তু ফুর্তি ও আনন্দ করা সমীচীন হয়েছে,
কারণ তোমার এই ভাই মৃতই ছিল, আর এখন বেঁচে উঠেছে;
হারানোই ছিল, আর এখন তাকে পাওয়া গেছে।

৫ম সপ্তাহ

ক,খ,গ। আমাকে * যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
তখন নিজের কাছে সকলকে আকর্ষণ করব।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি তাঁর মনোনীত জাতিকে সনাতন বাণী দ্বারা নবজন্মের দিকে চালিত করেছেন, আসুন, অনুগত সন্তান আমরা সেই ধন্য পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, দয়া কর।

-হে দয়াময় ঈশ্বর, তোমার জনগণের জন্য আমাদের প্রার্থনা শোন: তারা নশ্বর খাদ্যের জন্য নয়, তোমার ঐশবাণীর জন্যই ক্ষুধিত হোক।

-জাতি-ধর্ম নির্বিশেষে সকলকেই ভালবাসতে আমাদের শেখাও; কৃপা কর, যেন সকলের মঙ্গল ও শান্তির জন্য কাজ করতে পারি।

-যাঁরা দীক্ষাস্নানের মধ্য দিয়ে নবজন্ম গ্রহণ করতে যাচ্ছেন, তাঁদের বলবান করে তোল, তাঁরা যেন তোমার পবিত্র আত্মার মন্দিরের জীবন্ত প্রস্তর হয়ে উঠতে পারেন।

-আমাদের সকল পরলোকগত ভাইবোন যেন আশা নিয়েই বিচারকর্তা খ্রীষ্টের সামনে দাঁড়াতে পারেন; তোমার শ্রীমুখ দর্শনে তাঁরা যুগযুগ ধরে আনন্দিত হোন।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি আমাদের সদ্‌গুরু, যিনি আমাদের শীর্ষপতি, সেই ধন্য যীশুখ্রীষ্ট আমাদের ঘরে এসেছিলেন সকলের সেবা করতে, সকলের মঙ্গল করতে। আসুন, বিনম্রতা ও ভরসার সঙ্গে তাঁর কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, আমাদের দেখতে এসো।

-যারা তোমার পালক-ভূমিকার অংশীদার, তোমার মণ্ডলীর সেই সকল বিশপ ও পুরোহিতদের কাছে কাছেই থেকো, তাঁরা যেন তোমার পরিচালনায় তোমার জনগণকে পিতার গৃহে পৌঁছিয়ে দিতে পারেন।

-তোমার স্বর্গদূতেরা পথযাত্রীদের সঙ্গে থাকুন, তাঁরা সকলে যেন আত্মা ও শরীরে সুস্থ হয়ে থাকেন।

-প্রতিবেশীর প্রয়োজনীয়তা দেখে নিজেদের বিলিয়ে দিতে আমাদের শেখাও, আমরা যেন তোমারই মত হতে

পারি—তুমি যে সেবা আদায় করতে নয়, সেবা করতেই এসেছিলে।

-মানবসমাজ যেন সত্যকার প্রেম ও শান্তির বন্ধনে একতাবদ্ধ হয়; যত যুদ্ধ-সংগ্রাম শেষ হোক, সকলে যেন পারস্পরিক সেবায় নিয়োজিত থাকেন।

-আমাদের পরলোকগত ভাইবোনদের প্রতি দয়া কর। তাঁদের সকলকে তোমার মহিমাদর্শনে উন্নীত কর।

সোমবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে আমাদের ত্রাণেশ্বর, তোমার কাছে আমাদের আবার ফিরিয়ে আন, তোমার স্বর্গীয় প্রজ্ঞা দানে আমাদের মন উদ্বুদ্ধ কর, এ তপস্যাকালীন সাধনা যেন আমাদের জীবনে সার্থকতা এনে দিতে পারে।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, তুমি আমাদের শিক্ষা দিয়েছ, আত্মা নিরাময়ের লক্ষ্যে আমরা ত্যাগস্বীকারের মধ্য দিয়ে দেহ দমন করব। আশীর্বাদ কর: আমরা যেন সমস্ত পাপকর্ম ত্যাগ করতে সক্ষম হয়ে উঠি, আমাদের অন্তরও যেন তোমার প্রেমের আজ্ঞা পালনের জন্য শক্তি লাভ করে।

৩য় সপ্তাহ: হে প্রভু, তোমার অবিরত দয়া দানে তোমার মণ্ডলীকে শুদ্ধ ও বলবান করে তোল। তোমাকে ছাড়া আমরা যখন পরিত্রাণ পেতে অক্ষম, তখন তোমার অনুগ্রহ দানে আমাদের নিয়তই প্রতিপালন কর।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, তুমি তোমার অপূর্ব সাক্রামেন্ত-ধারার প্রভাবে জগৎকে নিত্য নবায়িত করে থাক। আশীর্বাদ কর: দৈনন্দিন জীবনে তোমার সহায়তা থেকে বঞ্চিত না হয়ে তোমার মণ্ডলী যেন তোমার প্রতিষ্ঠিত স্বর্গীয় শুভদানগুলো দ্বারা উত্তরোত্তর সুগঠিত হতে পারে।

৫ম সপ্তাহ: হে ঈশ্বর, তোমার অনির্বচনীয় অনুগ্রহ লাভেই আমরা আশিসধন্য। আশীর্বাদ কর, তোমার অনুগ্রহে জীর্ণতা থেকে নবীনতায় উত্তীর্ণ হয়ে আমরা যেন স্বর্গীয় রাজ্যের গৌরব লাভের যোগ্য হতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব *প্র* আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর।

উ আমি যে একাই, আমি যে দুঃখী।

২য় পর্ব *প্র* মনপরিবর্তন কর, সুসমাচারে বিশ্বাস কর!

উ ঈশ্বরের রাজ্য যে কাছে এসে গেছে।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যাত্রা ১৯:৪-৬ক**

তোমরা নিজেরাই দেখেছ কীভাবে আমি ঈগলের ডানায়ই তোমাদের বহন করে আমার কাছে নিয়ে এসেছি। এখন, তোমরা যদি আমার প্রতি সম্পূর্ণ বাধ্য হয়ে আমার সন্ধি পালন কর, তবে সকল জাতির মধ্যে তোমরাই হবে আমার নিজস্ব অধিকার, কেননা সমস্ত পৃথিবী আমার! আর আমার কাছে তোমরা হবে এক যাজকীয় রাজ্য, এক পবিত্র জনগণ।

৫ম সপ্তাহ **যেরে ১১:১৯-২০**

আমি ছিলাম তেমন বাধ্য মেষশাবকের মত যাকে জবাইখানায় নিয়ে যাওয়া হচ্ছে; জানতাম না যে, তারা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে বলছিল: 'এসো, গাছটা সতেজ থাকতেই ধ্বংস করি, জীবিতের দেশ থেকে তাকে

উচ্ছেদ করি, যেন এর নাম আর কারও মনে না থাকে।' কিন্তু তুমি, হে সেনাবাহিনীর প্রভু, তুমি তো ন্যায়বিচার করে থাক; তুমি তো মানুষের অন্তর ও প্রাণ যাচাই করে থাক। আমি যেন দেখতে পাই তাদের উপর তোমার প্রতিশোধ! কারণ আমি তোমারই হাতে তুলে দিয়েছি আমার পক্ষ সমর্থনের ভার।

শ্লোক

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℣ মিথ্যাবাদী জিহ্বা থেকে
℟ তিনিই আমাকে উদ্ধার করবেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: এসো, * আমার পিতার আশীর্বাদের পাত্র যে তোমরা,
জগৎপত্তনের সময় থেকে যে রাজ্য তোমাদের জন্য প্রস্তুত করা হয়েছে,
তা উত্তরাধিকাররূপে গ্রহণ কর।
২য় সপ্তাহ: তোমাদের পরম পিতা * যেমন দয়াবান,
তোমরাও তেমনি দয়াবান হও।
৩য় সপ্তাহ: আমি * তোমাদের সত্যি বলছি,
কোন নবী নিজের দেশে স্বীকৃতি পান না।
৪র্থ সপ্তাহ: একজন রাজকর্মচারী * প্রভুকে মিনতি করে বললেন:
আসুন, আমার অসুস্থ ছেলেকে সারিয়ে তুলুন।
৫ম সপ্তাহ: যে কেউ * আমার অনুসরণ করে, সে অন্ধকারে চলবে না,
কিন্তু জীবনের আলো পাবে।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আপন মৃত্যুর মধ্য দিয়ে আমাদের জন্য পরিত্রাণের পথ উন্মুক্ত করেছেন, আসুন, আমাদের পরিত্রাতা সেই ধন্য যীশুখ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, জীবনের পথে আমাদের চালিত কর।

-দীক্ষাস্নানের মাধ্যমে তুমি আমাদের নবজীবন দিয়েছ। আশীর্বাদ কর, আমরা যেন দিনে দিনে তোমার সাদৃশ্যে অধিক সদৃশ হয়ে উঠি।

-সাহায্য কর, আমরা যেন অসহায় অভাবগ্রস্তদের কাছে আনন্দ দিতে পারি; তাদের সাহায্যদানে আমরা যেন তোমারই প্রতি আকর্ষিত হই।

-যা ন্যায্য, যা মঙ্গলকর, তাই করতে আমাদের সহায়তা কর। আমাদের কাজকর্মের মাধ্যমে আমরা যেন সমস্ত হৃদয় দিয়ে তোমার অন্বেষণ করি।

-আমরা কতবারই না আমাদের ভাইবোনদের দুঃখ দিয়েছি, কতবারই না তোমার পরিবারের একতা রক্ষা করতে পারিনি। আমাদের এসব অবহেলা মার্জনা কর।

২য়, ৪র্থ সপ্তাহ

তপস্যাকালের এদিনে যিনি স্তুতি-বলি উৎসর্গ করতে আমাদের অনুগ্রহ করেছেন, আসুন, সেই ধন্য পিতা ঈশ্বরের স্নেহের উপর নির্ভর করে প্রার্থনা করি।

হে প্রভু, আমাদের মন উদ্দীপিত কর।

-হে দয়া ও প্রতাপের ঈশ্বর, আমাদের দান কর প্রার্থনা ও মনপরিবর্তনের মনোভাব, আমরা যেন তোমার জন্য ও মানবজাতির জন্য নিজেদের নিবেদন করতে পারি।

-আমরা যেন খ্রীষ্টেই সবকিছু নবীভূত করে তুলতে পারি, জগতে যেন ন্যায় ও শান্তি প্রতিষ্ঠা করতে পারি, এজন্য তুমি আমাদের সাহায্য কর।

-সমগ্র সৃষ্টির প্রতিটি প্রাণীর নামে আমরা তোমাকে ধন্যবাদ জানাই। তোমার সহায়তায় আমরা যেন তোমার অপরূপ সৃষ্টিকার্যকে উপযুক্ত মর্যাদা দিতে পারি।

-আমরা কতবার গরিবদের মধ্যে তোমার পুত্র যীশুকে চিনতে পারলাম না। আমাদের এ দুর্বলতা ক্ষমা করে আমাদের অন্তরে সঞ্চার কর সহৃদয়তা-ভাব।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **প্রজ্ঞা ১১:২৩-২৪**

হে প্রভু, তুমি সকলের প্রতি দয়াময়, কারণ তোমার পক্ষে সবই সাধ্য; তুমি মানুষের পাপ দেখেও দেখ না, সে যেন অনুতাপ করে। কেননা যা কিছু আছে, তুমি সেইসব ভালবাস; যা কিছু গড়েছ, সেগুলোর তুমি কিছুই ঘৃণা কর না।

৫ম সপ্তাহ **এজে ৩৩:১০,১১ক**

আমাদের যত অন্যায়, যত পাপের ভার আমাদের উপরেই রয়েছে, ফলে আমরা ক্ষয় হয়ে যাচ্ছি! কী করে বাঁচব? আমার জীবনের দিব্যি—প্রভু পরমেশ্বরের উক্তি—দুর্জনের মৃত্যুতে আমি প্রীত নই; বরং সে যে নিজের পথ থেকে ফিরে বাঁচে, এতেই আমি প্রীত।

℣ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;

℟ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **এজে ১৮:২৩**

আমি কি দুর্জনের মৃত্যুতে প্রীত?—প্রভু পরমেশ্বরের উক্তি—বরং সে যে তার পথ থেকে ফিরে বাঁচে, এতেই কি আমি প্রীত নই?

৫ম সপ্তাহ **যেরে ১৮:২০খ**

মনে রেখ, তাদের উপর থেকে তোমার ক্রোধ দূর করার জন্য আমি তোমার সামনে দাঁড়িয়ে তাদের পক্ষে কথা বলতাম।

℣ আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;

℟ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৫৮:৭**

ক্ষুধিতের সঙ্গে তোমার খাবার ভাগ করে নাও ; গৃহহীন দীনহীনকে আশ্রয় দাও ; মানুষের প্রতি বিমুখ হয়ো না।

৫ম সপ্তাহ **যেরে ৩১:২,৩খ-৪ক**

প্রভু একথা বলছেন : 'যে জনগণ খড়্গা থেকে রেহাই পেয়েছে, তারা প্রান্তরেই অনুগ্রহ পেয়েছে ; ইস্রায়েল এবার তার বিশ্রামস্থানের দিকে এগিয়ে যাচ্ছে। চিরকালীন ভালবাসায় তোমাকে ভালবেসেছি বলেই আমি এখনও তোমার উপর কৃপা প্রসারিত করছি। আমি তোমাকে পুনর্নির্মাণ করব আর তুমি, ইস্রায়েল-কুমারী, পুনর্নির্মিত হবে।'

℣ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি ;

℟ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **রো ১২:১-২**

ভাই, ঈশ্বরের শত করুণার খাতিরেই আমি তোমাদের অনুরোধ করছি, তোমরা নিজেদের দেহ উৎসর্গ কর এক জীবন্ত, পবিত্র, ঈশ্বরের গ্রহণীয় যজ্ঞরূপে—এই তো তোমাদের চেতনাপূর্ণ উপাসনা। তোমরা এই যুগধর্মের অনুরূপ হয়ো না, বরং মনের নবীকরণ দ্বারা নিজেদের রূপান্তরিত কর, যেন নির্ণয় করতে পার ঈশ্বরের ইচ্ছা কী—কীইবা শ্রেয়, গ্রহণীয় ও নিখুঁত।

৫ম সপ্তাহ **রো ৫:৮-৯**

ঈশ্বর আমাদের প্রতি তাঁর ভালবাসা প্রমাণ করছেন, কেননা আমরা যখন পাপী ছিলাম, তখনই খ্রীষ্ট আমাদের জন্য মরলেন। সুতরাং এখন তাঁর রক্তে আমরা যখন ধর্মময় হয়ে উঠেছি, তখন ঐশক্রোধ থেকে যে তাঁরই দ্বারা পরিত্রাণ পাব, তা আরও কতই না সুনিশ্চিত।

শ্লোক

℣ আমি বলেছি : প্রভু, আমাকে দয়া কর ; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

℟ আমি বলেছি : প্রভু, আমাকে দয়া কর ; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

℣ নিরাময় কর আমার প্রাণ ;

℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমি বলেছি : প্রভু, আমাকে দয়া কর ; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : প্রভু বলছেন : * আমার এই ক্ষুদ্রতম ভাইদের একজনেরও প্রতি যা কিছু করেছ,
তা আমারই প্রতি করেছ।

২য় সপ্তাহ : তোমরা বিচার করো না,
যেন নিজেরা বিচারাধীন না হও।
কেননা যে বিচারে তোমরা বিচার কর,
সেই একই বিচারে তোমাদেরও বিচার করা হবে।

৩য় সপ্তাহ : তাদের মাঝখান দিয়ে * সোজা হেঁটে গিয়ে
যীশু সেখান থেকে চলে গেলেন।

৪র্থ সপ্তাহ: ছেলেটির বাবা * বুঝতে পারলেন যে,
ঠিক সেই সময়েই যীশু তাঁকে বলেছিলেন:
আপনার ছেলে বেঁচে থাকবে,
আর তিনি নিজে ও তাঁর সমস্ত পরিবার-পরিজনেরা বিশ্বাসী হলেন।
৫ম সপ্তাহ: আমি * নিজের বিষয়ে নিজেই সাক্ষ্য দিই,
আর যিনি আমাকে পাঠিয়েছেন, সেই পিতাও আমার বিষয়ে সাক্ষ্য দেন।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি তাদের পাপ থেকে তাঁর আপন জাতিকে মুক্ত করেছেন, আসুন, আমাদের সেই প্রভু যীশুখ্রীষ্টকে ডাকি:

দাউদসন্তান যীশু, আমাদের দয়া কর।

-হে খ্রীষ্ট প্রভু, তোমার মণ্ডলীর পবিত্রতার জন্য তুমি নিজেকে বিলীন করে দিয়েছিলে। তপস্যা ও মনপরিবর্তনের মাধ্যমে এবারও তাকে শুচিশুভ্র করে তোল।

-হে সদ্‌গুরু, প্রত্যেকটি যুবক-যুবতীর জন্য তুমি এক বিশেষ পথ প্রস্তুত করে রেখেছ। তোমার অনুগ্রহে তারা যেন সেই পথে দায়িত্বের সঙ্গেই চলে।

-তুমি সবসময়ই অসুস্থদের সান্ত্বনা দিতে। আশীর্বাদ কর, আমরাও যেন তাদের প্রতি তোমার মতই যত্নশীল হতে পারি।

-দীক্ষাস্নান প্রতিষ্ঠায় তুমি আমাদের পরম পিতার সন্তান করে তুলেছ। আমরা যেন ঈশ্বরের সন্তানসুলভ আচরণে জীবনযাপন করতে পারি।

-পরলোকগত ভক্তদের অনন্ত শান্তি ও স্বর্গীয় মহিমা দান কর। আমরাও যেন একদিন তাঁদের সঙ্গে তোমার রাজ্যের সহভাগী হতে পারি।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি আপন সন্তানদের মিনতি কান পেতে শোনেন, যিনি তাদের যাচনা সকল পূরণ করেন, আসুন, সেই পরম পিতাকে ডাকি:

হে প্রভু, দয়া কর।

-তুমি সিনাই পর্বতে মোশীর কাছে তোমার বিধান দিয়েছিলে, আবার খ্রীষ্টের মাধ্যমেই তার পূর্ণতা সাধন করেছিলে। সেই বিধান তুমি আমাদের অন্তরেই লেখ, আমরা যেন তোমার সন্ধি বিশ্বস্তভাবে পালন করতে পারি।

-এমন সমাজকে গড়ে তুলতে আমাদের সাহায্য কর, যেখানে সকলে একে অপরকে যত্ন করবে, যেখানে আমরা সকলের মঙ্গলের জন্য কাজ করব।

-বাণীপ্রচারকদের উৎসাহ দান কর, যেন সমস্যার সম্মুখীন হয়েও তাঁরা সৎসাহসের সঙ্গে অখ্রীষ্টানদের কাছে তোমার প্রেমের বাণী ঘোষণা করেন।

-আমাদের ছোট ভাইবোনেরা যেন জ্ঞানে ও ঐশঅনুগ্রহে বলবান হয়ে ওঠে। যুবক-যুবতীরাও যেন তোমার পুণ্য প্রেমে এগিয়ে চলে।

-সকল পরলোকগত ব্যক্তিকে তোমার শান্তিতে গ্রহণ কর; তাঁদের দান কর অনন্ত জীবন।

মঙ্গলবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, তোমার এ পরিবারভুক্ত ভক্তদের দিকে মুখ তুলে চাও। আশীর্বাদ কর: দৈহিক সংযম ও ত্যাগস্বীকার অবলম্বন ক'রে আমাদের অন্তর যেন তোমাকে পাবার বাসনায় তোমার সাক্ষাতে উজ্জ্বল হয়ে ওঠে।

২য় সপ্তাহ: হে প্রভু, তোমার নিত্য প্রসন্নতা দ্বারা তোমার মণ্ডলীকে অনুক্ষণ রক্ষা কর। আশীর্বাদ কর: মানবীয়

দুর্বলতার কারণে যখন তোমাকে ছাড়া আমাদের দাঁড়াবার শক্তি নেই, তখন তোমার নিত্য সহায়তাই যেন যত অমঙ্গল থেকে আমাদের নিরাপদে রাখে ও পরিত্রাণ লাভের দিকে আমাদের চালিত করে।

৩য় সপ্তাহ: হে প্রভু, তোমার অনুগ্রহ থেকে আমরা যেন কখনও বঞ্চিত না হই; সেই অনুগ্রহ লাভে বিশ্বস্তভাবেই তোমার পুণ্য সেবা ক'রে আমরা যেন অনুক্ষণ তোমার সহায়তা অনুভব করতে পারি।

৪র্থ সপ্তাহ: হে প্রভু, পুণ্য ভক্তি-সাধনার ও দয়াকর্ম অনুশীলনের ফলে তোমার ভক্তদের হৃদয় উদ্দীপিত হোক, তারা যেন যথাযোগ্য অন্তরে পাস্কা-রহস্য বরণ করে নিতে পারে ও তোমার পরিত্রাণের শুভসংবাদ ঘোষণা করতে পারে।

৫ম সপ্তাহ: হে প্রভু, আশীর্বাদ কর, আমরা যেন তোমার ইচ্ছা পালনে নিষ্ঠাবান থাকি, যেন এই বর্তমান যুগে তোমার সেবায় নিয়োজিত এই জনগণ পুণ্যকর্ম সাধনে ও নব নব সন্তান লাভে বৃদ্ধি পেতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℟ তিনি তো করুণাময়;
℣ আমাদের পাপের প্রতি হবেন সদয়।

২য় পর্ব ℟ এই তো মঙ্গলজনক সময়;
℣ এই তো পরিত্রাণের দিন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যোয়েল ২:১২-১৩**

তোমরা সমস্ত হৃদয় দিয়ে, এবং উপবাস, কান্না ও বিলাপ—তেমন সাধনা করেই আমার কাছে ফিরে এসো। তোমাদের পোশাক নয়, হৃদয়ই ছিঁড়ে ফেল, তোমাদের পরমেশ্বর প্রভুর কাছে ফিরে এসো, তিনি যে দয়াবান, স্নেহশীল, ক্রোধে ধীর, কৃপায় ধনবান; অমঙ্গল সাধন করে তিনি দুঃখ পান।

৫ম সপ্তাহ **জাখা ১২:১০-১১ক**

আমি দাউদকুলের উপর ও যেরুসালেমের অধিবাসীদের উপর অনুগ্রহ ও মিনতির আত্মা বর্ষণ করব: তাই তারা তাকিয়ে দেখবে এই আমারই দিকে, যাঁকে তারা বিঁধিয়ে দিয়েছে। তাঁর জন্য তারা বিলাপ করবে যেমন একমাত্র পুত্রের জন্য বিলাপ করা হয়; তাঁর জন্য তারা শোক করবে যেমন প্রথমজাত পুত্রসন্তানের জন্য শোক করা হয়। সেদিন যেরুসালেমে বিরাজ করবে মহা বিলাপ।

শ্লোক

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℟ মিথ্যাবাদী জিহ্বা থেকে
℣ তিনিই আমাকে উদ্ধার করবেন।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : প্রভু, * আমাদের প্রার্থনা করতে শেখান,
যেমন যোহনও নিজের শিষ্যদের শেখালেন।

২য় সপ্তাহ : তোমাদের গুরু একজনমাত্র :
তিনি স্বর্গনিবাসী সেই খ্রীষ্ট প্রভু।

৩য় সপ্তাহ : প্রভু বললেন : * পিতর, আমি তোমাকে সাতবার ক্ষমা করতে বলছি না,
বরং সাতগুণ সাতবার।

৪র্থ সপ্তাহ : যিনি * আমাকে সুস্থ করেছেন, তিনিই আমাকে বলেছেন :
তোমার মাদুর তুলে নাও আর হেঁটে চল।

৫ম সপ্তাহ : তোমরা * যখন মানবপুত্রকে উত্তোলন করবে,
তখন জানতে পারবে যে, আমিই আছি।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি স্বর্গীয় রুটি রূপে নিজেকে দান করলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি :

হে জীবনের রুটি খ্রীষ্ট, আমাদের বলবান করে তোল।

-খ্রীষ্টের দেহরক্তের মিলনভোজে আমাদের পরিপুষ্ট কর, তোমার পাস্কা-বলিদানের দানগুলিতে আমাদের পরিপূর্ণ কর।

-আমাদের হৃদয়দুয়ার খুলে দাও, আমরা যেন তোমার বাণী গ্রহণ করে সহিষ্ণুতার মধ্য দিয়ে সুন্দর আত্মিক ফসল ফলাতে পারি।

-জগতের মঙ্গলের জন্য কাজ করার উৎসাহ দান কর, জগৎ যেন মণ্ডলীর শান্তির বাণী শুনতে পায়।

-স্বীকার করি, প্রভু, আমরা পাপ করেছি। তোমার পরিত্রাণদায়ী অনুগ্রহে আমাদের পাপ ক্ষমা কর।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি জীবনের রুটি বলে দেহধারী বাণী তাঁর আপন পুত্রকে আমাদের দান করেছেন, আসুন, সেই পরম পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করি :

খ্রীষ্টের বাণী আমাদের অন্তরে বিরাজ করুক।

-হে পিতা, আমরা যেন এই তপস্যাকালে তোমার কণ্ঠ শুনে খ্রীষ্টের সঙ্গে মৃত্যু থেকে জীবনেই উত্তীর্ণ হতে পারি। আমরা যেন আগামী পাস্কাপর্ব মহা আনন্দে ও ভক্তিভরে উদ্‌যাপন করতে পারি।

-তোমার আত্মার অনুসারী হয়ে জীবন যাপন করতে আমাদের প্রেরণা দান কর। অল্প বিশ্বাসী যাঁরা, তাঁদের পূর্ণ বিশ্বাসে চালিত করতে আমাদের সহায়তা কর।

-খ্রীষ্টের বাণী যেন আমাদের মন ও আত্মা দখল করে, যেন সেই বাণী আমাদের জীবনাচরণেই প্রকাশ পায়।

-এই পরিত্রাণদায়ী দিনগুলিতে তুমি তোমার ভক্তমণ্ডলীকে পরিশুদ্ধ কর, সে যেন জগতে তোমার উপস্থিতির জীবন্ত সাক্ষী হতে পারে।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যোয়েল ২:১৭**

বারান্দার ও বেদির মাঝখানে দাঁড়িয়ে প্রভুর পরিচারক যাজকেরা কাঁদতে কাঁদতে বলুক, 'হে প্রভু, তোমার

জনগণকে রেহাই দাও। তোমার উত্তরাধিকার বিজাতীয়দের টিটকারি ও উপহাসের পাত্র হবে, তেমন লজ্জায় তাকে ফেলে দিয়ো না।'

৫ম সপ্তাহ **১ করি ১:১৮-১৯**

যারা বিনাশপথে চলছে, তাদের কাছে ক্রুশের বাণী মূর্খতার নামান্তর; কিন্তু যারা পরিত্রাণ পাচ্ছি, সেই আমাদের কাছে তা ঈশ্বরের পরাক্রম। কারণ লেখা আছে: আমি ধ্বংস করে দেব প্রজ্ঞাবানের প্রজ্ঞা, ব্যর্থ করে দেব বুদ্ধিমানের বুদ্ধি।

℣ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;

℟ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই; বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যেরে ৩:২৫খ**

আমাদের যৌবনকাল থেকে আজকের দিন পর্যন্ত আমরা এবং আমাদের পিতৃপুরুষেরা আমাদের পরমেশ্বর প্রভুর বিরুদ্ধে পাপ করেছি, এবং আমাদের পরমেশ্বর প্রভুর কণ্ঠে কান দিইনি।

৫ম সপ্তাহ **১ করি ১:২২-২৪**

ইহুদীরা নানা চিহ্ন দেখবার দাবি করতে করতে ও গ্রীকেরা প্রজ্ঞার সন্ধান করতে করতে আমরা এমন ক্রুশবিদ্ধ খ্রীষ্টকে প্রচার করি, যিনি ইহুদীদের পক্ষে স্খলনের কারণ ও বিজাতীয়দের কাছে মূর্খতার নামান্তর; কিন্তু আহূত যারা—তারা ইহুদী হোক বা গ্রীক হোক—তাদের কাছে আমরা এমন খ্রীষ্টকে প্রচার করি, যিনি ঈশ্বরের পরাক্রম ও ঈশ্বরের প্রজ্ঞা।

℣ আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;

℟ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৫৮:১-২**

মুক্তকণ্ঠে চিৎকার কর, ক্ষান্ত হয়ো না কখনও; তুরির মত উচ্চধ্বনি তোল; আমার জনগণকে তাদের বিদ্রোহ-কর্মের কথা, যাকোবকুলকে তাদের পাপের কথা ঘোষণা কর। তারা দিনের পর দিন আমাকে খোঁজ করে থাকে, আমার পথগুলি জানতে বাসনা করে—তেমন এক দেশের মানুষের মত যারা ধর্মময়তা পালন করে, যারা তাদের আপন পরমেশ্বরের বিচার ত্যাগ করেনি।

৫ম সপ্তাহ **১ করি ১:২৫,২৭ক**

যা ঈশ্বরের মূর্খতা, তা মানুষের চেয়ে প্রজ্ঞাময় এবং যা ঈশ্বরের দুর্বলতা, তা মানুষের চেয়ে শক্তিশালী। জগতের যা মূর্খ, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন প্রজ্ঞাবানদের লজ্জা দেবার জন্য।

℣ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি;

℟ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যাকোব ২:১৪,১৭,১৮খ**

ভাইয়েরা, কেউ যদি বলে, তার বিশ্বাস আছে, অথচ তার যদি কর্ম না থাকে, তাহলে তাতে কী লাভ? তেমন বিশ্বাস কি তাকে ত্রাণ করতে পারবে? বিশ্বাসের যদি কর্ম না থাকে, তা একেবারে মৃত। আমাকে দেখাও কর্মহীন তোমার সেই বিশ্বাস, আর আমি আমার কর্মের মধ্য দিয়ে তোমাকে আমার বিশ্বাস দেখাব।

৫ম সপ্তাহ **১ করি ১:২৭খ-৩০**

জগতের যা দুর্বল, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন, যা শক্তিশালী, তা লজ্জা দেবার জন্য; এবং জগতের যা হীন, অবজ্ঞাত, যার কোন অস্তিত্ব নেই, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন, যার অস্তিত্ব আছে, তা নস্যাৎ করে দেবার জন্য, যেন কোন মর্তমানুষ ঈশ্বরের সামনে গর্ববোধ করতে না পারে। তাঁরই জন্যে তোমাদের সেই খ্রীষ্টযীশুতে একটা অস্তিত্ব আছে, যিনি আমাদের জন্য হয়ে উঠেছেন ঈশ্বর থেকে আগত প্রজ্ঞা—অর্থাৎ ধর্মময়তা, পবিত্রতা ও মুক্তি।

শ্লোক

℣ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ নিরাময় কর আমার প্রাণ;
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: তুমি যখন প্রার্থনা কর, * তখন তোমার নিজের কক্ষে প্রবেশ কর,
আর দরজা বন্ধ করে তোমার পিতা, যিনি সেই গোপন স্থানে বিদ্যমান,
তাঁর কাছে প্রার্থনা কর।

২য় সপ্তাহ: তোমরা সকলে পরস্পরের ভাই। * এই পৃথিবীতে কাউকে
তোমাদের পিতা বলে সম্বোধন করো না,
কারণ তোমাদের পিতা একজনমাত্র, আর তিনি স্বর্গে রয়েছেন।
তোমরা নিজেদের পথদিশারী বলে ডাকতে দিয়ো না,
কারণ তোমাদের পথদিশারী একজনমাত্র, তিনি খ্রীষ্ট।

৩য় সপ্তাহ: নিজ ভাইকে * অন্তর থেকেই ক্ষমা করলে
তোমরা হবে স্বর্গস্থ পিতার ক্ষমার পাত্র।

৪র্থ সপ্তাহ: দেখ, * তুমি সুস্থ হয়ে উঠেছ। আর পাপ করো না,
পাছে তোমার আরও খারাপ-কিছু ঘটে।

৫ম সপ্তাহ: যিনি আমাকে পাঠিয়েছেন,
তিনি আমার সঙ্গে সঙ্গে আছেন;
আমাকে একা রেখে যাননি,
কেননা আমি সর্বদাই তাঁর মনোমত কাজ করে থাকি।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি বলেছিলেন, 'প্রলোভন জয় করার জন্য সতর্কতা ও প্রার্থনা খুবই প্রয়োজন,' আসুন, আগ্রহের সঙ্গে সেই খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করি:

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তুমি একদিন বলেছিলে, যারা তোমার নামে একত্রিত, তুমিও তাদের মাঝে উপস্থিত থাকবে। পবিত্র আত্মায় পিতার কাছে আমাদের এই উপাসনালগ্নে তুমি আমাদের এক করে তোল।

-পাপের যত কালিমা থেকে তোমার ভক্তমণ্ডলীকে পরিশুদ্ধ কর। স্বর্গরাজ্যের আশায় ও পবিত্র আত্মার শক্তিতে তাকে জীবন্ত করে তোল।

-প্রতিবেশীর প্রতি যত্নশীল হতে ও সকল মানুষের কাছে তোমার প্রেম নিবেদন করতে আমাদের সাহায্য কর, আমাদের দ্বারা যেন তোমার পরিত্রাণের আলো এই জগতে জ্বলতে পারে।

-হে শান্তিরাজ, তোমার শান্তি বিশ্বের শেষ প্রান্ত পর্যন্ত বিকশিত হোক, যেন সর্বত্রই সকল মানুষ তোমার উপস্থিতির লক্ষণ পেতে পারে।

-আমাদের মৃত ভাইবোনদের চিরন্তন শান্তিতে নিয়ে যাও; তাঁরা তোমার গৌরব ও অনন্ত জীবনের সহভাগী হোন।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি ক্রুশের উপরে উত্তোলিত হয়ে সকলকে নিজের কাছে আকর্ষণ করেন, আসুন, সেই প্রভু যীশুখ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, সমগ্র বিশ্ব তোমাকে পূজা করুক।

-তুমি তো ক্রুশের উপর থেকে বিশ্বের চারপ্রান্তে তোমার আলো বিকশিত কর। সকল মানুষ যেন তোমারই অনুসরণ করে—তুমি যে পথ, সত্য ও জীবন।

-যারা ন্যায়ের জন্য তৃষ্ণার্ত, তাদের দাও জীবনদায়ী জল, যেন তাদের তৃষ্ণা মিটে যায়।

-দার্শনিক, বৈজ্ঞানিক ও শিল্পীদের তোমার দিব্য আলোতে আলোকিত কর, তাঁরা যেন তাঁদের কাজের মধ্য দিয়ে সুসমাচার-বিস্তারে সহযোগিতা দান করতে পারেন।

-যারা নিজ দোষে বা অন্যান্যদের দ্বারা পদস্খলিত হয়ে তোমা থেকে দূরে সরে গেছে, তাদের অন্তরে এমন প্রেরণা জাগাও, তারা যেন তোমার কাছে ফিরে এসে তোমার প্রেমে আশ্রয় পেতে পারে।

-আমাদের সকল পরলোকগত ভাইবোনকে তোমার করুণা দেখাও, তাঁরা যেন ধন্যা মারীয়া ও নিখিল সাধুসাধ্বীর আনন্দের সহভাগী হতে পারেন।

বুধবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, প্রসন্ন হয়ে তোমার জনগণের ভক্তির প্রতি মুখ তুলে চাও। আশীর্বাদ কর: ত্যাগ-তপস্যায় দেহ সংযম করে যারা, তারা যেন শুভকর্ম সাধনের ফলে মনে প্রাণে নবায়িত হতে পারে।

২য় সপ্তাহ: হে প্রভু, শুভকর্ম-সাধনে তোমার পরিবারভুক্ত ভক্তদের উদ্বুদ্ধ করে রাখ; জীবনের যাত্রাপথে তাদের পাশে পাশে থাক, প্রসন্নতার সঙ্গে স্বর্গীয় মঙ্গলদানের দিকে তাদের চালিত কর।

৩য় সপ্তাহ: হে প্রভু, আশীর্বাদ কর: তপস্যাকালীন ত্যাগ-সংযম দ্বারা দীক্ষিত হয়ে ও তোমার বাণী দ্বারা পুষ্টি লাভ ক'রে আমরা যেন একাগ্রচিত্তে ও সমস্ত হৃদয় নিয়ে তোমার সেবা করতে পারি, প্রার্থনায় রত হয়ে একমন একপ্রাণ হয়ে উঠতে পারি।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, তুমি তো ধার্মিককে দান কর তার পুণ্যকর্মের পুরস্কার, অনুতপ্তকে দান কর পাপের ক্ষমা। তোমার দয়ায় আমাদের মিনতি গ্রহণ কর: আমাদের অপরাধ স্বীকারের ফলে আমরা যেন তোমার ক্ষমার পাত্র হয়ে পাপদণ্ড থেকে মুক্তি পেতে পারি।

৫ম সপ্তাহ: হে করুণাময় ঈশ্বর, ত্যাগ-তপস্যায় পবিত্রিত আমাদের অন্তরকে তোমার আলোয় উদ্ভাসিত কর। যাদের হৃদয়ে তুমি ভক্তিময় প্রেরণা সঞ্চার করেছ, তাদের মিনতি প্রসন্ন হয়ে গ্রহণ কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ আমি তোমাকে সদ্বিবেচনা দেব,

℟ তোমাকে দেখাব তোমার চলার পথ।

২য় পর্ব ℣ মন ফেরাও, তোমাদের যত অন্যায় প্রত্যাখ্যান কর;

℟ নিজেদের জন্য গড়ে তোল এক নতুন হৃদয়, এক নতুন আত্মা।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ৭:৬,৮-৯**

তুমি তোমার পরমেশ্বর প্রভুর উদ্দেশে পবিত্রীকৃতই এক জাতি: পৃথিবীর বুকে যত জাতি রয়েছে, তাদের মধ্য থেকে তোমার পরমেশ্বর প্রভু তাঁর নিজস্ব অধিকার হবার জন্য তোমাকেই বেছে নিয়েছেন। প্রভু তোমাদের ভালবাসেন এবং তোমাদের পিতৃপুরুষদের কাছে যে শপথ করেছেন তা তিনি রক্ষা করেন বলেই প্রভু শক্ত হাতে তোমাদের বের করে এনেছেন এবং দাসত্ব-অবস্থা থেকে, সেই মিশর-রাজ ফারাওর হাত থেকে তোমাদের পক্ষে মুক্তিকর্ম সাধন করেছেন। সুতরাং জেনে রেখ: তোমার পরমেশ্বর প্রভু যিনি, তিনিই পরমেশ্বর; তিনি বিশ্বস্ত ঈশ্বর; যারা তাঁকে ভালবাসে, যারা তাঁর আজ্ঞা পালন করে, সহস্র পুরুষ ধরেই তিনি তাদের সঙ্গে আপন সন্ধি ও কৃপা রক্ষা করেন।

৫ম সপ্তাহ **ইসা ৫০:৫-৭**

প্রভু পরমেশ্বর আমার কান উন্মুক্ত করেছেন; আর আমি প্রতিবাদ করিনি, পিছিয়ে যাইনি। যারা আমাকে মারছিল, তাদের দিকে পিঠ, যারা আমার দাড়ি ছিঁড়ে নিচ্ছিল, তাদের দিকে গাল পেতে দিলাম; অপমান ও থুথু থেকে মুখ ঢেকে রাখিনি। প্রভু পরমেশ্বর আমার সহায়তা করেন, এজন্যই আমি বিহ্বল হই না, এজন্যই পাথরের মতই কঠিন করে তুলেছি আমার মুখ। আমি জানি, আমাকে লজ্জিত হতে হবে না।

শ্লোক

℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

℣ মিথ্যাবাদী জিহ্বা থেকে

℟ তিনিই আমাকে উদ্ধার করবেন।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: এই প্রজন্মের মানুষ অসৎ:
এরা একটা চিহ্ন দেখবার দাবি করে,
কিন্তু যোনার চিহ্ন ছাড়া
আর কোন চিহ্ন এদের দেখানো হবে না।

২য় সপ্তাহ: মানবপুত্র * সেবা পেতে আসেননি, কিন্তু এসেছেন সেবা করতে,
ও অনেকের মুক্তিমূল্য রূপে নিজের প্রাণ দিতে।

৩য় সপ্তাহ :	তোমরা * মনে করো না যে,
আমি বিধান-পুস্তক বা নবী-পুস্তক বাতিল করতে এসেছি ;
আমি বাতিল করতে আসিনি,
পূর্ণই করতে এসেছি।
৪র্থ সপ্তাহ :	যে আমার বাণী শোনে,
ও যিনি আমাকে পাঠিয়েছেন তাঁকে বিশ্বাস করে,
সে অনন্ত জীবন পেয়ে গেছে।
৫ম সপ্তাহ :	তোমরা * যদি আমাকে ভালবাস
এবং আমার বাণীতে স্থিতমূল থাক,
তবেই তোমরা সত্যি আমার শিষ্য ;
আর তোমরা সত্যকে জানতে পারবে, ও সত্য তোমাদের মুক্ত করবে।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যাঁর মধ্যে আমরা নবসৃষ্টি হয়ে উঠেছি, প্রাক্তন ব্যবস্থা বিলীন হয়েছে এবং সবকিছুর নবীকরণ ঘটেছে, আসুন, আমাদের সেই ত্রাণকর্তা খ্রীষ্টের প্রশংসাবাদ করি :

হে প্রভু, তোমার আত্মায় আমাদের নবীভূত কর।

-তুমি নতুন আকাশ ও পৃথিবীর কথা দিয়েছিলে। পরমাত্মায় আমাদের নবীকৃত কর, আমরা যেন নতুন যেরুসালেমে গিয়ে চিরকাল ধরে তোমাতে আনন্দ করতে পারি।

-তুমি আমাদের আহ্বান করেছ আমরা যেন তোমার সঙ্গে এ জগৎকে নবীভূত করি। কৃপা কর, আমরা যেন ন্যায়, প্রেম ও শান্তিতে এক নব সমাজ গড়ে তুলতে পারি।

-আমাদের অলসতা দূর করে দিতে আমাদের সাহায্য কর, আমরা যেন সানন্দে তোমার দেওয়া শক্তি কাজে প্রয়োগ করতে পারি।

-সকল অনর্থ থেকে আমাদের রক্ষা কর, আমরা যেন নিত্যানিত্য বস্তু বিচারের যোগ্য বিবেক অর্জন করতে পারি।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি পবিত্র আত্মার মাধ্যমে আমাদের অন্তর পরিশুদ্ধ করেন এবং প্রেমে আমাদের বলবান করে তোলেন, আসুন, সেই পরম পিতার কাছে কৃতজ্ঞতা জানাই :

হে প্রভু, পবিত্র আত্মাকে আমাদের দান কর।

-তোমার বাণীই আমাদের জীবন ; কাজেই আমাদের জীবন যেন তোমার প্রতিটি বাণীতেই পরিপূর্ণ ও পরিপুষ্ট হয়ে ওঠে।

-যীশুর জীবনে তুমি প্রেমের পথ দেখিয়েছ। আমাদের দীক্ষিত কর, যেন জীবনের ছোট-বড় সকল ঘটনায় সেই পথ ধরেই চলতে পারি।

-আত্মত্যাগের মনোভাব আমাদের অন্তরে সঞ্চার কর। যত অভাবগ্রস্ত ভাইবোনকে সাহায্য করতে আমাদের অনুপ্রাণিত কর।

-কৃপা কর, আমরা যেন আমাদের দেহে তোমার পুত্রের যন্ত্রণাভোগের সাক্ষ্য বহন করতে পারি, যাতে আমাদের মধ্যে তাঁর অনন্ত জীবন প্রকাশ পায়।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো :	এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **এজে ১৮:৩০খ-৩২**

মন ফেরাও, তোমাদের যত অন্যায় প্রত্যাখ্যান কর, তখন সেই অন্যায় হবে না তোমাদের সর্বনাশের কারণ। তোমাদের সাধিত সমস্ত অন্যায় ছেড়ে নিজেদের মুক্ত কর; নিজেদের জন্য গড়ে তোল এক নতুন হৃদয়, এক নতুন আত্মা। হে ইস্রায়েলকুল, তোমরা কেন মরতে চাও? আমি তো কারও মৃত্যুতে প্রীত নই—প্রভু পরমেশ্বরের উক্তি। মন ফেরাও, তবেই বাঁচবে।

৫ম সপ্তাহ **১ তি ২:৪-৬**

আমাদের ত্রাণকর্তা ঈশ্বর চান, সকল মানুষ যেন পরিত্রাণ পায় ও সত্যের পূর্ণ জ্ঞানে পৌঁছতে পারে। কেননা ঈশ্বর এক, এবং ঈশ্বর ও মানুষের মধ্যে মধ্যস্থ এক—তিনি সেই মানুষ যীশুখ্রীষ্ট যিনি সকলের মুক্তিপণ হিসাবে নিজেকে দান করলেন। এই সাক্ষ্য তিনি নির্ধারিত সময়েই দান করলেন।

৺ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;

৺ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **জাখা ১:৩খ-৪খ**

আমার কাছে ফিরে এসো—সেনাবাহিনীর প্রভুর উক্তি—আমিও তোমাদের কাছে ফিরে আসব। হয়ো না তোমাদের পিতৃপুরুষদের মত, যাদের কাছে আগের নবীরা বলত: তোমাদের যত কুপথ, তোমাদের যত কুকর্ম ছেড়ে ফিরে এসো।

৫ম সপ্তাহ **রো ১৫:৩**

খ্রীষ্ট নিজেকে তুষ্ট করতে চেষ্টা করেননি; বরং যেমন লেখা আছে: 'যারা তোমাকে অপবাদ দেয়, তাদের সেই অপবাদ আমার উপরেই এসে পড়েছে।'

৺ আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;

৺ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **দা ৪:২৪খ**

দয়াধর্ম দ্বারা তোমার সমস্ত পাপ এবং দীনদুঃখীদের প্রতি দয়া দেখিয়েই তোমার যত অপরাধের প্রায়শ্চিত্ত কর; হয় তো তোমার শান্তিকাল প্রসারিত হবে।

৫ম সপ্তাহ **হিব্রু ৯:২৮**

বহুমানুষের পাপ বহন করার জন্য খ্রীষ্ট কেবল একবার, চিরকালের মত, নিজেকে উৎসর্গ করার পর, পাপের কথা বাদে আর একবার তাদের জন্য আবির্ভূত হবেন, যারা পরিত্রাণের জন্য তাঁর প্রতীক্ষায় আছে।

৺ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি;

৺ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ফিলি ২:১২খ-১৫ক**

তোমরা সভয়ে ও সকম্পে তোমাদের পরিত্রাণের সাধনা করে চল। কেননা তিনি নিজেই তোমাদের অন্তরে তাঁর মঙ্গলময় সঙ্কল্প অনুযায়ী ইচ্ছা ও কর্মক্ষমতা কার্যকারী করেন। গজগজ না ক'রে, কোন তর্ক না করেই সবকিছু কর যেন নিখুঁত ও সরল মানুষ হতে পার; কুটিল ও ভ্রষ্ট এক প্রজন্মের মানুষদের মধ্যে যেন হতে পার ঈশ্বরের অনিন্দনীয় সন্তান।

৫ম সপ্তাহ **এফে ৪:৩২–৫:২**

পরস্পরের প্রতি তোমরা উদারমনা ও সহৃদয় হও, পরস্পরকে ক্ষমা কর, যেমন ঈশ্বরও খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন। অতএব প্রিয় সন্তানের মত তোমরা ঈশ্বরের অনুকারী হও। ভালবাসায় চল, যেইভাবে খ্রীষ্টও আমাদের ভালবেসেছেন ও আমাদেরই জন্য ঈশ্বরের কাছে নৈবেদ্য ও সুরভিত বলিরূপে নিজেকে সঁপে দিয়েছেন।

শ্লোক

℣ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ নিরাময় কর আমার প্রাণ;
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যোনা * যেমন তিন দিন তিন রাত ধরে সেই অতিকায় মাছের পেটে থাকলেন,
তেমনি মানবপুত্রও তিন দিন তিন রাত ধরে পৃথিবী-গর্ভে থাকবেন।
২য় সপ্তাহ: মানবপুত্রকে * বিজাতীয়দের হাতে তুলে দেওয়া হবে,
তারা যেন তাঁকে বিদ্রূপ করে, কশাঘাত করে ও ক্রুশে দেয়।
৩য় সপ্তাহ: যে কেউ * ঈশ্বরের সকল আদেশ পালন করে ও শিখিয়ে দেয়,
তাকে স্বর্গরাজ্যে মহান বলে গণ্য করা হবে।
৪র্থ সপ্তাহ: আমি নিজে থেকে * কিছুই করতে পারি না।
আমি যেমন শুনি
তেমনি বিচারও করি,
আর আমার বিচার ন্যায্য।
৫ম সপ্তাহ: তোমাদের * যে সত্য বাণী শুনিয়েছে,
তোমরা কেন তাকে হত্যা করতে চাও?

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের সকল প্রয়োজন জানেন, সেই সর্বশক্তিমান ঈশ্বরের জয়! তিনি কিন্তু চান, আমরা তাঁর রাজ্য-প্রতিষ্ঠায় প্রাধান্য দিই। আসুন, আমাদের প্রার্থনায় তাঁর মাহাত্ম্য স্বীকার করি:

তোমার ন্যায়রাজ্যের আগমন হোক।

-হে পবিত্রতম পিতা, তুমি খ্রীষ্টকে আমাদের প্রকৃত মেষপালকরূপে দিয়েছ। তোমার কৃপায় তোমার জনসমাজ যেন খ্রীষ্টের মত প্রেমময় ও যত্নবান পালক পেতে পারে।

-অসুস্থদের প্রতি যত্নশীল হতে সকল খ্রীষ্টানদের শেখাও, তারা যেন তাদের দেখে তোমার পুত্রকেই দেখতে ও

সেবা করতে পারে।

-যীশুর শুভসংবাদে যাঁরা এখনও বিশ্বাসী নন, খ্রীষ্টমণ্ডলীতে যোগ দিতে তাঁদের প্রেরণা দান কর। মণ্ডলী হোক তোমার প্রেম দেখবার জন্য একটি উত্তম স্থান।

-স্বীকার করি: আমরা পাপী। তোমার ভক্তমণ্ডলীর মধ্য দিয়ে তোমার ক্ষমা ও পুনর্মিলন দান কর।

-সকল পরলোকগত খ্রীষ্টভক্তকে অনন্ত জীবনে গ্রহণ কর। তাঁরা চিরকালের মত তোমার সঙ্গে বসবাস করুন।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি খ্রীষ্টের রক্তেই নবসন্ধি স্থাপন করেছেন এবং খ্রীষ্টবলিদানেই আমাদের নবীকৃত করে থাকেন, আসুন, আশ্বাস নিয়ে সেই পরম পিতাকে ডাকি:

হে প্রভু, তোমার মণ্ডলীকে আশীর্বাদ কর।

-হে প্রভু, সকল জাতি, সকল দেশ ও তাদের নেতাদের তোমার ইচ্ছা অনুসারেই চলতে শেখাও, তাঁরা যেন সার্বিক মঙ্গলের জন্য কাজ করতে পারেন।

-যাঁরা সংসার ত্যাগ করে খ্রীষ্টের অনুসরণ করেছেন, সেই সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর আত্মনিবেদনের সঙ্কল্প নবীকৃত করে তোল, গোটা মণ্ডলীর পবিত্রতা যেন তাঁদের জীবনে প্রকাশ পায়।

-তুমি মানুষকে তোমার সাদৃশ্যেই সৃষ্টি করেছ। অন্যায্যতা দূর করে দিতে আমাদের সাহায্য কর, সকলে যেন সমমর্যাদার অধিকারী হতে পারে।

-যত মানুষ পথভ্রষ্ট হয়েছে, তুমি তোমার সত্য ও প্রেম নিয়ে তাদের কাছে যাও। প্রেরণা দান কর, আমরাও যেন তাদের সাহায্য করতে পারি।

-আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার মহিমায় গ্রহণ কর, তাঁরা যেন চিরকালের মত তোমার প্রশংসাগান করতে পারেন।

বৃহস্পতিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, অনুনয় করি: আমাদের এমন উদ্দীপনায় উদ্দীপিত কর, আমরা যেন মঙ্গল-অমঙ্গল নির্ণয় করতে পারি ও তৎপর হয়ে সেইমত কাজও করতে পারি। তোমাকে ছাড়া আমরা যখন বাঁচতেও অক্ষম, তখন যেন তোমার ইচ্ছা অনুযায়ী জীবন যাপন করতে পারি।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, তুমি নির্মলতায় প্রীত, এবং অনুতপ্ত মানুষকে সর্বদাই নির্মলতা ফিরিয়ে দাও। তাই অনুনয় করি: তোমার এ সেবক-সেবিকাদের অন্তর তোমার দিকে আকর্ষণ কর, তোমার আত্মার উদ্দীপনায় আবিষ্ট হয়ে তারা যেন বিশ্বাসে বলিয়ান ও শুভকর্ম সাধনে ফলপ্রসূ হতে পারে।

৩য় সপ্তাহ: হে মহিমময় প্রভু, আমাদের বিনীত প্রার্থনা গ্রহণ কর: পরিত্রাণের পর্বদিন যতই এগিয়ে আসে, সেই পাস্কা-রহস্য যোগ্যরূপে পালনের জন্য আমাদের ভক্তি তত ব্যাকুল হয়ে উঠুক।

৪র্থ সপ্তাহ: হে করুণাময় প্রভু, আমাদের বিনীত প্রার্থনা শ্রবণ কর: ত্যাগ-তপস্যা দ্বারা শুচীকৃত হয়ে ও সৎকর্ম সাধনে দীক্ষিত হয়ে আমরা যেন অকপট অন্তরে তোমার আজ্ঞাগুলি পালনে নিষ্ঠাবান হতে পারি ও নির্বিঘ্নে নিরাপদে আসন্ন পাস্কাপর্বে উপনীত হতে পারি।

৫ম সপ্তাহ: হে প্রভু, যারা তোমাকে ডাকে, তোমার দয়াই যাদের একমাত্র আশা, তোমার এ ভক্তদের তুমি রক্ষা কর, পাপের কালিমা থেকে মুক্ত হয়ে তারা যেন পবিত্র জীবনযাপনে নিষ্ঠাবান থাকে, ও তোমার প্রতিশ্রুতির উত্তরাধিকারী হয়ে ওঠে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   ℣ আমি তোমাকে সদ্বিবেচনা দেব ;

℟   তোমাকে দেখাব তোমার চলার পথ।

২য় পর্ব   ℣ যে জপ করে প্রভুর বিধান,

℟   সে-ই তো যথাসময় হবে ফলবান।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **১ রাজা ৮:৫১-৫৩ক**

আমরা তোমার আপন জনগণ, তোমার আপন উত্তরাধিকার, প্রভু। তোমার চোখ তোমার দাসের মিনতির প্রতি ও তোমার জনগণ ইস্রায়েলের মিনতির প্রতি উন্মীলিত হোক; যতবার তারা তোমাকে ডাকে, তখন তুমি যেন তাদের শোন। কারণ তুমিই পৃথিবীর সকল জাতির মধ্য থেকে তোমার আপন উত্তরাধিকার হবার জন্যই তাদের পৃথক করেছিলে।

৫ম সপ্তাহ **হিব্রু ২:৯খ-১০**

যীশু মৃত্যুযন্ত্রণা ভোগ করেছেন বলে এখন গৌরব ও মহিমার মুকুটে পরিবৃত, যেন ঈশ্বরের অনুগ্রহে তিনি সকল মানুষের মঙ্গলের জন্যই মৃত্যুকে আস্বাদ করেন। যাঁর উদ্দেশে ও যাঁর দ্বারা সমস্ত কিছুই অস্তিত্ব পেয়ে আছে, সেই ঈশ্বর তাঁর বহু সন্তানকে যখন গৌরবে আনতে চাইলেন, তাঁর পক্ষে তখন এটা অবশ্যই সমীচীন ছিল যে, তিনি তাদের পরিত্রাণের সেই অগ্রনায়ককে দুঃখকষ্ট ভোগের মধ্য দিয়ে তাঁর সিদ্ধতায় চালিত করবেন।

শ্লোক

℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

℣ মিথ্যাবাদী জিহ্বা থেকে

℟ তিনিই আমাকে উদ্ধার করবেন।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ :   তোমরা মন্দ হয়েও * যখন তোমাদের ছেলেদের ভাল ভাল জিনিস দিতে জান,
তখন যারা তাঁর কাছে যাচনা করে,
স্বর্গস্থ পিতা যে তাদের পবিত্র আত্মাকে দেবেন
তা আরও কতই না নিশ্চিত।

২য় সপ্তাহ :   বৎস, * জীবনকালে তুমি ভাল ভাল জিনিস ভোগ করছিলে,
লাজার কিন্তু করছিল দুঃখভোগ।

৩য় সপ্তাহ :   আমি * যদি ঈশ্বরের আঙুলের প্রভাবেই অপদূত তাড়াই,
তবে নিশ্চয়ই ঈশ্বরের রাজ্য তোমাদের মাঝে এসেই পড়েছে।

৪র্থ সপ্তাহ :   আমি * যে মানুষেরই সাক্ষ্যদানের উপর নির্ভর করি এমন নয়,
কিন্তু এই সমস্ত কথা বলি যেন আপনারা পরিত্রাণ পেতে পারেন।

৫ম সপ্তাহ : ইহুদীদের * ও তাদের ধর্মনেতাদের যীশু বললেন :
'যে কেউ ঈশ্বর থেকে উদ্গত, সে ঈশ্বরের সমস্ত কথা শোনে ;
তোমরা যে শোন না,
এর কারণ এই, তোমরা ঈশ্বর থেকে নও।'

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি জগতের জাজ্বল্যমান আলো, যিনি আলোর পথে আমাদের চালিত করেন বলে আমরা অন্ধকারের রাজ্য থেকে মুক্তি পেলাম, আসুন, সেই ধন্য প্রভু যীশুর কাছে মিনতি জানাই :

তোমার বাণী হোক আমাদের পথের আলো।

-হে করুণাময় প্রভু, তোমার সাদৃশ্যে বেড়ে উঠতে আমাদের সহায়তা কর, প্রথম আদম দ্বারা যা যা হারিয়ে ফেলেছিলাম, দ্বিতীয় আদম সেই তোমার দ্বারাই তা যেন আবার ফিরে পেতে পারি।

-তোমার বাণী আমাদের জীবনে দেহধারণ করুক, তোমার সত্য আমাদের কাজকর্মে দেদীপ্যমান হোক, তোমার প্রেম আমাদের অন্তর শুচিশুভ্র করে তুলুক।

-সকলের মঙ্গলের জন্য আপ্রাণ কাজ করতে আমাদের উদ্দীপনা দান কর। তোমার ভক্তমণ্ডলী হোক মানবসমাজের জন্য ধ্রুবতারাস্বরূপ।

-আমরা যেন সবসময় তোমার সান্নিধ্যের অন্বেষণ করি। তোমার প্রেমের বিরুদ্ধে আমাদের যত পাপের জন্য আমরা যেন ক্ষমা প্রার্থনা করি।

২য়, ৪র্থ সপ্তাহ

যাঁর অগাধ প্রেম যীশুতে প্রকাশ পেয়েছে, আসুন, কৃতজ্ঞতার সঙ্গে সেই পরম পিতাকে ডাকি :

মনে রেখ, প্রভু, আমরা তোমার সন্তান।

-মণ্ডলীর জীবনের মধ্যে আমাদের আরও গভীরভাবে চালিত কর, আমাদের মধ্য দিয়ে মণ্ডলী যেন আরও স্পষ্টভাবে জগতের পরিত্রাণের চিহ্ন হয়ে দাঁড়াতে পারে।

-মানবসমাজকে আরও মঙ্গলময় রূপে গড়ে তুলতে আমাদের সহায়তা কর। আশীর্বাদ কর, যেন সর্বস্থানেই তোমার রাজ্য প্রতিষ্ঠায় নিজেদের নিয়োজিত করতে পারি।

-আমরা যখন ক্লান্ত, তখন যেন যীশুতেই বিশ্রাম পাই ; কেননা তিনিই সেই জলের উৎস যার ধারায় সকল তৃষ্ণার্ত মানুষ তৃষ্ণা মেটাতে পারে।

-আমাদের সকল অন্যায় মার্জনা কর। ন্যায় ও সত্য পথে আমাদের চালিত কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : এই তো তপস্যার দিন ! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন !

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৫৫:৬-৭**

প্রভুর অন্বেষণ কর, যেহেতু তিনি নিজের উদ্দেশ পেতে দেন ; তাঁকে ডাক, যেহেতু তিনি কাছে আছেন। দুর্জন নিজের পথ, শঠতার মানুষ নিজের যত প্রকল্প ত্যাগ করুক ; সে প্রভুর কাছে ফিরে আসুক, তিনি তাকে স্নেহ করবেন ; সে আমাদের পরমেশ্বরের কাছে ফিরে আসুক, কারণ তিনি ক্ষমাদানে মহান।

৫ম সপ্তাহ **হিব্রু ৪:১৪-১৫**

যেহেতু আমরা এক পরম মহাযাজককে পেয়েছি যিনি আকাশমণ্ডল অতিক্রম করেছেন—সেই ঈশ্বরপুত্র যীশু—সেজন্য এসো, আমরা আমাদের বিশ্বাস-স্বীকৃতির ব্যাপারে দৃঢ়প্রতিষ্ঠিত থাকি। কেননা আমরা এমন মহাযাজককে পাইনি, যিনি আমাদের দুর্বলতার সমব্যথী হতে অক্ষম, তিনি বরং পাপ ছাড়া আমাদের মতই

সবদিক দিয়ে পরীক্ষিত হয়েছেন।

℣ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;
℟ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **দ্বিঃবিঃ ৩০:২-৩ক**

তুমি যদি তোমার পরমেশ্বর প্রভুর কাছে ফের এবং তোমার সমস্ত হৃদয় ও সমস্ত প্রাণ দিয়ে তাঁর প্রতি বাধ্যতা দেখাও, যেইভাবে আমি আজ তোমাকে আজ্ঞা দিচ্ছি—তোমাকে এবং তোমার ছেলেদের কাছে—তবে তোমার পরমেশ্বর প্রভু তোমার বন্দিদের ফিরিয়ে আনবেন, তোমাকে স্নেহ করবেন।

৫ম সপ্তাহ **হিব্রু ৭: ২৬-২৭**

তেমনই এক মহাযাজক আমাদের পক্ষে উপযুক্ত ছিলেন, যিনি পুণ্যবান, নির্দোষ, নিষ্কলঙ্ক, পাপী মানুষের কাছ থেকে পৃথক, স্বর্গের ঊর্ধ্বেই উন্নীত। অন্যান্য মহাযাজকদের মত প্রতিদিন তাঁর পক্ষে এমন প্রয়োজন নেই যে, আগে নিজের এবং তারপরে জনগণের পাপের জন্য বলি উৎসর্গ করবেন, কেননা নিজেকে উৎসর্গ করে দিয়ে তিনি সেই কাজ একবার চিরকালের মতই সম্পন্ন করলেন।

℣ আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;
℟ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **হিব্রু ১০:৩৫-৩৬**

তোমাদের সেই সৎসাহস হারিয়ে ফেলো না, যেহেতু তা মহাপুরস্কার বহন করে। তোমাদের শুধু নিষ্ঠারই প্রয়োজন, ঈশ্বরের ইচ্ছা পালন ক'রে তোমরা যেন সেই প্রতিশ্রুতির ফল লাভ করতে পার।

৫ম সপ্তাহ **হিব্রু ৯:১১-১২**

খ্রীষ্ট আসন্ন মঙ্গলদানগুলির মহাযাজকরূপেই আবির্ভূত হয়ে, মহত্তর ও সিদ্ধতর তাঁবুটির মধ্য দিয়ে—যা মানুষের হাতে গড়া নয়, অর্থাৎ যা এই পার্থিব সৃষ্টির অঙ্গ নয়—ছাগ বা বাছুরের রক্তের মধ্য দিয়েও নয়, বরং নিজেরই রক্তের মধ্য দিয়ে, একবারই, চিরকালের মত, পবিত্রধামে প্রবেশ করেছেন, যেহেতু তিনি চিরকালীন মুক্তির সন্ধান পেলেন।

℣ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি;
℟ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যাকোব ৪:৭-৮,১০**

তোমরা ঈশ্বরের প্রতি বাধ্য হও; দিয়াবলকে প্রতিরোধ কর, তবে সে তোমাদের কাছ থেকে দূরে পালাবে।

তোমরা ঈশ্বরের কাছে এসো, তিনিও তোমাদের কাছে আসবেন। হে পাপী সকল, হাত শুদ্ধ কর; হে দোমনা সকল, হৃদয় নির্মল কর। প্রভুর সম্মুখে নিজেদের নমিত কর, আর তিনি তোমাদের উন্নীত করবেন।

৫ম সপ্তাহ **হিব্রু ১৩:১২-১৫**

নিজের রক্ত দ্বারা জনগণকে পবিত্রিত করার জন্য যীশু নগরদ্বারের বাইরে যন্ত্রণাভোগ করেছিলেন। সুতরাং এসো, আমরা তাঁর সেই দুর্নাম বহন করতে করতে শিবিরের বাইরেই তাঁর কাছে যাই। কেননা এখানে আমাদের জন্য স্থায়ী কোন নগরী নেই; আমরা সেই নগরীর সন্ধান করছি যা একদিন আসবার কথা। অতএব এসো, আমরা তাঁর মধ্য দিয়ে ঈশ্বরের কাছে নিত্যই উৎসর্গ করি স্তুতি-বলিদান, অর্থাৎ সেই ওষ্ঠেরই ফল, যে ওষ্ঠ স্বীকার করে তাঁর নাম।

শ্লোক

℣ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ নিরাময় কর আমার প্রাণ;
℟ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যাচনা কর, * তোমাদের দেওয়া হবে; খোঁজ, তোমরা খুঁজে পাবে;
দরজায় ঘা দাও, তোমাদের জন্য দরজা খুলে দেওয়া হবে।
২য় সপ্তাহ: লাজারকে * যে এক টুকরো রুটি দিতে চাইল না,
সেই ধনী লোকটা এক বিন্দু জলের জন্য ভিক্ষা করল।
৩য় সপ্তাহ: ভিড়ের মধ্য থেকে * একজন স্ত্রীলোক জোর গলায় বলে উঠল:
'সুখী সেই গর্ভ, যা আপনাকে ধারণ করেছে, সুখী সেই বুক, যা আপনাকে
লালন-পালন করেছে।'
যীশু তাকে বললেন:
'এর চেয়ে তারাই সুখী, যারা ঈশ্বরের বাণী শোনে ও পালন করে।'
৪র্থ সপ্তাহ: আমার দ্বারা সাধিত * এই সমস্ত কাজই আমার বিষয়ে সাক্ষ্য দিচ্ছে যে,
পিতাই আমাকে প্রেরণ করেছেন।
৫ম সপ্তাহ: 'আপনার বয়স * এখনও পঞ্চাশ হয়নি আর আপনি নাকি আব্রাহামকে দেখেছেন?'
'আমি তোমাদের সত্যি সত্যি বলছি: আব্রাহাম জন্মাবার আগে আমিই আছি।'

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

খ্রীষ্ট প্রভু পারস্পরিক প্রেমের আজ্ঞা আমাদের কাছে রেখে গেছেন। আসুন, তাঁর কাছে মিনতি নিবেদন করে বলি:

হে প্রভু, তোমার জনগণ প্রেমসাধনায় বেড়ে উঠুক।

-হে সদ্গুরু, প্রতিবেশীকে ভালবেসে যেন তোমাকে ভালবাসতে শিখি। আমাদের ভাইবোনদের মধ্যে তোমারই সেবা করতে আমাদের শেখাও।

-যারা তোমাকে ক্রুশে দিয়েছিল, তুমি তাদের জন্য পিতার কাছে ক্ষমা প্রার্থনা করেছিলে। তোমার আদর্শে আমরাও যেন আমাদের অত্যাচারীদের ভালবাসতে পারি।

-তোমার দেহরক্ত মর্মসত্যের খাতিরে আমাদের ভ্রাতৃপ্রেম, ভরসা ও ভক্তি সুদৃঢ় করে তোল: দুর্বলকে শক্তি, অসহায়কে সান্ত্বনা, মরণাপন্নকে আশা দান কর।

-তুমি একদিন জলের মাধ্যমে সেই জন্মান্ধকে দৃষ্টিশক্তি দান করেছিলে। দীক্ষাস্নানের জল ও জীবনবাণীর মধ্য দিয়ে এবারও নব দীক্ষাপ্রার্থীদের উদ্বুদ্ধ করে তোল।

-মৃত সকল মানুষকে তোমার অনন্ত প্রেম দান কর। তোমার মনোনীতদের মধ্যে তাঁদের গ্রহণ কর।

২য়, ৪র্থ সপ্তাহ

আমাদের জীবন যেন ন্যায় ও বিশ্বাসে পরিপূর্ণ হয়ে ওঠে, এজন্য ঈশ্বর পবিত্র আত্মার অনুগ্রহের মাধ্যমে আমাদের উদ্বুদ্ধ করেন। আসুন, তাঁর কাছে মিনতি জানাই :

হে প্রভু, দয়া কর।

-হে প্রভু, ধন্যবাদজ্ঞাপক অনুষ্ঠানরে মহারহস্যের মাধ্যমে তুমি সকল বিশপ, পুরোহিত ও পরিসেবককে খ্রীষ্টের সঙ্গে আরও গভীরভাবে মিলিত কর, তাঁদের অভিষেকের অনুগ্রহ নবীন কর।

-সকল খ্রীষ্টভক্তকে খ্রীষ্টের বাণীর খাদ্য দিয়ে পরিপুষ্ট কর ; খ্রীষ্টদেহের রুটিও তাদের খাদ্যরূপে দান কর।

-অর্থপিপাসা থেকে মানুষকে মুক্ত কর। আমরা সবাই যেন অভাবগ্রস্তদের প্রয়োজন দেখতে পাই।

-মৃত সকলের প্রতি তোমার করুণা প্রকাশ কর। তাঁদের চিরকালীন আনন্দ দান কর।

শুক্রবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে প্রভু, আশীর্বাদ কর, তোমার ভক্তজন সকলে যেন পাস্কা-উৎসব পালনের জন্য নিজেদের এমন ভাবে প্রস্তুত করে, যাতে দৈহিক তপস্যার ফলে সকলে আত্মায়ও উপকৃত হয়।

২য় সপ্তাহ : হে সর্বশক্তিমান ঈশ্বর, মিনতি জানাই : পবিত্র প্রায়শ্চিত্ত-সাধনা দ্বারা আমাদের শুদ্ধ করে তুলে তুমি নিজেই আমাদের সকলকে অকপট অন্তরে আসন্ন পবিত্র পাস্কা-উৎসবে চালনা কর।

৩য় সপ্তাহ : হে প্রভু, প্রসন্ন হয়ে আমাদের অন্তরে তোমার অনুগ্রহ সঞ্চার কর, উচ্ছৃঙ্খল কামনা-বাসনা থেকে সদাই বিরত থেকে আমরা যেন তোমার দিব্য নির্দেশবাণী নিষ্ঠার সঙ্গে পালন করতে পারি।

৪র্থ সপ্তাহ : হে ঈশ্বর, তোমার দুর্বল সন্তানদের সাহায্যদানের উদ্দেশ্যে তোমার ব্যবস্থা সত্যি অপরূপ। অনুনয় করি : সাক্রামেন্ত-ধারার নিরাময়কারী প্রভাব মনের আনন্দে গ্রহণ ক'রে আমরা যেন পুণ্য জীবনাচরণে তা প্রতিফলিত করতে পারি।

৫ম সপ্তাহ : হে প্রভু, মিনতি জানাই : তোমার জনগণের অন্যায়-অপরাধ ক্ষমা কর। দুর্বল মানুষ বলে আমরা যারা পাপের শৃঙ্খলে শৃঙ্খলিত, তোমার প্রসন্নতায় যেন সেই শৃঙ্খল থেকে মুক্তি পেতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   *প্র* প্রভুর দিকে চেয়ে দেখ, তোমরা উজ্জ্বল হয়ে উঠবে ;

উ   লজ্জায় ঢেকে যাবে না কো তোমাদের মুখ।

২য় পর্ব   *প্র* তোমাদের পরমেশ্বর প্রভুর কাছে ফিরে এসো ;

উ   তিনি যে দয়াবান, স্নেহশীল।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

ইসা ৫৩:১১খ-১২

আমার ধর্মময় দাস অনেককে ধর্মময় করে তুলবেন; তিনি নিজেই তাদের শঠতা বহন করবেন। তাই আমি তাঁর জন্য বহু মানুষের সঙ্গে একটা অংশ স্থির করব, ক্ষমতাশালীদের সঙ্গে তিনি লুটের মাল ভাগ করে নেবেন; কেননা তিনি মৃত্যু পর্যন্তই নিজের প্রাণ উজাড় করে দিলেন, এবং বিদ্রোহীদের একজন বলে গণ্য হলেন; অথচ তিনি বহু মানুষের পাপ বহন করছিলেন এবং বিদ্রোহীদের হয়ে প্রার্থনা করছিলেন।

৫ম সপ্তাহ

ইসা ৫২:১৩-১৫

দেখ! আমার দাস কৃতকার্যই হবেন: তিনি উন্নীত হবেন, উত্তোলিত হবেন, হবেন মহামহিম। একদিন যেমন তাঁর জন্য বহু মানুষ শিহরে উঠেছিল,—অন্য মানুষের তুলনায় তাঁর চেহারা এমনই বিকৃত ছিল যে, আদমসন্তানদের সঙ্গে তাঁর আর কোন সাদৃশ্যই ছিল না—একদিন তেমনি বহু দেশের মানুষ তাঁর বিষয়ে বিস্ময়মগ্ন হয়ে যাবে। রাজারা তাঁর কারণে মুখ বন্ধ রাখবে, কারণ তাদের কাছে যা কখনও বলা হয়নি, তারা তা দেখতে পাবে; যা কখনও শোনেনি, তারা তা উপলব্ধি করবে।

শ্লোক

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।
℟ মিথ্যাবাদী জিহ্বা থেকে
℣ তিনিই আমাকে উদ্ধার করবেন।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: শাস্ত্রী ও ফরিসিদের চেয়ে * তোমাদের ধর্মিষ্ঠতা যদি গভীরতর না হয়,
তবে তোমরা স্বর্গরাজ্যে কখনও প্রবেশ করবে না।
২য় সপ্তাহ: দুর্জনেরা * বিলুপ্ত হবে
এবং আঙুরখেতটা এমন অন্যান্যদের হাতে তুলে দেওয়া হবে,
যারা ফলের সময়ে তাঁকে ফল দেবে।
৩য় সপ্তাহ: 'গুরু, * বিধানের মধ্যে কোন্ আজ্ঞা শ্রেষ্ঠ?'
উত্তরে যীশু বললেন, 'তুমি তোমার ঈশ্বর প্রভুকে তোমার সমস্ত হৃদয় দিয়ে ভালবাসবে।'
৪র্থ সপ্তাহ: তোমরা * আমাকে জান বটে,
আর আমি যে কোথা থেকে এসেছি, তাও জান।
কিন্তু আমি নিজে থেকে আসিনি,
বরং আমার পিতাই আমাকে পাঠিয়েছেন।
৫ম সপ্তাহ: আমি * তোমাদের অনেক ভাল কাজ দেখিয়েছি;
কোন্ কাজের জন্য তোমরা আমাকে হত্যা করতে যাচ্ছ?

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি ক্রুশের উপরে মৃত্যুবরণ করলেন আমরা যেন জীবন পাই, আসুন, ভক্তিভরে সেই ধন্য খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার মৃত্যুগুণে আমরা যেন জীবন পাই।

-হে গুরু ও পরিত্রাতা যীশু, তোমার যন্ত্রণাভোগের মধ্য দিয়ে তুমি তোমার বিশ্বস্ততা দেখিয়েছ এবং নতুন সৃষ্টিতে আমাদের রূপান্তরিত করেছ। পাপ থেকে দূরে থাকতে আমাদের সহায়তা কর।

-প্রেরণা দান কর, আজকের দিনের উপবাসের মধ্য দিয়ে আমরা যেন অভাবগ্রস্তদের যত্ন নিতে পারি।

-এই উপবাসের দিনটি আমরা যেন তোমার একটি দান বলে গ্রহণ করি, এবং দয়াকর্মের মধ্য দিয়ে যেন এ দিনটি তোমার কাছে উৎসর্গ করতে পারি।

-আমাদের বিদ্রোহী হৃদয়কে দমন কর। আমাদের দানশীল হতে শেখাও।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি তাঁর আপন মৃত্যু ও পুনরুত্থান দ্বারা আমাদের ত্রাণ করেছেন, আসুন, একাগ্রতার সঙ্গে আমাদের পরিত্রাতা খ্রীষ্টের কাছে মিনতি জানাই:

হে প্রভু, দয়া কর।

-তুমি যেরুসালেমে গিয়েছিলে যন্ত্রণা ভোগ ক'রে ঐশগৌরবে প্রবেশ করার জন্য। তোমার ভক্তমন্ডলীকে ঐশজীবনের পাস্কাপর্বে চালিত কর।

-তোমার হৃদয় বর্শার আঘাতে বিদীর্ণ হয়েছিল। আমাদের মানবীয় দুর্বলতার যত ক্ষত নিরাময় কর।

-তুমি তোমার ক্রুশকে জীবনবৃক্ষ করেছ। সকল দীক্ষাস্নাতদের তোমার বিজয়ের অংশীদার করে তোল।

-তুমি সেই অনুতপ্ত দস্যুকে চিরমুক্তি দিয়েছিলে। আমাদের সকল পাপ ক্ষমা কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৫৫:৩**

কান দাও, আমার কাছে এসো; শোন, তবেই তোমাদের প্রাণ সঞ্জীবিত হবে। আমি তোমাদের সঙ্গে চিরস্থায়ী এক সন্ধি স্থাপন করব; হ্যাঁ, আমি দাউদের প্রতি আমার সেই মহাকৃপা স্থির রাখব।

৫ম সপ্তাহ **ইসা ৫৩:২-৩**

তিনি তাঁর সামনে বেড়ে উঠেছেন একটা চারাগাছের মত, শুষ্ক ভূমিতে একটা শিকড়ের মত। তাঁর এমন রূপ বা শোভা নেই যা আমাদের দৃষ্টি আকর্ষণ করতে পারে; তেমন আকৃতি নেই যা আমাদের মন জয় করতে পারে। অবজ্ঞাত ও মানুষের পরিত্যক্ত, এমন কষ্টভোগী মানুষ যন্ত্রণার সঙ্গে যাঁর দীর্ঘ পরিচয়; যার সামনে লোকে মুখ আচ্ছাদন করে তেমন মানুষের মতই তিনি অবজ্ঞাত হলেন, আর আমরা তাঁকে কোন সম্মানই দিইনি।

℣ আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;

℟ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যেরে ৩:১২,১৪ক**

ফিরে এসো—প্রভুর উক্তি—ভ্রূক্ষেপ করব না কো তোমাদের প্রতি; কেননা আমি কৃপাময়, ক্রোধ থাকবে না কো চিরকাল। হে পথভ্রষ্ট সন্তানেরা, ফিরে এসো।

৫ম সপ্তাহ **ইসা ৫৩:৪-৫**

তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন; বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট; আর আমরা নাকি মনে করছিলাম, তিনি প্রহারিত, পরমেশ্বর দ্বারা আঘাতগ্রস্ত, জর্জরিত! তিনি বরং আমাদেরই অন্যায়-অপকর্মের জন্য

বিদ্ধ হয়েছেন; আমাদের শঠতার জন্যই চূর্ণবিচূর্ণ হয়েছেন; আমাদের শান্তির পণ সেই শাস্তি তাঁর উপরে নেমে পড়ল। তাঁরই ক্ষতগুণে আমরা নিরাময় হলাম।

প্র আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;

উ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ন প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যাকোব ১:২৭**

পিতা ঈশ্বরের দৃষ্টিতে শুদ্ধ ও নিষ্কলঙ্ক ধর্মাচরণ এ: এতিম ও বিধবাদের দুঃখকষ্টের দিনে তাদের সহায়তা করা এবং সংসারের কলুষ থেকে নিজেকে অকলুষিত রক্ষা করা।

৫ম সপ্তাহ **ইসা ৫৩:৬-৭**

আমরা সকলে মেষপালের মত পথভ্রষ্ট ছিলাম, প্রত্যেকে নিজ নিজ পথ ধরে চলতাম; প্রভু আমাদের সকলের অপরাধ তাঁরই উপরে চেপে দিলেন। অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন—তবু খুললেন না মুখ। তিনি ছিলেন জবাইখানায় চালিত মেষশাবকেরই মত, লোমকাটিয়ের সামনে নীরব মেষেরই মত—তবু খুললেন না মুখ।

প্র ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি;

উ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

সন্ধ্যারতি

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **যাকোব ৫:১৬,১৯-২০**

তোমরা পরস্পরের কাছে পাপ স্বীকার কর এবং পরস্পরের জন্য প্রার্থনা কর যেন রোগমুক্তি পাও। তোমাদের মধ্যে কেউ যদি সত্যভ্রষ্ট হয় আর তাকে যদি কেউ ফিরিয়ে আনে, তাহলে জেনে রাখ, যে কেউ কোন পাপীকে ভ্রান্তির পথ থেকে ফিরিয়ে আনে, সে তার প্রাণকে মৃত্যুর হাত থেকে ত্রাণ করবে ও অসংখ্য পাপ ঢেকে দেবে।

৫ম সপ্তাহ **১ পি ২:২১-২৪**

খ্রীষ্ট তোমাদের জন্য যন্ত্রণা ভোগ ক'রে তোমাদের জন্য একটি আদর্শ রেখে গেছেন, তোমরা যেন তাঁর পদাঙ্ক অনুসরণ কর। তিনি কোন পাপ করেননি; তাঁর মুখেও কখনও পাওয়া যায়নি ছলনার কথা। অপমানিত হলে তিনি প্রত্যুত্তরে অপমান করতেন না; যন্ত্রণার সময়ে হুমকি দিতেন না, বরং ন্যায় অনুসারে বিচার করেন যিনি, তাঁরই হাতে তিনি নিজেকে সঁপে দিলেন। তিনি নিজের দেহে আমাদের সমস্ত পাপ ক্রুশবৃক্ষের উপরে তুলে বহন করলেন, আমরা যেন পাপের কাছ থেকে বিদায় নিয়ে ধর্মময়তার উদ্দেশে জীবনযাপন করি। তাঁরই ক্ষতগুণে তোমরা সুস্থ হয়ে উঠেছ।

শ্লোক

প্র আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

উ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

প্র নিরাময় কর আমার প্রাণ;

উ তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ আমি বলেছি: প্রভু, আমাকে দয়া কর; * তোমার বিরুদ্ধে যে করেছি পাপ।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : নৈবেদ্য * যজ্ঞবেদিতে উৎসর্গ করতে গিয়ে
ভাইয়ের সঙ্গে যদি তোমার সদ্ভাব না থাকে,
আগে ভাইয়ের সঙ্গে পুনর্মিলিত হও,
পরে এসে তোমার সেই নৈবেদ্য উৎসর্গ কর।

২য় সপ্তাহ : তারা * যীশুকে গ্রেপ্তার করতে চাচ্ছিল,
কিন্তু লোকদের ভয় পেল,
কারণ লোকে তাঁকে নবী বলে মানত।

৩য় সপ্তাহ : প্রতিবেশীকে * নিজের মতই ভালবাসা,
সমস্ত বলিদানের চেয়ে তা অনেক ভাল।

৪র্থ সপ্তাহ : কেউই * যীশুর গায়ে হাত দিল না,
কারণ তাঁর ক্ষণ তখনও উপস্থিত হয়নি।

৫ম সপ্তাহ : তোমরা * আমাকে বিশ্বাস না করলেও সেই সমস্ত কাজেই বিশ্বাস রাখ,
যা আমি ঈশ্বরের নামে সাধন করি।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি তাঁর আপন রক্ত দ্বারা আমাদের পবিত্র করে তুলেছেন, আসুন, আশ্বাস নিয়ে সেই প্রভু যীশুকে ডাকি :

হে প্রভু, দয়া কর।

-হে মুক্তিদাতা খ্রীষ্ট, তোমার যন্ত্রণাভোগের মধ্য দিয়ে ত্যাগ-তপস্যা ও মনের দৃঢ়তা শেখাও, আমরা যেন মৃতদের মধ্য থেকে তোমার পুনরুত্থান সানন্দে উদ্‌যাপন করতে পারি।

-তুমি তোমার সকল বিশ্বাসীকে তোমার নবী হতে আহ্বান করেছ। আশীর্বাদ কর, আমরা যেন এই জগতে আমাদের জীবনেরই মধ্য দিয়ে তোমার প্রেমের সাক্ষী হতে পারি।

-যারা দুঃখপীড়িত, তুমি তাদের শক্তি দাও ; আমাদেরও অনুপ্রাণিত কর যেন তাদের সান্ত্বনা দিতে পারি।

-আমাদের দীক্ষিত কর আমরা যেন সঙ্কটকালে তোমার যন্ত্রণাভোগের অংশী হতে পারি, যাতে আমাদের দুর্বলতায় তোমার ত্রাণকারী ক্ষমতা প্রকাশ পেতে পারে।

-হে জীবনদাতা, মৃত সকলকে স্মরণে রাখ। তোমার পুনরুত্থানের মহিমায় তাঁদেরও গ্রহণ কর।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি মৃত্যু বরণ করায় আমাদের মৃত্যু ধ্বংস করলেন এবং পুনরুত্থান করায় জীবনেই আমাদের পুনঃপ্রতিষ্ঠিত করলেন, আসুন, সেই বিশ্বত্রাতার কাছে মিনতি জানাই :

হে খ্রীষ্ট, আমাদের পবিত্র করে তোল।

-হে মুক্তিদাতা, আশীর্বাদ কর, আমরা যেন তপস্যার মধ্য দিয়ে তোমার যন্ত্রণাভোগের অংশী হয়ে তোমার পুনরুত্থানেরও সহভাগী হয়ে উঠতে পারি।

-দুঃখীর সান্ত্বনাদায়িনী তোমার মাতার সহায়তা আমাদের দান কর। কৃপা কর, আমরাও যেন সেই সান্ত্বনা ও সহায়তা অন্যদের দান করতে পারি।

-পরীক্ষা ও অসুবিধার সময়ে তোমার ভক্তদের তোমার যন্ত্রণাভোগে মিলিত কর। তাদের জীবনে তোমার পরিত্রাণের আলো উজ্জ্বলভাবেই প্রকাশিত হোক।

-সকল মৃতজনকে তোমার মহিমায় গ্রহণ কর। আশীর্বাদ কর, আমরাও যেন একদিন নিখিল সাধুসাধ্বীর সঙ্গে আনন্দ করতে পারি।

শনিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে সনাতন পিতা, আমাদের মন তোমার দিকে ফিরিয়ে আন। আমাদের পরমার্থ সেই তোমাকেই মাত্র সর্বদা অন্বেষণ ক'রে ও দয়াকর্মে নিয়োজিত থেকে আমরা যেন তোমার অবিরত প্রশংসায় রত থাকতে পারি।

২য় সপ্তাহ : হে ঈশ্বর, তোমার মঙ্গলবিধানে মর্তবাসী এ আমরা তোমার সমস্ত গৌরবময় প্রতিকারের মধ্য দিয়ে স্বর্গীয় সম্পদের অংশীদার হয়ে উঠেছি। অনুনয় করি: এই পার্থিব জীবনে আমাদের প্রতিপালন ক'রে সেই জ্যোতির্ময় আবাসে আমাদের চালনা কর যেখানে তুমি নিজে বিরাজমান।

৩য় সপ্তাহ : হে প্রভু, এ তপস্যাকাল আনন্দচিত্তে পালন করে আমরা তোমাকে অনুনয় করি: একাগ্রতার সঙ্গে পাস্কা-রহস্য অনুধ্যান ক'রে আমরা যেন পুলকিত মনে তার শুভফল পূর্ণমাত্রায় উপভোগ করতে পারি।

৪র্থ সপ্তাহ : হে দয়াবান প্রভু, তোমার সাহায্য ব্যতীত আমরা তোমার গ্রহণযোগ্য হতে পারি না। তাই অনুনয় করি : তুমি নিজেই আমাদের অন্তর তোমার দিকে আকর্ষণ কর।

৫ম সপ্তাহ : হে ঈশ্বর, খ্রীষ্টে নবজন্ম গ্রহণ করেছে যারা, তাদের সকলকে নিয়ে তুমি এক মনোনীত জনগণ ও রাজকীয় যাজকত্ব গড়ে তুলেছ। আশীর্বাদ কর : তুমি যা আদেশ কর, আমরা যেন তা বাসনা করে সার্থকও করে তুলতে পারি, এর ফলে অনন্ত জীবনের উদ্দেশে আহূত এ জনগণ যেন এক-বিশ্বাসে একপ্রাণ হয়, এক-ভক্তিতে শুভকর্মের সাধক হয়।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   ℟ যতক্ষণ আলো তোমাদের আছে, ততক্ষণ চলতে থাক,
℣   পাছে অন্ধকার তোমাদের নাগাল পায়।

২য় পর্ব   ℟ যে সত্যের সাধক, সে আলোর দিকে এগিয়ে আসে,
℣   তার সমস্ত কর্ম যে ঈশ্বরে সাধিত তা যেন প্রকাশিত হয়।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ১:১৬-১৮**

তোমরা নিজেদের ধৌত কর, শোধন কর, আমার দৃষ্টি থেকে তোমাদের অপকর্ম সরিয়ে দাও ; অনাচার ত্যাগ কর ; সদাচরণ করতে শেখ : ন্যায়ের সন্ধান কর, অত্যাচারীকে শাসন কর ; এতিমের সুবিচার কর, বিধবার পক্ষ সমর্থন কর। এসো, একসঙ্গে চিন্তা-ভাবনা করি—একথা বলছেন প্রভু,—সিঁদুরে-লাল হলেও তোমাদের পাপ তুষারের মত শুভ্র হয়ে উঠবে ; টকটকে লাল হলেও হয়ে উঠবে পশমের মত।

৫ম সপ্তাহ **ইসা ৬৫:১খ-৩ক**

যে জাতি আমার নাম করত না, আমি তাকে বলেছি, 'এই যে আমি আছি, এই যে আমি আছি।' সারাদিন ধরে এমন এক বিদ্রোহী জাতির প্রতি হাত বাড়িয়েছি, যে জাতি কুপথেই চলে ও তার নিজের চিন্তাধারা পালন করে ; যে জাতি, মুখের উপরেই, আমাকে অবিরত ক্ষুব্ধ করে তোলে।

শ্লোক

℟ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

উ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

প্র মিথ্যাবাদী জিহ্বা থেকে

উ তিনিই আমাকে উদ্ধার করবেন।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ ব্যাধের ফাঁদ থেকে * তিনিই আমাকে উদ্ধার করবেন।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: তোমাদের শত্রুদের মঙ্গল প্রার্থনা কর,
যেন তোমরা তোমাদের স্বর্গস্থ পিতার সন্তান হতে পার।

২য় সপ্তাহ: পিতা, * আমি স্বর্গের কাছে আর তোমার সামনে পাপ করেছি;
আমি তোমার ছেলে নামের আর যোগ্য নই।

৩য় সপ্তাহ: দূরে দাঁড়িয়ে * সেই কর-আদায়কারী চোখ নত করে বুক চাপড়াচ্ছিল—
ঈশ্বর, আমার প্রতি দয়া কর, আমি যে পাপী!

৪র্থ সপ্তাহ: উনি * যেভাবে কথা বলেন,
কোনও মানুষ কখনও সেভাবে কথা বলেনি।

৫ম সপ্তাহ: যীশু * মৃত্যুবরণ করলেন,
যেন চতুর্দিকে বিক্ষিপ্ত ঈশ্বরের সন্তানেরা একজাতিতে একত্রিত হয়।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

দীক্ষাস্নানের জল দ্বারা এবং আপন দেহ ও বাণী-ভোজ দ্বারা যিনি আমাদের নতুন সৃষ্টিতে রূপান্তরিত করেছেন, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর মহিমা ঘোষণা করি:

হে প্রভু, আমাদের নবীভূত করে তোল।

-হে কোমল ও বিনম্র হৃদয় যীশু, কোমলতা, বিনম্রতা ও সহিষ্ণুতা বসনে আমাদের পরিবৃত কর, আমরাও যেন সকলের কাছে গ্রহণযোগ্য হয়ে উঠতে পারি।

-অভাবগ্রস্ত আর অসহায়ের কাছে প্রতিবেশী হতে আমাদের শেখাও, আমরা যেন উত্তমরূপেই তোমার অনুকরণ করতে পারি।

-তোমার মাতা ধন্যা কুমারী মারীয়া ধর্মব্রতী-ব্রতিনীদের জন্য প্রার্থনা করুন, তাঁরা যেন তোমার ও মণ্ডলীর প্রতি আত্মনিবেদিত হয়ে কাজ করতে পারেন।

-আমাদের উপর তোমার দয়া বর্ষণ কর, আমাদের সকল পাপ ক্ষমা কর, অনন্ত শাস্তি থেকে আমাদের মুক্ত কর।

২য়, ৪র্থ সপ্তাহ

যিনি আমাদের ত্রাণকর্তা, আসুন, আমরা সেই খ্রীষ্টকে ধন্যবাদ জানিয়ে তাঁর চরণে আমাদের যাচনা নিবেদন করি:

হে প্রভু, দয়া কর।

-আমাদের দেহ-মন পাপমুক্ত ক'রে আমাদের অন্তরে পবিত্র আত্মাকে পাঠাও।

-আমাদের ভাইবোনদের কাছে নিজেদের উৎসর্গ করতে আমাদের শেখাও। সারাদিন তোমার ইচ্ছা পূর্ণ করার জন্য শক্তি দাও।

-কৃপা কর, আমরা যেন অনন্ত জীবনের খাদ্যের জন্য ক্ষুধা পাই। তোমার বাণী ও দেহ খাদ্যরূপে আমাদের দান কর।

-পাপীর আশ্রয় তোমার মা আমাদের পক্ষ সমর্থন করুন; তাঁর প্রার্থনার পুণ্যফলে তুমি তোমার করুণায় আমাদের সকল অপরাধ ক্ষমা কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: এই তো তপস্যার দিন! * এই তো ক্ষমা ও পরিত্রাণের দিন!

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **প্রত্যা ৩:১৯-২০**

যাদের স্নেহ করি, তাদের আমি তিরস্কার করি ও শাসন করি। তাই তুমি আগ্রহ দেখাও, মনপরিবর্তন কর। দেখ, আমি দরজায় দাঁড়িয়ে ঘা দিচ্ছি; আমার গলা শুনে কেউ যদি দরজাটা খুলে দেয়, তাহলে আমি তার কাছে প্রবেশ করব, তার সঙ্গে ভোজে বসব আর সেও বসবে আমার সঙ্গে।

৫ম সপ্তাহ **১ যোহন ১:৮-৯**

আমরা যদি বলি আমাদের পাপ নেই, তাহলে আমরা নিজেদেরই প্রতারণা করি এবং আমাদের অন্তরে সত্য নেই। আমরা কিন্তু যদি আমাদের পাপ স্বীকার করি—বিশ্বস্ত ও ধর্মময় তিনি!—তিনি আমাদের পাপমোচন সাধন করবেন ও সমস্ত অধর্ম থেকে আমাদের শোধন করবেন।

প্র আমার মধ্যে এক শুদ্ধ হৃদয় সৃষ্টি কর গো পরমেশ্বর;
উ আমার মধ্যে এক সুস্থির আত্মা নবীন করে তোল।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: জীবনেশ্বর আমি, * বলছেন প্রভু, পাপীর মৃত্যুতে আমি প্রীত নই;
বরং চাই সে যেন মন ফিরিয়ে জীবন লাভে।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **ইসা ৪৪:২১-২২**

স্মরণে রেখ, তুমি আমার দাস। আমিই তোমাকে গড়েছি; তুমি আমার দাস; ইস্রায়েল, তোমার বিষয়ে আমি আশাভ্রষ্ট হব না। আমি ঘুচিয়ে ফেলেছি তোমার অন্যায় সকল একটা মেঘের মত, তোমার যত পাপ কুয়াশার মত। আমার কাছে ফিরে এসো, কেননা আমি তোমার মুক্তি সাধন করেছি।

৫ম সপ্তাহ **১ যোহন ২:১খ-২**

পিতার কাছে আমাদের পক্ষে সহায়ক একজন আছেন: সেই যীশুখ্রীষ্ট, ধর্মাত্মা যিনি। তিনিই আমাদের পাপের জন্য প্রায়শ্চিত্তস্বরূপ—আমাদের পাপের জন্য শুধু নয়, সমস্ত বিশ্বজগতেরও পাপের জন্য!

প্র আমার পাপ থেকে ঢেকে রাখ শ্রীমুখ;
উ আমার সমস্ত অন্যায় মুছে ফেল।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরীক্ষার দিনে সহিষ্ণু হও! * ঈশ্বরের ন্যায়ই আমাদের অস্ত্র।

বাণী পাঠ

১ম–৪র্থ সপ্তাহ **গা ৬:৭খ-৮**

ঈশ্বরের সঙ্গে চালাকি করা চলে না। আসলে মানুষ যেমন বীজ বুনবে, ঠিক তেমন ফসলই পাবে। নিজ মাংসে যে বোনে, সে মাংস থেকে ক্ষয়ের ফসল পাবে; তেমনি আত্মায় যে বোনে, সে আত্মা থেকে পাবে অনন্ত জীবনের ফসল।

৫ম সপ্তাহ **১ যোহন ২:৮খ-১০**

অন্ধকার ঘুচে যাচ্ছে ও সত্যকার আলো এর মধ্যেই দেদীপ্যমান। যে বলে সে আলোতে আছে অথচ নিজের

ভাইকে ঘৃণা করে, সে এখনও অন্ধকারে রয়েছে। নিজের ভাইকে যে ভালবাসে, সে আলোতে বসবাস করে, আর তার অন্তরে পরস্পর বিরোধী বলতে কিছুই থাকে না।

℣ ভগ্ন প্রাণ, এই তো পরমেশ্বরের গ্রহণযোগ্য বলি ;

℟ ভগ্ন চূর্ণ হৃদয় তুমি তো অবজ্ঞা কর না, পরমেশ্বর।

পুণ্য সপ্তাহ

প্রভুর যন্ত্রণাভোগ তালপত্র রবিবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, মানবজাতি যেন অনুকরণের জন্য নম্রতার একটি আদর্শ পেতে পারে, সেজন্যে তুমি চেয়েছিলে, আমাদের ত্রাণকর্তা মানবদেহ ধারণ ক'রে ক্রুশ-মৃত্যু বরণ করবেন। আশীর্বাদ কর: তাঁর যন্ত্রণাভোগের স্মৃতি অন্তরে বরণ ক'রে আমরা যেন তাঁর পুনরুত্থানেরও সহভাগী হতে পারি।

১ম সন্ধ্যারতি

বাণী পাঠ ১ পি ১:১৮-২১

প্রিয়জনেরা, তোমরা তো জান, তোমাদের সেই পিতৃপরম্পরাগত অসার জীবনধারণের হাত থেকে তোমরা রুপো বা সোনার মত ক্ষয়শীল কিছুর মূল্যে নয়, বরং নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক-স্বরূপ সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্তমূল্যে মুক্ত হয়েছ। তিনি জগৎপত্তনের আগেই চিহ্নিত হয়েছিলেন, কিন্তু এই অন্তিমকালে তোমাদের জন্য আবির্ভূত হয়েছেন! তাঁর দ্বারা তোমরা ঈশ্বরে বিশ্বাসী হয়ে উঠেছ যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে তাঁকে গৌরব দান করেছেন, যেন তোমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে।

শ্লোক

℣ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

℣ তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ ;

℟ ধন্য, তুমি ধন্য।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে আমাদের রাজা, * দাউদসন্তান, জগৎত্রাতা, প্রণাম!

তোমারই বিষয়ে নবীরা বলে গেছিলেন, তুমি আসবে পরিত্রাতারূপে।

মিনতি নিবেদন

যন্ত্রণাভোগের আগে খ্রীষ্ট যেরুসালেমের দিকে তাকিয়ে কেঁদে ফেললেন, যেরুসালেম যে ঈশ্বরের পরিত্রাণ-লগ্ন চিনতে পারেনি। আসুন, অনুতাপ করে প্রভুর চরণে প্রণত হয়ে বলি :

হে প্রভু, দয়া কর।

-মুরগি যেমন তার শাবকদের একত্রে সংগ্রহ করে, তেমনি তুমিও, প্রভু, যেরুসালেমের সন্তানদের নিজের কাছে একত্রিত করার ইচ্ছা পোষণ করেছিলে। সকলকে তোমার পরিত্রাণ-লগ্ন চিনতে সাহায্য কর।

-তোমার ভক্তরা তোমাকে ত্যাগ করলেও তুমি তাদের ত্যাগ করে একলা ছেড়ে যেয়ো না। আমাদের মন তোমার দিকে আকর্ষণ কর, তবেই তোমার কাছে ফিরে আসব।

-তোমার যন্ত্রণাভোগের মধ্য দিয়ে তুমি জগৎকে অনুগ্রহ ও শান্তি দান করেছ। দীক্ষাস্নানের দিনে পাওয়া পবিত্র আত্মার প্রেরণা অনুসারে জীবনযাপন করতে আমাদের সাহায্য কর।

-তোমার যন্ত্রণাভোগের পুণ্যফলে আমাদের আত্মত্যাগ করতে শেখাও, যেন তোমার পুনরুত্থান-উৎসব সানন্দে উদ্‌যাপন করতে পারি।

-তুমি এখন পিতার মহিমায় রাজত্ব করছ। যাঁরা আজ ইহলোক ত্যাগ করেছেন, তাঁদের তোমার কোলে গ্রহণ কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

নিম্নলিখিত অংশগুলি ছাড়া, ১ম–৫ম রবিবারের ব্যবস্থা পালনীয়, পৃঃ ১৯৫।
সুসমাচার ঘোষণা,   যোহন ৮:২১-৩০।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।

(৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : পর্ব উপলক্ষে * যেরুসালেমে আগত বিপুল জনতা
প্রভুকে বরণ করতে গিয়ে জোর গলায় চিৎকার করে বলতে লাগল,
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য!
ঊর্ধ্বলোকে হোসান্না!
২য় ধুয়ো : হিব্রু শিশুদল
পথের উপর নিজ গায়ের চাদর বিছিয়ে দিয়ে চিৎকার করে বলত,
দাউদসন্তানের হোসান্না!
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য!
৩য় ধুয়ো : প্রভু * আমার সহায়;
আমাকে লজ্জিত হতে হবে না।
৪র্থ ধুয়ো : স্বর্গদূত * ও বালকদের সঙ্গে,
এসো, আমাদের বিশ্বাস মুক্তকণ্ঠে ঘোষণা করি;
এসো, মৃত্যুঞ্জয়ী খ্রীষ্টের উদ্দেশে চিৎকার করে বলি,
ঊর্ধ্বলোকে হোসান্না!
৫ম ধুয়ো : সকলে * তোমার নামের প্রশংসা করে বলে,
যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য! ঊর্ধ্বলোকে হোসান্না!

বাণী পাঠ **জাখা ৯:৯**

সিয়োন কন্যা, মহা উল্লাসে মেতে ওঠ; সানন্দে চিৎকার কর, যেরুসালেম কন্যা। এই দেখ! তোমার রাজা

তোমার কাছে আসছেন। তিনি ধর্মময়, তিনি বিজয়ভূষিত।

শ্লোক

℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

℣ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

℟ প্রতিটি গোষ্ঠী, ভাষা, জাতি ও দেশ থেকে,

℣ তোমার আপন রক্তমূল্য দিয়ে।

℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℣ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : তালপত্র হাতে করে,
এসো, আসন্ন প্রভুর চরণে প্রণত হই ;
স্তব-স্তুতিগানে, এসো, সকলে তাঁর দিকে ছুটে যাই।
এসো, তাঁর মহিমাকীর্তন করে বলি : ধন্য প্রভু!

মিনতি নিবেদন

হে পিতার একমাত্র পুত্র, হে ঐশপ্রজ্ঞা, তুমি ধন্য! স্বর্গ তোমার সিংহাসন, পৃথিবী তোমার পাদপীঠ। এদিনে তুমি গাধার পিঠে চড়ে যেরুসালেমে প্রবেশ করেছিলে। ইহুদী ছেলেমেয়েরা তখন তোমার মহিমাকীর্তন করতে করতে বলে উঠল :

যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য।

-হে মুক্তিদাতা, আশীর্বাদ কর, তোমার ভক্তমণ্ডলীও যেন নবীর সঙ্গে ঘোষণা করতে পারে : 'দেখ! তোমার রাজা তোমার কাছে আসছেন, কত বিনম্র তিনি!'

-হে ত্রাণকর্তা খ্রীষ্টরাজ, তোমাকে উদ্দেশ করে ইহুদী জনতা গান করছিল 'হোসান্না'। আমরাও স্তুতিগান করে তোমাকে গ্রহণ করতে চাই।

-ইহুদী জনগণ যখন তোমার স্তুতিগান করছিল, তুমি তখন যন্ত্রণাভোগের মুখে যাচ্ছিলে। এখন যে আমরা সানন্দে তোমার প্রশংসাগান করি, তুমি তো স্বর্গীয় মহিমায় রাজত্ব কর।

-তুমি সেদিন ইহুদীদের ভক্তির অর্ঘ্য গ্রহণ করেছিলে। হে করুণার রাজা, আমাদেরও ভক্তিনিবেদন প্রসন্নতার সঙ্গে গ্রহণ কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : পাস্কাপর্বের আগে * তাঁর সেই ক্ষণ এসে গেছে জানতেন বলে
যীশু তাঁর আপনজনদের চূড়ান্ত ভালবাসায় ভালবাসলেন।

বাণী পাঠ **২ করি ৪:১০-১১**

আমরা সর্বদা সর্বস্থানে নিজেদের দেহে যীশুর মৃত্যু বহন করে চলি, যেন যীশুর জীবনও আমাদের এই দেহে প্রকাশিত হয়। কেননা আমরা জীবিত হয়েও যীশুর খাতিরে সর্বদাই মৃত্যুর হাতে সমর্পিত হয়ে চলেছি, যেন যীশুর জীবনও আমাদের এই মরদেহে প্রকাশিত হয়।

℟ অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন ;

℣ তবু খুললেন না মুখ।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। উল্লাস কর, ভক্তবৃন্দ,
ত্রাণেই কর গর্ব:
জগৎত্রাতা চূর্ণ করলেন
মৃত্যুপতির দর্প।

২। খেজুর পাতা হাতে করে
মেতে ওঠে সবে;
‘দাউদসন্তানের হোসান্না’
চিৎকার করে বলে।

৩। মোরা, এসো, ছুটে চলি
অধিপতির পন্থে;
তাঁর মহিমা করি প্রচার
হর্ষধ্বনির কণ্ঠে।

৪। তাঁরই দান গ্রহণ করে
হয়ে উঠব পুণ্য;
সর্বকালে সর্বস্থানে
তাঁকে বলব ধন্য।

৫। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা
এক অভিন্ন ঈশ্বর,
যুগযুগব্যাপী গাইব মোরা,
ধন্য পরম ত্রিত্ব। (১০ম শতাব্দী)

ধুয়ো: পিতা যেমন আমাকে জানেন, * তেমনি আমি পিতাকে জানি;
আমার মেষপালের জন্য আমি নিজের প্রাণ বিসর্জন দিই।

বাণী পাঠ **১ পি ৪:১৩-১৪**

প্রিয়জনেরা, যতখানি তোমরা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী হচ্ছ, ততখানি আনন্দিত হও, যেন তাঁর গৌরবপ্রকাশের সময়ে আনন্দিত ও উল্লসিত হতে পার। খ্রীষ্টের নামের জন্য যদি তোমাদের অপমান করা হয়, তাহলে তোমরা সুখী, কারণ তখন ঈশ্বরেরই আত্মা, গৌরবের সেই আত্মা তোমাদের উপরে অধিষ্ঠিত।

℣ তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন;
℟ বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আমার কাছে * জীবন খ্রীষ্ট; এবং মৃত্যু লাভ;
প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশই আমার গৌরব!

বাণী পাঠ **১ পি ৫:১০-১১**

সকল অনুগ্রহ দানকারী ঈশ্বর, যিনি খ্রীষ্টে আপন চিরন্তন গৌরবলাভের উদ্দেশে তোমাদের আহ্বান করেছেন, তিনি নিজেই এই ক্ষণস্থায়ী যন্ত্রণাভোগের পর তোমাদের পুনঃপ্রতিষ্ঠিত, সুস্থির, সবল ও স্থিতমূল করে তুলবেন। প্রতাপ তাঁরই, চিরদিন চিরকাল। আমেন।

℣ এসো, ক্রুশের প্রতি শ্রদ্ধা দেখাই;
℟ আমাদের পরিত্রাণের চিহ্ন প্রণাম করি।

২য় সন্ধ্যারতি

বাণী পাঠ **শিষ্য ১৩:২৬-৩০ক**

ভাই সকল, পরিত্রাণের এই বাণী আমাদেরই কাছে প্রেরিত হয়েছে। কেননা যেরুসালেমের অধিবাসীরা ও তাদের সমাজনেতারা তাঁকে না জানায়, এবং প্রতি সাব্বাৎ দিনে নবীদের যে বাণী পাঠ করা হয় তাও না জানায়, তাঁকে দন্ডিত ক’রে সেই সমস্ত বাণী পূর্ণ করে তুলেছে। প্রাণদন্ড দেওয়ার মত কোন দোষ না পেয়েও তারা

পিলাতের কাছে তাঁকে হত্যা করার আবেদন জানাল। তারপর, তাঁর সম্বন্ধে যা কিছু লেখা ছিল, তা সিদ্ধ করার পর তারা সেই গাছ থেকে নামিয়ে তাঁকে এক সমাধির মধ্যে রেখে দিল। কিন্তু ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করে তুললেন।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।
উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।
প্র তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ ;
উ ধন্য, তুমি ধন্য।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : শাস্ত্রে লেখা আছে : * 'আমি পালককে আঘাত করব,
তাতে পালের মেষগুলোকে বিক্ষিপ্ত করা হবে।'
কিন্তু আমার পুনরুত্থানের পর আমি তোমাদের আগে আগে গালিলেয়ায় যাব :
সেইখানে তোমরা আমাকে দেখতে পাবে।

মিনতি নিবেদন

যিনি যন্ত্রণাভোগ করার জন্য এবং ঐশমহিমায় উন্নীত হবার জন্য এদিনে যেরুসালেমে গিয়েছিলেন, আসুন, সেই জগৎত্রাতা খ্রীষ্টের কাছে মিনতি জানাই :

হে বিশ্বরাজ, তোমার গৌরব হোক।

-হে পরিত্রাতা খ্রীষ্ট, তপস্যার মধ্য দিয়ে তোমার যন্ত্রণাভোগে অংশী হয়ে আমরা যেন তোমার পুনরুত্থানের মহিমাও লাভ করতে পারি।

-দীনদুঃখীর সান্ত্বনাদায়িনী তোমার মা আমাদের উপর দৃষ্টি রাখুন। শক্তি দাও, আমরাও যেন অবহেলিত মানুষকে সান্ত্বনা দিতে পারি।

-যাদের ক্ষতি করেছি, যাদের অমঙ্গল ঘটিয়েছি, তুমি তাদের যত্ন নাও। তোমার যন্ত্রণাভোগ গুণে আমরা যেন সকলকে ভালবাসতে পারি।

-তুমি ক্রুশমৃত্যু পর্যন্তই বিনম্রতা স্বীকার করেছ। আমাদের অন্তরেও বাধ্যতা, বিনম্রতা ও সহিষ্ণুতা সঞ্চার কর।

-মৃত সকলকে তোমার ঐশমহিমার অংশীদার করে তোল। আমাদেরও একদিন সৎসঙ্গে সানন্দে অংশ নিতে দাও।

সোমবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, স্বভাবে দুর্বল বলে আমরা যখন পাপে পতিত হই, তখন তোমার আশীর্বাদে আমরা যেন তোমার একমাত্র পুত্রের যন্ত্রণাভোগের গুণে সঞ্জীবিত হয়ে উঠি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর ;
উ আমি যে একাই, আমি যে দুঃখী।

২য় পর্ব   ℣ আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
℟   তখন নিজের কাছে সকলকে আকর্ষণ করব।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো: অপমান ও থুথু থেকে
আমি মুখ ঢেকে রাখিনি।
২য় ধুয়ো: যারা * আমার পালকে চারদিকে বিক্ষিপ্ত করে,
তাদের উপর খড়্গ উঁচু করব—বলছেন প্রভু।
৩য় ধুয়ো: আমার মূল্য * ধার্য করা হয়েছিল ত্রিশটা রুপোর টাকা,
এই মূল্যেই তারা ধার্য করেছিল আমায়।
৪র্থ ধুয়ো: জলরাশি * বয়ে গেল আমার মাথার উপর দিয়ে।
তখন আমি বললাম: আমি মৃত্যুমুখী।
আমি করব তোমার নাম,
হে প্রভু পরমেশ্বর।
৫ম ধুয়ো: চেয়ে দেখ, প্রভু,
বিদ্রোহীদের ঠোঁট, ওদের মতলব।

বাণী পাঠ **যেরে ১১:১৯-২০**

আমি ছিলাম তেমন বাধ্য মেষশাবকের মত যাকে জবাইখানায় নিয়ে যাওয়া হচ্ছে; জানতাম না যে, তারা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে বলছিল: 'এসো, গাছটা সতেজ থাকতেই ধ্বংস করি, জীবিতের দেশ থেকে তাকে উচ্ছেদ করি, যেন এর নাম আর কারও মনে না থাকে।' কিন্তু তুমি, হে সেনাবাহিনীর প্রভু, তুমি তো ন্যায়বিচার করে থাক; তুমি তো মানুষের অন্তর ও প্রাণ যাচাই করে থাক। আমি যেন দেখতে পাই তাদের উপর তোমার প্রতিশোধ! কারণ আমি তোমারই হাতে তুলে দিয়েছি আমার পক্ষ সমর্থনের ভার।

শ্লোক

℣ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ প্রতিটি গোষ্ঠী, ভাষা, জাতি ও দেশ থেকে,
℟ তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: হে ধর্মময় পিতা,
জগৎ তোমাকে জানেনি,
কিন্তু আমি তোমাকে জেনেছি,
কারণ তুমিই প্রেরণ করেছ আমায়।

মিনতি নিবেদন

সারাবিশ্বে আজ যাঁর যন্ত্রণাভোগের কথা স্মরণ করা হচ্ছে, সকল খ্রীষ্টভক্তদের সঙ্গে এক হয়ে, আসুন, সেই প্রভুর কাছে মিনতি নিবেদন করি:

আমাদের ত্রাণ কর, প্রভু।

-হে বিশ্বরাজ, ত্রিশ টাকার বিনিময়েই তোমাকে বিক্রি করা হয়েছিল। সুবুদ্ধি দাও, যেন তোমার চেয়ে অন্য

কিছুতেই কখনও প্রীত না হই।

-গেথ্‌সেমানি বাগানে তুমি দুঃখে উদ্বেগে অভিভূত হয়ে পড়েছিলে। সাহায্য কর, দুঃখ ও মৃত্যুর সম্মুখীন হওয়ার সময় আমরা যেন তোমার উপর নির্ভর করে তোমার মত সহিষ্ণু হতে পারি।

-তুমি পুণ্যের দর্পণ হলেও মানুষ তোমাকে নিপীড়ন করেছিল, দণ্ডিতও করেছিল। যারা আসলে দণ্ডনীয়, এই আমাদের তুমি ক্ষমা কর।

-তোমাকে দস্যুদের সঙ্গেই ক্রুশে দেওয়া হয়েছিল। তোমার মুক্তির গৌরব যেন সকলেরই দৃষ্টিগোচর হয়।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: পাস্কাপর্বের আগে * তাঁর সেই ক্ষণ এসে গেছে জানতেন বলে
যীশু তাঁর আপনজনদের চূড়ান্ত ভালবাসায় ভালবাসলেন।

বাণী পাঠ **এজে ৩৩:১০,১১ক**

আমাদের যত অন্যায়, যত পাপের ভার আমাদের উপরেই রয়েছে, ফলে আমরা ক্ষয় হয়ে যাচ্ছি! কী করে বাঁচব? আমার জীবনের দিব্যি—প্রভু পরমেশ্বরের উক্তি—দুর্জনের মৃত্যুতে আমি প্রীত নই; বরং সে যে নিজের পথ থেকে ফিরে বাঁচে, এতেই আমি প্রীত।

℣ অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন;
℟ তবু খুললেন না মুখ।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: পিতা যেমন আমাকে জানেন, * তেমনি আমি পিতাকে জানি;
আমার মেষপালের জন্য আমি নিজের প্রাণ বিসর্জন দিই।

বাণী পাঠ **যেরে ১৮:২০খ**

মনে রেখ, তাদের উপর থেকে তোমার ক্রোধ দূর করার জন্য আমি তোমার সামনে দাঁড়িয়ে তাদের পক্ষে কথা বলতাম।

℣ তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন;
℟ বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আমার কাছে * জীবন খ্রীষ্ট; এবং মৃত্যু লাভ;
প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশই আমার গৌরব!

বাণী পাঠ **যেরে ৩১:২,৩খ-৪ক**

প্রভু একথা বলছেন: 'যে জনগণ খড়্গ থেকে রেহাই পেয়েছে, তারা প্রান্তরেই অনুগ্রহ পেয়েছে; ইস্রায়েল এবার তার বিশ্রামস্থানের দিকে এগিয়ে যাচ্ছে। চিরকালীন ভালবাসায় তোমাকে ভালবেসেছি বলেই আমি এখনও তোমার উপর কৃপা প্রসারিত করছি। আমি তোমাকে পুনর্নির্মাণ করব আর তুমি, ইস্রায়েল-কুমারী, পুনর্নির্মিত হবে।'

℣ এসো, ক্রুশের প্রতি শ্রদ্ধা দেখাই;
℟ আমাদের পরিত্রাণের চিহ্ন প্রণাম করি।

সন্ধ্যারতি

বাণী পাঠ **রো ৫:৮-৯**

ঈশ্বর আমাদের প্রতি তাঁর ভালবাসা প্রমাণ করছেন, কেননা আমরা যখন পাপী ছিলাম, তখনই খ্রীষ্ট আমাদের জন্য মরলেন। সুতরাং এখন তাঁর রক্তে আমরা যখন ধর্মময় হয়ে উঠেছি, তখন ঐশক্রোধ থেকে যে তাঁরই দ্বারা

পরিত্রাণ পাব, তা আরও কতই না সুনিশ্চিত।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

প্র তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ ;

উ ধন্য, তুমি ধন্য।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : মোশী * যেমন মরুপ্রান্তরে সেই সাপ উত্তোলন করেছিলেন,
মানবপুত্রকেও তেমনি উত্তোলিত হতে হবে,
যে কেউ বিশ্বাস করে,
সে যেন তাঁর মধ্যে অনন্ত জীবন পেতে পারে।

মিনতি নিবেদন

যিনি ক্রুশ থেকে নিজের কাছে সকলকে আকর্ষণ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, তোমার ক্রুশেই আমাদের আশা।

-সেই ক্রুশে বিদ্ধ হয়ে তুমি মনে করেছিলে, তুমি মানবকুল থেকে বিচ্ছিন্ন, ঈশ্বর দ্বারা পরিত্যক্ত। যারা দুর্দশাগ্রস্ত ও বেদনাপীড়িত হয়ে তোমাকে ডাকে, তারা যেন তোমার ভালবাসা অনুভব করে।

-তোমার মৃত্যুকালে সারা পৃথিবী অন্ধকারে আচ্ছন্ন হয়ে পড়ল। আশীর্বাদ কর, মানবজাতি যেন বুঝতে পারে যে তোমার আলো ছাড়া সবকিছুই অন্ধকার।

-তোমার মৃত্যুর ফলে হিংসা ও বিচ্ছেদের যত প্রাচীর পড়ে গেল। সকল মানুষ যেন দেখতে পায় যে শুধু তোমার বাণী পালনেই প্রকৃত শান্তি ও ভ্রাতৃত্ব অর্জন করা যায়।

-তোমার মৃত্যুতে বিশ্বের নতুন যুগের সূচনা হয়েছে। তুমি নিজেই চরম মুক্তি ও নবীকরণের পথে মানবজাতিকে চালিত কর।

-সকলকে তোমার বুকে টেনে আনবার জন্য হাত প্রসারিত করেই তুমি প্রাণ ত্যাগ করেছ। আমাদের যে সকল ভাইবোন মৃত্যু বরণ করেছেন, তোমার অমৃতলোকে তাঁদের গ্রহণ কর।

মঙ্গলবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, আশীর্বাদ কর : প্রভুর যন্ত্রণাভোগ-রহস্য আমরা যেন এমন ভক্তির সঙ্গে পালন করি, যার ফলে তোমার ক্ষমার মাধুর্য আস্বাদ করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব *প্র* আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর ;

উ আমি যে একাই, আমি যে দুঃখী।

২য় পর্ব ℣ আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
℟ তখন নিজের কাছে সকলকে আকর্ষণ করব।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো: আমার দিকে তাকাও, প্রভু, * দেখ কী যন্ত্রণা আমার;
শীঘ্রই আমাকে সাড়া দাও।
২য় ধুয়ো: হে প্রভু, * আমার সুবিচার কর;
ছলনা ও শঠতার মানুষের হাত থেকে আমায় রেহাই দাও।
৩য় ধুয়ো: সঙ্কটে পড়ে * পাতালের বুক থেকে আমি প্রভুকে চিৎকার করে ডাকলাম,
আর তিনি সাড়া দিলেন আমায়।
৪র্থ ধুয়ো: প্রভু, * আমার কী দুর্দশা! আমাকে নিরাপদে রাখ।
আমি তো জানি না, আমার শত্রুদের কি বলতে হয়।
৫ম ধুয়ো: দুর্জনেরা বলছিল: * এসো, ধার্মিকের জন্য ফাঁদ পেতে থাকি,
কেননা সে আমাদের কাজের বিরোধী।

বাণী পাঠ **জাখা ১২:১০-১১ক**

আমি দাউদকুলের উপর ও যেরুসালেমের অধিবাসীদের উপর অনুগ্রহ ও মিনতির আত্মা বর্ষণ করব: তাই তারা তাকিয়ে দেখবে এই আমারই দিকে, যাঁকে তারা বিঁধিয়ে দিয়েছে। তাঁর জন্য তারা বিলাপ করবে যেমন একমাত্র পুত্রের জন্য বিলাপ করা হয়; তাঁর জন্য তারা শোক করবে যেমন প্রথমজাত পুত্রসন্তানের জন্য শোক করা হয়। সেদিন যেরুসালেমে বিরাজ করবে মহা বিলাপ।

শ্লোক

℣ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ প্রতিটি গোষ্ঠী, ভাষা, জাতি ও দেশ থেকে,
℟ তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: পিতা, * জগৎ হবার আগে তোমার কাছে আমার যে গৌরব ছিল,
তুমি এখন তোমার নিজের সাক্ষাতে আমাকে সেই গৌরবে গৌরবান্বিত কর।

মিনতি নিবেদন

দু'দিন পরে হবে পাস্কাপর্ব—আজ একথা বলে যীশু আপন শিষ্যদের কাছে আপন যন্ত্রণাভোগের কথা নির্দেশ করেছিলেন, এবং এই সত্যও নির্দেশ করেছিলেন যে, তিনি নিজেই হবেন আমাদের পাপ হরণের জন্য বলীকৃত প্রকৃত পাস্কা-মেষশাবক। আসুন, ভক্তিভরে তাঁকে ডাকি:

হে পাস্কা-মেষশাবক, তোমার রক্তই আমাদের মুক্তিমূল্য।

-হে দয়াময় সদ্‌গুরু, পিতর তোমাকে তিনবার অস্বীকার করেছিলেন। রক্ষা কর, আমরা যেন তোমার প্রতি বিশ্বস্ত থাকি।

-তুমি তো জান, আত্মা প্রস্তুত কিন্তু দেহ দুর্বল। আমরা যেন প্রলোভনে না পড়ি, তেমন প্রার্থনা ও সতর্কতা আমাদের শেখাও।

-পিতা তোমার আত্মবলিদান চাইলেই তুমি তাঁর ইচ্ছা মেনে নিয়েছিলে। সহায়তা কর, আমরাও যেন সবসময় সবকিছুতেই পরম পিতার ইচ্ছা পূর্ণ করতে পারি।

-হে ত্রাণেশ্বর, হে বিশ্ববিচারক, তুমি মানুষ দ্বারাই বিচারাধীন হয়েছিলে! জ্ঞান ও সৎসাহস দান কর, আমরা যেন তোমার উপযুক্ত সাক্ষ্য দান করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : পাস্কাপর্বের আগে * তাঁর সেই ক্ষণ এসে গেছে জানতেন বলে
যীশু তাঁর আপনজনদের চূড়ান্ত ভালবাসায় ভালবাসলেন।

বাণী পাঠ **১ করি ১:১৮-১৯**

যারা বিনাশপথে চলছে, তাদের কাছে ক্রুশের বাণী মূর্খতার নামান্তর; কিন্তু যারা পরিত্রাণ পাচ্ছি, সেই আমাদের কাছে তা ঈশ্বরের পরাক্রম। কারণ লেখা আছে: আমি ধ্বংস করে দেব প্রজ্ঞাবানের প্রজ্ঞা, ব্যর্থ করে দেব বুদ্ধিমানের বুদ্ধি।

℣ অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন;
℟ তবু খুললেন না মুখ।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : পিতা যেমন আমাকে জানেন, * তেমনি আমি পিতাকে জানি;
আমার মেষপালের জন্য আমি নিজের প্রাণ বিসর্জন দিই।

বাণী পাঠ **১ করি ১:২২-২৪**

ইহুদীরা নানা চিহ্ন দেখবার দাবি করতে করতে ও গ্রীকেরা প্রজ্ঞার সন্ধান করতে করতে আমরা এমন ক্রুশবিদ্ধ খ্রীষ্টকে প্রচার করি, যিনি ইহুদীদের পক্ষে স্খলনের কারণ ও বিজাতীয়দের কাছে মূর্খতার নামান্তর; কিন্তু আহূত যারা—তারা ইহুদী হোক বা গ্রীক হোক—তাদের কাছে আমরা এমন খ্রীষ্টকে প্রচার করি, যিনি ঈশ্বরের পরাক্রম ও ঈশ্বরের প্রজ্ঞা।

℣ তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন;
℟ বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমার কাছে * জীবন খ্রীষ্ট; এবং মৃত্যু লাভ;
প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশই আমার গৌরব!

বাণী পাঠ **১ করি ১:২৫,২৭ক**

যা ঈশ্বরের মূর্খতা, তা মানুষের চেয়ে প্রজ্ঞাময় এবং যা ঈশ্বরের দুর্বলতা, তা মানুষের চেয়ে শক্তিশালী। জগতের যা মূর্খ, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন প্রজ্ঞাবানদের লজ্জা দেবার জন্য।

℣ এসো, ক্রুশের প্রতি শ্রদ্ধা দেখাই;
℟ আমাদের পরিত্রাণের চিহ্ন প্রণাম করি।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ করি ১:২৭খ-৩০**

জগতের যা দুর্বল, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন, যা শক্তিশালী, তা লজ্জা দেবার জন্য; এবং জগতের যা হীন,

অবজ্ঞাত, যার কোন অস্তিত্ব নেই, ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন, যার অস্তিত্ব আছে, তা নস্যাৎ করে দেবার জন্য, যেন কোন মর্তমানুষ ঈশ্বরের সামনে গর্ববোধ করতে না পারে। তাঁরই জন্যে তোমাদের সেই খ্রীষ্টযীশুতে একটা অস্তিত্ব আছে, যিনি আমাদের জন্য হয়ে উঠেছেন ঈশ্বর থেকে আগত প্রজ্ঞা—অর্থাৎ ধর্মময়তা, পবিত্রতা ও মুক্তি।

শ্লোক

℣ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।
℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।
℣ তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ ;
℟ ধন্য, তুমি ধন্য।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ; * ধন্য, তুমি ধন্য।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আমার প্রাণ * বিসর্জন দেবার অধিকার আমার আছে ;
আর তা ফিরিয়ে নেবারও অধিকার আমার আছে।

মিনতি নিবেদন

যিনি অপমানের চিহ্ন সেই ক্রুশকে গৌরবেরই সিংহাসনে রূপান্তরিত করেছেন, তাঁর সেই ক্রুশে আশা রেখে, আসুন, প্রার্থনা করি :

হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি, তোমাকে বলি ধন্য।

-কালভারির পথে অনেক স্ত্রীলোক তোমার জন্য হায় হায় করতে করতে তোমার পিছনে পিছনে যাচ্ছিল। অত্যাচারিত, সমাজচ্যুত, দুঃখপীড়িত যত মানুষের প্রতি সমবেদনা দেখাতেই আমরা যেন তোমার সাহায্যে তোমার যন্ত্রণাভোগের অংশী হতে পারি।

-তোমার নিজের কয়েকজন সহধর্মীই তোমাকে নির্যাতকদের হাতে তোমাকে ধরিয়ে দিয়েছিল। কৃপা কর, মণ্ডলীতে সকলে যেন আনন্দপূর্ণ সহযোগিতা ও পারস্পরিক ভালবাসা দেখিয়েই তোমার রাজ্যের আগমনের জন্য ব্যস্ত থাকে।

-তুমি ক্রুশে থাকতে পথচারীরা তোমাকে ঠাট্টা করছিল, অপমান করছিল—তারা তো জানত না তুমি তাদেরই পরিত্রাণের জন্য যন্ত্রণাভোগ ও মৃত্যুবরণ করছিলে। নাস্তিক ও অবিশ্বাসীদের কাছে ব্যক্ত কর তাদের প্রতি তোমার অসীম প্রেম।

-ক্রুশের উপর তোমার তীব্র যন্ত্রণাকালে অনেকে হাসি-তামাশা করে তোমাকে বলছিল, ক্রুশ থেকে নেমে এসো। সকলকে দেখাও তোমার আত্মোৎসর্গের মুক্তিদায়ী প্রভাব।

-তোমার মৃত্যুক্ষণে যত সমাধিগুহার মুখ খুলে গেল। আমাদের পরলোকগত ভাইবোনদের জন্য অনন্ত জীবনের প্রবেশদ্বার খুলে দাও।

বুধবার

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে, শয়তানের কর্তৃত্ব থেকে আমাদের মুক্ত করার জন্য তোমার পুত্র ক্রুশ-যন্ত্রণায় নিজেকে সঁপে দেবেন। আশীর্বাদ কর : তোমার সেবক এই আমরা যেন পুনরুত্থানের অনুগ্রহ লাভ করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর;
℟ আমি যে একাই, আমি যে দুঃখী।

২য় পর্ব ℣ আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
℟ তখন নিজের কাছে সকলকে আকর্ষণ করব।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো: হে পরমেশ্বর, আমার ত্রাণেশ্বর, * রক্তপাত থেকে উদ্ধার কর আমায়,
আর আমার জিহ্বা করবে তোমার ধর্মময়তার গুণকীর্তন।
২য় ধুয়ো: আমি * কত অপবাদ, কত ভয়-ভীতি সহ্য করেছি:
কিন্তু মহাযোদ্ধারূপে প্রভুই আমার সহায়।
৩য় ধুয়ো: যারা * অকারণেই আমার প্রাণনাশে সচেষ্ট ছিল,
তারা নেমে যাবে পৃথিবীর তলদেশে।
৪র্থ ধুয়ো: প্রভু, * আমার অমঙ্গলের কথা শুনেছে আমার সকল শত্রু;
ওরা আনন্দিত, কেননা তুমি নিজেই করেছ এসব কিছু।
৫ম ধুয়ো: প্রভু, * সকল জাতির উপর ত্রাণকর্তারূপে উন্নীত হও;
প্রেমের বন্ধনেই তাদের আবদ্ধ কর।

বাণী পাঠ ইসা ৫০:৫-৭

প্রভু পরমেশ্বর আমার কান উন্মুক্ত করেছেন; আর আমি প্রতিবাদ করিনি, পিছিয়ে যাইনি। যারা আমাকে মারছিল, তাদের দিকে পিঠ, যারা আমার দাড়ি ছিঁড়ে নিচ্ছিল, তাদের দিকে গাল পেতে দিলাম; অপমান ও থুথু থেকে মুখ ঢেকে রাখিনি। প্রভু পরমেশ্বর আমার সহায়তা করেন, এজন্যই আমি বিহ্বল হই না, এজন্যই পাথরের মতই কঠিন করে তুলেছি আমার মুখ। আমি জানি, আমাকে লজ্জিত হতে হবে না।

শ্লোক

℣ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ প্রতিটি গোষ্ঠী, ভাষা, জাতি ও দেশ থেকে,
℟ তোমার আপন রক্তমূল্য দিয়ে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: বিশ্বাসঘাতক * এ সঙ্কেত দিয়ে বলেছিল:
আমি যাকে চুম্বন করব, লোকটি সে-ই! তোমরা তাকে ধর!

মিনতি নিবেদন

খ্রীষ্টের যন্ত্রণাভোগ-অনুষ্ঠান উদ্‌যাপনে মিলিত হয়ে, আসুন, তাঁর কাছে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার পাস্কার শুভফল আমাদের দান কর।

-তুমি ক্রুশের অপমান গ্রহণ করেছিলে। আমাদের দান কর তোমার পুনরুত্থানের গৌরব।
-তোমার বন্ধুদের একজনই তোমাকে শত্রুর হাতে ধরিয়ে দিয়েছিল। বিশ্বাসঘাতকতা থেকে তোমার ভক্তদের রক্ষা

কর।

-জৈতুন পর্বতে তুমি প্রার্থনা করেছিলে, পিতা যেন যন্ত্রণার পানপাত্র থেকে তোমাকে রেহাই দেন। আশীর্বাদ কর, কোন দুঃখবেদনা যেন আমাদের ভরসা ও প্রার্থনা কখনও নিঃশেষিত না করে।

-যে জনগণের প্রতি তুমি এত ভালবাসা দেখিয়েছিলে, তারা নাকি বলল, তার রক্ত আমাদের উপর নেমে পড়ুক! সেই রক্ত আমাদের ও সকল মানুষকে শুচিশুদ্ধ ও পরিত্রাণধন্য করুক।

পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: পাস্কাপর্বের আগে * তাঁর সেই ক্ষণ এসে গেছে জানতেন বলে
যীশু তাঁর আপনজনদের চূড়ান্ত ভালবাসায় ভালবাসলেন।

বাণী পাঠ **১ তি ২:৪-৬**

আমাদের ত্রাণকর্তা ঈশ্বর চান, সকল মানুষ যেন পরিত্রাণ পায় ও সত্যের পূর্ণ জ্ঞানে পৌঁছতে পারে। কেননা ঈশ্বর এক, এবং ঈশ্বর ও মানুষের মধ্যে মধ্যস্থ এক—তিনি সেই মানুষ যীশুখ্রীষ্ট যিনি সকলের মুক্তিপণ হিসাবে নিজেকে দান করলেন। এই সাক্ষ্য তিনি নির্ধারিত সময়েই দান করলেন।

℣ অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন;
℟ তবু খুললেন না মুখ।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: পিতা যেমন আমাকে জানেন, * তেমনি আমি পিতাকে জানি;
আমার মেষপালের জন্য আমি নিজের প্রাণ বিসর্জন দিই।

বাণী পাঠ **রো ১৫:৩**

খ্রীষ্ট নিজেকে তুষ্ট করতে চেষ্টা করেননি; বরং যেমন লেখা আছে: 'যারা তোমাকে অপবাদ দেয়, তাদের সেই অপবাদ আমার উপরেই এসে পড়েছে।'

℣ তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন;
℟ বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট।

অপরাহ্ন প্রহর

ধুয়ো: আমার কাছে * জীবন খ্রীষ্ট; এবং মৃত্যু লাভ;
প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশই আমার গৌরব!

বাণী পাঠ **হিব্রু ৯:২৮**

বহুমানুষের পাপ বহন করার জন্য খ্রীষ্ট কেবল একবার, চিরকালের মত, নিজেকে উৎসর্গ করার পর, পাপের কথা বাদে আর একবার তাদের জন্য আবির্ভূত হবেন, যারা পরিত্রাণের জন্য তাঁর প্রতীক্ষায় আছে।

℣ এসো, ক্রুশের প্রতি শ্রদ্ধা দেখাই;
℟ আমাদের পরিত্রাণের চিহ্ন প্রণাম করি।

সন্ধ্যারতি

বাণী পাঠ **এফে ৪:৩২–৫:২**

পরস্পরের প্রতি তোমরা উদারমনা ও সহৃদয় হও, পরস্পরকে ক্ষমা কর, যেমন ঈশ্বরও খ্রীষ্টে তোমাদের ক্ষমা করেছেন। অতএব প্রিয় সন্তানের মত তোমরা ঈশ্বরের অনুকারী হও। ভালবাসায় চল, যেইভাবে খ্রীষ্টও আমাদের

ভালবেসেছেন ও আমাদেরই জন্য ঈশ্বরের কাছে নৈবেদ্য ও সুরভিত বলিরূপে নিজেকে সঁপে দিয়েছেন।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি; * ধন্য, তুমি ধন্য।

উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি; * ধন্য, তুমি ধন্য।

প্র তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ;

উ ধন্য, তুমি ধন্য।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি; * ধন্য, তুমি ধন্য।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: গুরু বলে পাঠিয়েছেন,
'আমার সময় এসে গেছে;
তোমারই বাড়িতে আমি আমার শিষ্যদের সঙ্গে
পাস্কা পালন করব।'

মিনতি নিবেদন

গলগথার আলোই জগৎসংসারের অন্ধকার উদ্ভাসিত করে। আসুন, প্রার্থনা করি, আমাদের চোখ যেন সবসময় সেই আলোর দিকে নিবদ্ধ থাকে:

তোমার ক্রুশ-মাহাত্ম্যগুণে, প্রভু, আমাদের উদ্ভাসিত কর।

-হে প্রভু, তোমার বিরুদ্ধে অনেকে মিথ্যাসাক্ষ্য দিয়েছিল। খ্রীষ্টভক্তদের আচরণ যেন কখনও তোমার বাণীর প্রভা অন্ধকারময় না করে।

-সাইরিনির একজন লোক তোমার ক্রুশের ভার বহন করায় তোমার প্রতি তার এ সহভাগিতার জন্য ধন্য হয়েছে। কৃপা কর, দুঃখভোগের সময়ে আমরাও যেন অনুভব করতে পারি, আমরা তোমার যন্ত্রণাভোগের সহভাগী।

-তোমার মৃত্যুর পরে প্রকৃতি নানা ভাবে তোমার জন্য দুঃখ প্রকাশ করেছিল; ফলে সেই শতপতি তোমাকে ঈশ্বরপুত্র বলে স্বীকার করেছিল। আজকালের মানুষের মন উদ্বুদ্ধ কর, তারা যেন সৃষ্টিকাজে তোমার প্রেমের চিহ্ন দেখতে পায়।

-তোমার বিদীর্ণ বুক থেকে তুমি পরিত্রাণের বাহক সেই মণ্ডলীর জন্ম দিয়েছিলে। আশীর্বাদ কর, তোমার এ ভক্তমণ্ডলী যেন মানুষের পক্ষে তোমার সঙ্গে ও পরস্পরের মধ্যে মিলনের সাক্রামেন্ত হতে পারে।

-মৃত্যুবরণ করায় তুমি মৃত্যুর প্রভাব ধ্বংস করেছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার গৌরবময় পুনরুত্থানের অংশীদার করে তোল।

বৃহস্পতিবার

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমাকে ভালবেসেই আমরা ধর্মময়তা লাভ করি। অনুনয় করি তোমায়: তোমার দিব্য অনুগ্রহধারা আমাদের অন্তরে অপর্যাপ্ত মাত্রায় বর্ষণ কর। তোমার পুত্রের মৃত্যুর ফলে আমাদের যা পাবার আশা, তুমি তা পূরণ কর—আমাদের কর তাঁর পুনরুত্থানের অংশীদার।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র আমার দিকে চেয়ে দেখ, আমাকে দয়া কর ;

উ আমি যে একাই, আমি যে দুঃখী।

২য় পর্ব প্র আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,

উ তখন নিজের কাছে সকলকে আকর্ষণ করব।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : হে প্রভু, * তোমার বাণীতে তুমি ধর্মময়,
তোমার বিচারে তুমি ত্রুটিহীন।

২য় ধুয়ো : প্রভু * ছিলেন জবাইখানায় চালিত মেষশাবকেরই মত,
তবু খুললেন না মুখ।

৩য় ধুয়ো : আমার মধ্যে * আমার হৃদয় চূর্ণবিচূর্ণ,
আমার হাড়গুলি কম্পান্বিত।

৪র্থ ধুয়ো : তোমার অনুগ্রহগুণে * ও তোমার পবিত্র ভোজের অন্নদানে, প্রভু,
তুমি হলে আমাদের নির্ভর।

৫ম ধুয়ো : তাঁকে * উৎসর্গ করা হয়েছে কারণ তিনি নিজেই তা চাইলেন।
আমাদের পাপরাশি তিনি তুলে বহন করলেন।

বাণী পাঠ **হিব্রু ২:৯খ-১০**

যীশু মৃত্যুযন্ত্রণা ভোগ করেছেন বলে এখন গৌরব ও মহিমার মুকুটে পরিবৃত, যেন ঈশ্বরের অনুগ্রহে তিনি সকল মানুষের মঙ্গলের জন্যই মৃত্যুকে আস্বাদ করেন। যাঁর উদ্দেশে ও যাঁর দ্বারা সমস্ত কিছুই অস্তিত্ব পেয়ে আছে, সেই ঈশ্বর তাঁর বহু সন্তানকে যখন গৌরবে আনতে চাইলেন, তাঁর পক্ষে তখন এটা অবশ্যই সমীচীন ছিল যে, তিনি তাদের পরিত্রাণের সেই অগ্রনায়ককে দুঃখকষ্ট ভোগের মধ্য দিয়ে তাঁর সিদ্ধতায় চালিত করবেন।

শ্লোক

প্র হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
উ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।
প্র প্রতিটি গোষ্ঠী, ভাষা, জাতি ও দেশ থেকে,
উ তোমার আপন রক্তমূল্য দিয়ে।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে প্রভু, তুমি আমাদের মুক্তি সাধন করেছ * তোমার আপন রক্তমূল্য দিয়ে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : আমি * একান্তই বাসনা করেছি,
আমার যন্ত্রণাভোগের আগে তোমাদের সঙ্গে এ পাস্কাভোজে বসব।

মিনতি নিবেদন

যিনি পিতা দ্বারা পরমাত্মার অভিষেক-তেলে অভিষিক্ত হয়েছেন যেন মানবজাতি স্বর্গীয় ঐশ্বর্য লাভ করতে পারে, আসুন, ভক্তিভরে সেই চিরকালীন মহাযাজকের স্তুতিবাদ করি :

হে প্রভু, আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-দীক্ষাস্নানের মধ্য দিয়ে তুমি মৃত্যু, সমাধি ও পুনরুত্থানে তোমার সঙ্গে আমাদের মিলিত করেছ।

-হস্তার্পণের আত্মিক তৈলাভিষেকের মধ্য দিয়ে তুমি আমাদের তোমার রাজকীয় যাজকীয় ও নবীয় মর্যাদার সহভাগী করেছ।

-তুমি তো আনন্দ, শান্তি ও পরিত্রাণের তেলে আমাদের অভিষিক্ত কর।

-পরমাত্মার ঐশ্বর্যে আমাদের পরিপূর্ণ করার জন্য তুমি তো সাক্রামেন্তের মধ্য দিয়ে আমাদের দেখতে এসো।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : পাস্কাপর্বের আগে * তাঁর সেই ক্ষণ এসে গেছে জানতেন বলে
যীশু তাঁর আপনজনদের চূড়ান্ত ভালবাসায় ভালবাসলেন।

বাণী পাঠ **হিব্রু ৪:১৪-১৫**

যেহেতু আমরা এক পরম মহাযাজককে পেয়েছি যিনি আকাশমণ্ডল অতিক্রম করেছেন—সেই ঈশ্বরপুত্র যীশু—সেজন্য এসো, আমরা আমাদের বিশ্বাস-স্বীকৃতির ব্যাপারে দৃঢ়প্রতিষ্ঠিত থাকি। কেননা আমরা এমন মহাযাজককে পাইনি, যিনি আমাদের দুর্বলতার সমব্যথী হতে অক্ষম, তিনি বরং পাপ ছাড়া আমাদের মতই সবদিক দিয়ে পরীক্ষিত হয়েছেন।

℣ অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন ;
℟ তবু খুললেন না মুখ।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : পিতা যেমন আমাকে জানেন, * তেমনি আমি পিতাকে জানি ;
আমার মেষপালের জন্য আমি নিজের প্রাণ বিসর্জন দিই।

বাণী পাঠ **হিব্রু ৭: ২৬-২৭**

তেমনই এক মহাযাজক আমাদের পক্ষে উপযুক্ত ছিলেন, যিনি পুণ্যবান, নির্দোষ, নিষ্কলঙ্ক, পাপী মানুষের কাছ থেকে পৃথক, স্বর্গের ঊর্ধ্বেই উন্নীত। অন্যান্য মহাযাজকদের মত প্রতিদিন তাঁর পক্ষে এমন প্রয়োজন নেই যে, আগে নিজের এবং তারপরে জনগণের পাপের জন্য বলি উৎসর্গ করবেন, কেননা নিজেকে উৎসর্গ করে দিয়ে তিনি সেই কাজ একবার চিরকালের মতই সম্পন্ন করলেন।

℣ তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন ;
℟ বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমার কাছে * জীবন খ্রীষ্ট ; এবং মৃত্যু লাভ ;
প্রভু যীশুখ্রীষ্টের ক্রুশই আমার গৌরব !

বাণী পাঠ **হিব্রু ৯:১১-১২**

খ্রীষ্ট আসন্ন মঙ্গলদানগুলির মহাযাজকরূপেই আবির্ভূত হয়ে, মহত্তর ও সিদ্ধতর তাঁবুটির মধ্য দিয়ে—যা মানুষের হাতে গড়া নয়, অর্থাৎ যা এই পার্থিব সৃষ্টির অঙ্গ নয়—ছাগ বা বাছুরের রক্তের মধ্য দিয়েও নয়, বরং নিজেরই রক্তের মধ্য দিয়ে, একবারই, চিরকালের মত, পবিত্রধামে প্রবেশ করেছেন, যেহেতু তিনি চিরকালীন মুক্তির সন্ধান পেলেন।

℣ এসো, ক্রুশের প্রতি শ্রদ্ধা দেখাই ;
℟ আমাদের পরিত্রাণের চিহ্ন প্রণাম করি।

পবিত্র পাস্কা দিবসত্রয়

প্রভুর ভোজ বৃহস্পতিবার

সন্ধ্যারতি

তাঁদেরই জন্য ব্যবহারযোগ্য যাঁরা সান্ধ্য মিসায় অংশ দেন না।

স্তোত্র

১। প্রভুর মৃত্যুর ওগো স্মৃতি,
মোদের জীবন-রুটি,
তোমায় যেন খেয়ে বাঁচি,
তব স্বাদে উল্লাসি।

২। দয়ার সাগর, ওগো যীশু,
কৃপা কর দান :
তব রক্তে কর তুমি
শুচি মোদের প্রাণ।

৩। গৌরবধামে তব মুখের
দর্শন পাব যখন,
পিতা ও আত্মার সঙ্গে তবও
স্তুতি গাইব তখন। (১০ম শতাব্দী)

১ম ধুয়ো : পরিত্রাণের * পানপাত্র তুলে ধরে
আমি করব প্রভুর নাম। সাম ১১৬ খ
২য় ধুয়ো : আমি * ঠিকই বলি শান্তির কথা,
কিন্তু তারা যুদ্ধেরই পক্ষে। সাম ১২০
৩য় ধুয়ো : হিংসাপন্থী * মানুষের হাত থেকে, প্রভু,
আমাকে নিরাপদে রাখ।সাম ১৪০
৪র্থ ধুয়ো : আমার জন্য পাতা ফাঁদ থেকে * আমায় রক্ষা কর,
অপকর্মাদের জাল থেকে রক্ষা কর। সাম ১৪১
৫ম ধুয়ো : হে আমার আপন জাতি, * কী করেছি তোমায়?
বল, কী করে দুঃখ দিয়েছি তোমায়? গীতিকা ফিলি

বাণী পাঠ **হিব্রু ১৩:১২-১৫**

নিজের রক্ত দ্বারা জনগণকে পবিত্রিত করার জন্য যীশু নগরদ্বারের বাইরে যন্ত্রণাভোগ করেছিলেন। সুতরাং এসো, আমরা তাঁর সেই দুর্নাম বহন করতে করতে শিবিরের বাইরেই তাঁর কাছে যাই। কেননা এখানে আমাদের জন্য স্থায়ী কোন নগরী নেই; আমরা সেই নগরীর সন্ধান করছি যা একদিন আসবার কথা। অতএব এসো, আমরা তাঁর মধ্য দিয়ে ঈশ্বরের কাছে নিত্যই উৎসর্গ করি স্তুতি-বলিদান, অর্থাৎ সেই ওষ্ঠেরই ফল, যে ওষ্ঠ স্বীকার করে তাঁর নাম।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :

ধুয়ো : খ্রীষ্ট আমাদের জন্য
মৃত্যু পর্যন্ত নিজেকে বাধ্য করলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : অন্তিম ভোজ চলছে,
এমন সময় যীশু রুটি গ্রহণ করে নিয়ে 'ধন্য' স্তুতিবাদ উচ্চারণ ক'রে
রুটি ছিঁড়ে তা শিষ্যদের দিলেন।

মিনতি নিবেদন

যে রাত্রিতে আমাদের ত্রাণকর্তাকে শত্রুদের হাতে তুলে দেওয়া হয়েছিল, সেই রাত্রিতে অন্তিম ভোজ সমাধা করে তিনি আপন মণ্ডলীর হাতে তাঁর আপন মৃত্যু ও পুনরুত্থানের এমন স্মারক যজ্ঞানুষ্ঠান সম্প্রদান করেছিলেন, সে যেন তাঁর পুনরাগমন পর্যন্ত চিরকালের মত সেই অনুষ্ঠান উদ্‌যাপন করে। এ মহা ঐশসত্যের আলোতে, আসুন, খ্রীস্টের কাছে আমাদের প্রার্থনা নিবেদন করি :

তোমার রক্তমূল্যে যাদের মুক্ত করেছ, প্রভু, তোমার সেই জনগণকে পবিত্র করে তোল।

-তুমি মণ্ডলীকে তোমার আপন যাজকীয় মর্যাদার সহভাগী করেছ। স্তুতি-বলি উৎসর্গ করতে গিয়ে মণ্ডলী যেন সবসময় অনুভব করে, সে তোমার সঙ্গে মিলিত।

-তুমি তো বিমুক্ত জনগণকে স্বর্গ থেকে অবতীর্ণ জীবনরুটি দান কর। তোমার ভক্তজন যেন সর্বদা তোমার জন্য ক্ষুধিত হয়।

-তুমি তো আমাদের হাতে তোমার রক্তে সাধিত সন্ধির পানপাত্র তুলে দাও। সকলে যেন সানন্দে পরিত্রাণের এ উৎসধারা থেকে পান করে।

-তুমি আমাদের কাছে এক নতুন আজ্ঞা রেখে গেছ। মানবজাতি যেন ভালবাসার সৃষ্টিশক্তির অভিজ্ঞতা করে।

-ঐশরাজ্যে চরম পাস্কার পূর্বচিহ্ন স্বরূপ তুমি শিষ্যদের সঙ্গে পাস্কা-ভোজে বসেছ। আমাদের পরলোকগত ভাইবোনদের সঙ্গে আমাদেরও সেই সনাতন ভোজে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার গৌরবার্থে ও আমাদের পরিত্রাণার্থে তুমি তোমার পুত্র যীশুখ্রীষ্টকে চিরকালীন মহাযাজক রূপে নিযুক্ত করেছ। অনুনয় করি তোমায় : আমরা যারা তাঁর রক্তমূল্যে তোমার আপন জনগণ হয়ে উঠেছি, তাঁর স্মরণ অনুষ্ঠানে যোগদানের ফলে যেন তাঁর মৃত্যু ও পুনরুত্থানের পরিত্রাণদায়ী শক্তি আমাদের জীবনে উপলব্ধি করতে পারি।

সমাপনী অনুষ্ঠান

নিম্নের অংশ ব্যতীত, সবকিছু সাধারণ।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :

ধুয়ো : খ্রীষ্ট আমাদের জন্য
মৃত্যু পর্যন্ত নিজেকে বাধ্য করলেন।

বিদায় : ℣ আসুন, প্রভুকে বলি ধন্য ;
℟ ঈশ্বরকে ধন্যবাদ।

কুমারী মারীয়ার উদ্দেশে সমাপনী সঙ্গীত বাতিল।

প্রভুর যন্ত্রণাভোগ শুক্রবার

সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি : সদয় দৃষ্টিপাত কর তোমার এ সন্তানদের উপর যাদের জন্য আমাদের প্রভু যীশু খ্রীষ্ট নির্যাতনকারীদের হাতে নিজেকে সঁপে দিতে ও ক্রুশযন্ত্রণা ভোগ করতে দ্বিধাবোধ করেননি।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : যিনি আপন রক্তমূল্য দিয়ে আমাদের মুক্তি সাধন করেছেন,
এসো, ঈশ্বরপুত্র সেই খ্রীস্টের চরণে প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : প্রভু * ও তাঁর অভিষিক্তজনের বিরুদ্ধে
রুখে দাঁড়াচ্ছে পৃথিবীর রাজা সকল। সাম ২

২য় ধুয়ো : যারা * আমার প্রাণনাশে সচেষ্ট,
তারা ফাঁদ ফেলে। সাম ৩৮

৩য় ধুয়ো : উদ্ধত লোক * আমার বিরুদ্ধে উঠছে,
হিংসাপন্থী লোক আমার প্রাণনাশের চেষ্টায় আছে। সাম ৫৪

℣ ওরা নিজেদের মধ্যে আমার জামাকাপড় ভাগ করে,
℟ আমার পোশাক নিয়ে গুলিবাঁট করে।

২য় পর্ব

১ম ধুয়ো : আক্রমণকারীদের হাত থেকে, * আমাকে নিরাপদে রাখ, প্রভু,
ওরা যে আমার প্রাণ নেবার জন্য ওত পেতে আছে! সাম ৫৯

২য় ধুয়ো : প্রিয়জন ও বন্ধুকে * তুমি আমা থেকে সরিয়ে দিয়েছ দূরে,
অন্ধকার একমাত্র সঙ্গী আমার। সাম ৮৮

৩য় ধুয়ো : যখন * তুমি বিচার করতে উত্থিত হও, পরমেশ্বর,
তখন ভয়ে মর্ত হয়ে পড়ে নিশ্চুপ। সাম ৭৬

℣ মিথ্যাসাক্ষীর দল আমার বিরুদ্ধে উঠে দাঁড়াল;
℟ মিথ্যা নিজেকেই প্রতারণা করল।

৩য় পর্ব

ধুয়ো : সৈন্যের বর্শার আঘাতে * ক্রুশবিদ্ধ প্রভুর বুকের পাশ খুলে গেল;
সেখান থেকে বেরিয়ে এল আমাদের মুক্তিমূল্যের রক্ত আর জল।

গীতিকামালা : তপস্যাকালের ১ম–৫ম রবিবারের জাগরণীর ৩য় পর্ব পালনীয়, পৃঃ ১৯৬।

℣ সহানুভূতি আশা করেছি—পাইনি কিছু;
℟ কোন এক সান্ত্বনাদাতার প্রতীক্ষায় ছিলাম—পাইনি কাউকে।

সুসমাচার ঘোষণা : **ক**। মথি ২৭:১-২,১১-৫৬; **খ**। মার্ক ১৫:১-৪১; **গ**। লুক ২৩:১-৪৯।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন। (৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : ঈশ্বর * নিজের পুত্রকেও রেহাই দেননি,
বরং আমাদের সকলের জন্য তাঁকে সমর্পণ করেছেন। সাম ৫১

২য় ধুয়ো : আমার মধ্যে * আত্মা মূর্ছাতুর,
বুকে হৃদয় অবসন্ন। সাম ১৪৩

৩য় ধুয়ো : দস্যু * আর এক দস্যুকে বলল,
'আমরা আমাদের অপকর্মের যোগ্য প্রতিফল পাচ্ছি।
কিন্তু এ কোন দোষ করেনি।
প্রভু, তুমি যখন রাজমহিমায় আসবে,
তখন আমার কথা মনে রেখ।' সাম ৮৫
৪র্থ ধুয়ো : যখন * আমার প্রাণ ভীত হয়ে পড়বে,
তখন, প্রভু, করুণা স্মরণ কর! গীতিকা—পৃঃ ৭০৫
৫ম ধুয়ো : প্রভু, * তুমি যখন রাজমহিমায় আসবে,
তখন আমার কথা মনে রেখ! সাম ১৪৭ খ

বাণী পাঠ **ইসা ৫২:১৩-১৫**

দেখ! আমার দাস কৃতকার্যই হবেন: তিনি উন্নীত হবেন, উত্তোলিত হবেন, হবেন মহামহিম। একদিন যেমন তাঁর জন্য বহু মানুষ শিহরে উঠেছিল,—অন্য মানুষের তুলনায় তাঁর চেহারা এমনই বিকৃত ছিল যে, আদমসন্তানদের সঙ্গে তাঁর আর কোন সাদৃশ্যই ছিল না—একদিন তেমনি বহু দেশের মানুষ তাঁর বিষয়ে বিস্ময়মগ্ন হয়ে যাবে। রাজারা তাঁর কারণে মুখ বন্ধ রাখবে, কারণ তাদের কাছে যা কখনও বলা হয়নি, তারা তা দেখতে পাবে; যা কখনও শোনেনি, তারা তা উপলব্ধি করবে।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয়:
ধুয়ো: খ্রীষ্ট আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,
এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: তাঁর মাথার উপর * একটা লিপিফলক ছিল:
নাজারেথের যীশু - ইহুদীদের রাজা।

মিনতি নিবেদন

যিনি আমাদের জন্য যন্ত্রণাভোগ ও মৃত্যুবরণ করে অনন্ত জীবনে পুনরুত্থান করার জন্য সমাহিত হয়েছেন, আসুন, ভক্তিভরে আমাদের সেই পরিত্রাতার কাছে মিনতি জানাই:

হে প্রভু, দয়া কর।

-হে সদ্‌গুরু, আমাদের জন্য তুমি মৃত্যু পর্যন্তই বাধ্য হলে। সাহায্য কর, আমাদের জীবনযাত্রার আঁধারে আমরা যেন পিতার ইচ্ছায় বাধ্যতা দেখাতে পারি।

-হে জীবনস্বামী, ক্রুশমৃত্যু বরণ করায় তুমি মৃত্যু ও নরকের প্রভাব বিনাশ করেছ। কৃপা কর, আমরা যেন তোমার সঙ্গে মৃত্যুবরণ করে পুনরুত্থানও করতে পারি।

-হে রাজেশ্বর, তুমি হলে মানুষের তাচ্ছিল্যের বস্তু, তোমাকে আর মানুষ বলে মনেই হচ্ছিল না। যে বিনম্রতা জগতের পরিত্রাণ সাধন করেছে, সেই বিনম্রতার বসন পরতে তুমিই আমাদের শেখাও।

-হে মুক্তিদাতা, বন্ধুদের জন্য তুমি জীবন বিসর্জন দিয়েছ। শক্তি দাও, আমরা যেন পরস্পরকে সেইভাবে ভালবাসতে পারি তুমি আমাদের যেভাবে ভালবেসেছ।

-হে ত্রাণেশ্বর, সর্বকালের মানুষকে নিজের বুকে আকর্ষণ করবার জন্য তুমি ক্রুশের উপর দু'হাত প্রসারিত করেছিলে। ঈশ্বরের যত বিক্ষিপ্ত সন্তানকে ঐশরাজ্যে সংগ্রহ কর।

সমাপন প্রার্থনা

বিদায় : ℣ আসুন, প্রভুকে বলি ধন্য ;
℟ ঈশ্বরকে ধন্যবাদ।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

১। উদ্ধার কর, মুক্তিদাতা,
তব ভ্রাতাদের,
শত্রু পাছে ধরে তাদের,
করলে যাদের ত্রাণ।

২। মানুষ পাপী ! কর ক্ষমা,
হে বিশ্বরাজন !
স্বর্গে গ্রহণ কর তাদের,
কৃপা কর দান। (১০ম শতাব্দী)

ধুয়ো : দস্যু * আর এক দস্যুকে বলল,
'আমরা আমাদের অপকর্মের যোগ্য প্রতিফল পাচ্ছি।
কিন্তু এ কোন দোষ করেনি।
প্রভু, তুমি যখন রাজমহিমায় আসবে,
তখন আমার কথা মনে রেখ।'

বাণী পাঠ **ইসা ৫৩:২-৩**

তিনি তাঁর সামনে বেড়ে উঠেছেন একটা চারাগাছের মত, শুষ্ক ভূমিতে একটা শিকড়ের মত। তাঁর এমন রূপ বা শোভা নেই যা আমাদের দৃষ্টি আকর্ষণ করতে পারে ; তেমন আকৃতি নেই যা আমাদের মন জয় করতে পারে। অবজ্ঞাত ও মানুষের পরিত্যক্ত, এমন কষ্টভোগী মানুষ যন্ত্রণার সঙ্গে যাঁর দীর্ঘ পরিচয় ; যার সামনে লোকে মুখ আচ্ছাদন করে তেমন মানুষের মতই তিনি অবজ্ঞাত হলেন, আর আমরা তাঁকে কোন সম্মানই দিইনি।

℣ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি ;
℟ তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র

১। ক্রুশই ত্রাণের নিশ্চিত আশা,
ক্রুশই আশীর্বাদ,
পূর্বে অধোলোকের অস্ত্র,
এখন স্বর্গের দ্বার।

২। ক্রুশে উত্তোলিত বলি
বুকে নিলেন সব ;
তাঁকে চাইত সেই যে শত্রু
কিছুই পেল না।

৩। পিতা ও আত্মার সঙ্গে, যীশু,
তব গৌরব হোক !
তব ক্রুশের বিজয়ে মোদের
করলে পরিত্রাণ। (সাধু পিতর দামিয়ান † ১০৭২)

ধুয়ো : তোমরা সকলে, * যারা এই পথ দিয়ে চল, ভেবে দেখ,
চেয়ে দেখ তোমরা, এমন দুঃখ আছে কিনা, যা আমার এই দুঃখের মত।

বাণী পাঠ **ইসা ৫৩:৪-৫**

তিনি আমাদেরই যন্ত্রণা তুলে বহন করেছেন ; বরণ করে নিয়েছেন আমাদের যত কষ্ট ; আর আমরা নাকি মনে করছিলাম, তিনি প্রহারিত, পরমেশ্বর দ্বারা আঘাতগ্রস্ত, জর্জরিত ! তিনি বরং আমাদেরই অন্যায়-অপকর্মের জন্য বিদ্ধ হয়েছেন ; আমাদের শঠতার জন্যই চূর্ণবিচূর্ণ হয়েছেন ; আমাদের শান্তির পণ সেই শাস্তি তাঁর উপরে নেমে

পড়ল। তাঁরই ক্ষতগুণে আমরা নিরাময় হলাম।

℣ প্রভু, তুমি যখন রাজমহিমায় আসবে,

℟ তখন আমার কথা মনে রেখ।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র

১। ক্রুশের দ্বারা, ওগো যীশু,
কর জীবন দান;
ক্রুশে বিদ্ধ তুমি হলে
বিশ্বের মুক্তিপণ।

২। তব মৃত্যু নবীন করল
মানুষের দশা:
গেল প্রাচীন সেই দাসত্ব,
করলাম মুক্তি লাভ।

৩। পিতা ও আত্মার সঙ্গে, যীশু,
তব গৌরব হোক!
তব ক্রুশের বিজয়ে মোদের
করলে পরিত্রাণ। (সাধু পিতর দামিয়ান † ১০৭২)

ধুয়ো: প্রভু, * তুমি যখন রাজমহিমায় আসবে,
তখন আমার কথা মনে রেখ।

বাণী পাঠ **ইসা ৫৩:৬-৭**

আমরা সকলে মেষপালের মত পথভ্রষ্ট ছিলাম, প্রত্যেকে নিজ নিজ পথ ধরে চলতাম; প্রভু আমাদের সকলের অপরাধ তাঁরই উপরে চেপে দিলেন। অত্যাচারিত হয়ে তিনি দুঃখভোগ স্বীকার করলেন—তবু খুললেন না মুখ। তিনি ছিলেন জবাইখানায় চালিত মেষশাবকেরই মত, লোমকাটিয়ের সামনে নীরব মেষেরই মত—তবু খুললেন না মুখ।

℣ বহুদিন আগের সেই মৃতদের মত

℟ তিনি আমাকে অন্ধকারে বসিয়ে রাখলেন।

সন্ধ্যারতি

তাঁদেরই জন্য ব্যবহারযোগ্য, যাঁরা প্রভুর মৃত্যুবরণ অনুষ্ঠানে অংশ দেন না।

ধুয়ো ও সামসঙ্গীতমালা: পুণ্য বৃহস্পতিবারের সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২৫৭।

বাণী পাঠ **১ পি ২:২১-২৪**

খ্রীষ্ট তোমাদের জন্য যন্ত্রণা ভোগ ক'রে তোমাদের জন্য একটি আদর্শ রেখে গেছেন, তোমরা যেন তাঁর পদাঙ্ক অনুসরণ কর। তিনি কোন পাপ করেননি; তাঁর মুখেও কখনও পাওয়া যায়নি ছলনার কথা। অপমানিত হলে তিনি প্রত্যুত্তরে অপমান করতেন না; যন্ত্রণার সময়ে হুমকি দিতেন না, বরং ন্যায় অনুসারে বিচার করেন যিনি, তাঁরই হাতে তিনি নিজেকে সঁপে দিলেন। তিনি নিজের দেহে আমাদের সমস্ত পাপ ক্রুশবৃক্ষের উপরে তুলে বহন করলেন, আমরা যেন পাপের কাছ থেকে বিদায় নিয়ে ধর্মময়তার উদ্দেশে জীবনযাপন করি। তাঁরই ক্ষতগুণে তোমরা সুস্থ হয়ে উঠেছ।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয়:

ধুয়ো: খ্রীষ্ট আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,
এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: সির্কা গ্রহণ করে যীশু বললেন, * 'সিদ্ধি হয়েছে'
এবং মাথা নত ক'রে আত্মা সঁপে দিলেন।

মিনতি নিবেদন

মিসাগ্রন্থে নির্দেশিত সার্বজনীন প্রার্থনা ব্যবহারযোগ্য।

সমাপন প্রার্থনা

বিদায় : ℣ আসুন, প্রভুকে বলি ধন্য ;

℟ ঈশ্বরকে ধন্যবাদ।

সমাপনী অনুষ্ঠান

নিম্নের অংশ ব্যতীত, সবকিছু সাধারণ।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :

ধুয়ো : খ্রীষ্ট আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,

এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।

বিদায় : ℣ আসুন, প্রভুকে বলি ধন্য ;

℟ ঈশ্বরকে ধন্যবাদ।

কুমারী মারীয়ার উদ্দেশে সমাপনী সঙ্গীত বাতিল।

পুণ্য শনিবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার একমাত্র পুত্র পাতালে অবরোহণ করে সেখান থেকে আবার সগৌরবে আরোহণ করেছেন। অনুনয় করি তোমায় : যারা দীক্ষাস্নানের মাধ্যমে তাঁর সঙ্গে সমাহিত হয়েছে, তারা যেন তাঁর পুনরুত্থান গুণে অনন্ত জীবন লাভ করতে পারে।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : খ্রীষ্ট প্রভু আমাদের জন্য ক্রুশবিদ্ধ ও সমাহিত হয়েছেন ;

এসো, প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

স্তোত্র

১। স্বর্গধামের ওগো প্রভু,
মহা বিশ্বত্রাতা,
মৃত্যু থেকে ক্রুশের গুণেই
মোদের মুক্তিদাতা।

২। মানবজাতিকে যা দিলে,
—তব কৃপাদানে—
সেই সমস্ত দিব্য দান
সঞ্চার কর প্রাণে।

৩। মেষ নিরপরাধী, প্রভু,
বিশ্বের বলি তুমি,
তব রক্তে মোদের পোশাক
করলে নির্মল শুচি।

৪। পুণ্য দেহের মূল্য দিয়ে
যাদের করলে ত্রাণ,
পুনরুত্থান ক'রে তাদের
স্বর্গে টেনে আন।

৫। পিতার জন্য করলে যাদের
রাজকীয় বংশ,
তাদের সঙ্গে মোরাও যেন
নিতে পারি অংশ। (৫ম শতাব্দী)

১ম পর্ব

১ম ধুয়ো : শয়ন করেই * আমি শান্তিতে ঘুমিয়ে পড়ি। সাম ৪

২য় ধুয়ো : আমার দেহ * ভরসাভরে করে বিশ্রাম। সাম ১৬

৩য় ধুয়ো : হে তোরণ, * উত্তোলন কর শির :
প্রবেশ করুন গৌরবের রাজা। সাম ২৪

℣ হে প্রভু, আমাকে দয়া কর ;
℟ আমাকে পুনরুত্থিত কর, তবেই আমি ওদের দেব প্রতিফল।

২য় পর্ব

১ম ধুয়ো : সত্যি, * পরমেশ্বর আমার সহায়,
প্রভুই তো ধরে রাখেন আমার প্রাণ। সাম ৫৪

২য় ধুয়ো : শান্তিতেই তাঁর তাঁবু,
সিয়োনেই তাঁর আবাসগৃহ। সাম ৭৬

৩য় ধুয়ো : সঙ্কটের দিনে * প্রভুর অন্বেষণ করি,
আমার দু'হাত প্রসারিত থাকে। সাম ৭৭

℣ তুমি তো আমাকে বিসর্জন দেবে না পাতালের হাতে,
℟ তোমার পুণ্যজনকে তুমি ক্ষয়প্রাপ্তি দেখতে দেবে না।

৩য় পর্ব

ধুয়ো : সঙ্কটে পড়ে * পাতালের বুক থেকে আমি প্রভুকে চিৎকার করে ডাকলাম,
আর তিনি সাড়া দিলেন আমায়।

গীতিকামালার জন্য তপস্যাকালের ১ম–৫ম রবিবারের জাগরণীর ৩য় পর্ব পালনীয়, পৃঃ ১৯৬।

℣ শান্তিতেই তাঁর তাঁবু,
℟ সিয়োনেই তাঁর আবাসগৃহ।

সুসমাচার ঘোষণা : ক। মথি ২৭:৫৭-৬৬; **খ।** মার্ক ১৫:৪২-৪৭; **গ।** লুক ২৩:৫০-৫৬।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন। (৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। সর্বজাতির মুক্তিদাতা,
তোমার কাছে মোদের সঙ্গীত ;
চেয়ে দেখ মোদের দিকে,
তোমার প্রতি আছি ফিরে।

২। আদি শত্রুর প্রভাব তুমি
জিতলে ক্রুশে মৃত্যু দ্বারা,

৪। মোদের মুক্ত করার জন্য
অধোলোকে নামলে তুমি,
মৃত্যুর হাতে বন্দি যারা,
লাভে জীবন যেন তারা।

৫। অন্তিমকালে তুমি আসবে
বিশ্বের শেষ ঘোষণা করতে,

ক্রুশই সে-ই বিশ্বাস-চিহ্ন,
যারই দীক্ষায় হলাম ধন্য।

৩। সেই দুর্জনকে এখন তুমি
মোদের থেকে দূরে রেখ,
তব রক্তে মুক্ত যারা,
পাছে পড়ে আবার তারা।

বিচার করতে তুমি বসবে,
ধার্মিক তখন উল্লাস করবে।

৬। ওগো খ্রীষ্ট, ক'রে দয়া,
নিরাময় কর মোদের ;
পরম পিতা ও আত্মার সঙ্গে
তবও স্তুতি গাইব সবে। (৫ম শতাব্দী)

১ম ধুয়ো : মৃত্যু ! * আমিই হব তোমার মৃত্যু ;
পাতাল ! আমিই হব তোমার বিনাশ। সাম ৫১
২য় ধুয়ো : তাঁর জন্য * তারা বিলাপ করবে
যেমন একমাত্র পুত্রের জন্য বিলাপ করা হয়।
কারণ নিরপরাধী প্রভুকে হত্যা করা হল। সাম ৯২
৩য় ধুয়ো : শোন, * সর্বজাতি,
আমার দুঃখ চেয়ে দেখ।সাম ৬৪
৪র্থ ধুয়ো : সঙ্কটে পড়ে * পাতালের বুক থেকে আমি প্রভুকে চিৎকার করে ডাকলাম,
আর তিনি সাড়া দিলেন আমায়। গীতিকা—পৃঃ ৬৯৪
৫ম ধুয়ো : তোমরা সকলে, * যারা এই পথ দিয়ে চল, ভেবে দেখ, চেয়ে দেখ তোমরা,
এমন দুঃখ আছে কিনা, যা আমার এই দুঃখের মত। সাম ১৫০

বাণী পাঠ **হো ৫:১৫-৬:১-৩ক**

প্রভুর উক্তি : সঙ্কটে তারা সযত্নেই আমার অনুসন্ধান করবে। এসো, প্রভুর কাছে ফিরে যাই, তিনি আমাদের ছিঁড়ে ফেললেন, কিন্তু আমাদের নিরাময় করবেন ; আমাদের আঘাত করলেন, কিন্তু বেঁধে দেবেন আমাদের ক্ষতস্থান। দু' দিন পরে তিনি আমাদের পুনরুজ্জীবিত করবেন, আর তৃতীয় দিনে আমাদের পুনরুত্থিত করবেন ; তখন তাঁরই সাক্ষাতে আমরা জীবনযাপন করব।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :
ধুয়ো : খ্রীষ্ট * আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,
এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।
এইজন্য ঈশ্বর তাঁকে উন্নীত করলেন
ও তাঁকে দিলেন সেই নাম, সকল নামের চেয়ে শ্রেষ্ঠ যে নাম।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো : আমাদের ত্রাণ কর গো পরিত্রাতা।
তোমার ক্রুশ ও রক্ত দ্বারা তুমি আমাদের করেছ উদ্ধার।
আমাদের সহায়তায় এসো,
হে প্রভু, আমাদের পরমেশ্বর।

মিনতি নিবেদন
যিনি আমাদের জন্য যন্ত্রণাভোগ ও মৃত্যুবরণ করে অনন্ত জীবনে পুনরুত্থান করার জন্য সমাহিত হয়েছেন, আসুন, কৃতজ্ঞতা ও ভক্তির সঙ্গে আমাদের সেই পরিত্রাতার কাছে মিনতি জানাই :

হে প্রভু, দয়া কর।

-হে পরিত্রাতা খ্রীষ্ট, ক্রুশের তলায় ও সমাধিগুহার কাছে তোমার মা উপস্থিত ছিলেন। কৃপা কর, সঙ্কটকালে আমরা যেন তোমার যন্ত্রণাভোগের সহভাগী হতে পারি।

-হে নব আদম খ্রীষ্ট, তোমার মৃত্যুর কথা শুনে নরক ভয়তে কাঁপতে লাগল, নরকের দরজা কবজা থেকে খুলে

পড়ল, যত কবরের মুখ খুলে গেল, আদি থেকে যারা নরকের বন্দি ছিল, তারা মুক্তি লাভ করল। পাপে বন্দি যারা, তোমার বাণী শুনে তারা যেন তোমার সঙ্গে পুনরুত্থান করতে পারে।

-হে ঈশ্বরপুত্র খ্রীষ্ট, দীক্ষাস্নানের মধ্য দিয়ে তুমি আত্মিকভাবে আমাদের তোমার মৃত্যু ও সমাধিতে মিলিত করেছ। আশীর্বাদ কর, আমরা যেন তোমার পুনরুত্থানে নবরূপায়িত হয়ে নবজীবন যাপন করতে পারি।

-হে জীবনস্বামী, সমাধিগুহাতে শুয়ে তুমি পিতার ডাকের অপেক্ষায় ছিলে, যে ডাক শুনে তুমি প্রথম পুনরুত্থিত মানুষরূপে এবং আমাদের পুনরুত্থানের আশা ব'লে নবজীবনে জেগে উঠবে। আমরাও যেন তোমার গৌরবময় নিয়তির অংশীদার হতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র : পৃঃ ২৬১।

ধুয়ো : প্রভুর মঙ্গলময়তা দেখবই আমি
জীবিতের দেশে।

বাণী পাঠ **১ যোহন ১:৮-৯**

আমরা যদি বলি আমাদের পাপ নেই, তাহলে আমরা নিজেদেরই প্রতারণা করি এবং আমাদের অন্তরে সত্য নেই। আমরা কিন্তু যদি আমাদের পাপ স্বীকার করি—বিশ্বস্ত ও ধর্মময় তিনি!—তিনি আমাদের পাপমোচন সাধন করবেন ও সমস্ত অধর্ম থেকে আমাদের শোধন করবেন।

℣ তুমি তো আমাকে বিসর্জন দেবে না পাতালের হাতে,
℟ তোমার পুণ্যজনকে তুমি ক্ষয়প্রাপ্তি দেখতে দেবে না।

মধ্যাহ্ন প্রহর

স্তোত্র : পৃঃ ২৬২।

ধুয়ো : পাতাল থেকেই
তুমি আমায় তুলে এনেছ, প্রভু।

বাণী পাঠ **১ যোহন ২:১খ-২**

পিতার কাছে আমাদের পক্ষে সহায়ক একজন আছেন : সেই যীশুখ্রীষ্ট, ধর্মাত্মা যিনি। তিনিই আমাদের পাপের জন্য প্রায়শ্চিত্তস্বরূপ—আমাদের পাপের জন্য শুধু নয়, সমস্ত বিশ্বজগতেরও পাপের জন্য!

℣ প্রভু মৃত্যু ঘটান, জীবন দান করেন,
℟ পাতালে নামিয়ে আনেন, পুনরুত্থিত করেন।

অপরাহ্ণ প্রহর

স্তোত্র : পৃঃ ২৬২।

ধুয়ো : শান্তিতেই তাঁর তাঁবু,
সিয়োনেই তাঁর আবাসগৃহ।

বাণী পাঠ **১ যোহন ২:৮খ-১০**

অন্ধকার ঘুচে যাচ্ছে ও সত্যকার আলো এর মধ্যেই দেদীপ্যমান। যে বলে সে আলোতে আছে অথচ নিজের ভাইকে ঘৃণা করে, সে এখনও অন্ধকারে রয়েছে। নিজের ভাইকে যে ভালবাসে, সে আলোতে বসবাস করে, আর তার অন্তরে পরস্পর বিরোধী বলতে কিছুই থাকে না।

℣ প্রভুকে সমাহিত ক'রে তারা পাথরের উপরে সীলমোহর করল;
℟ সেখানে পাহারা দেবার জন্য একদল প্রহরী মোতায়েন রাখল।

সন্ধ্যারতি

স্তোত্র

১। ওগো একক জগৎত্রাতা,
সর্বজাতির মুক্তিদাতা,
খ্রীষ্টরাজ, তুমি তো জান,
তব ক্রুশই বিশ্বের আশা।

৩। সমাধিতে তুমি যখন
নীরব শান্ত ছিলে সুপ্ত,
নরক-হাতে বন্দি যারা,
তাদের বললে, 'তোমরা মুক্ত।'

৪। জ্যোতির্ময় পুণ্য বলি,
পিতার পাশে এখন তুমি ;
তব রক্তে মুক্ত মোরা,
শোন মোদের যাচনা তুমি।

২। তব মৃত্যুই মৃত্যুর বিনাশ,
তব জীবন জীবনবর্ষণ,
মৃত্যুপতি শয়তানকে
তুমি একা করলে ধ্বংসন।

৫। সর্বকালে মোরা যেন
পুণ্য জীবন করি যাপন,
শত্রুর 'পরে জয়ের আশা
তব ক্রুশেই করি স্থাপন।

৬। তব ক্রুশের জয়ে মোদের
অংশীদার করেছ তুমি,
পরম পিতা ও আত্মার সঙ্গে
তবও, খ্রীষ্ট, জয়ধ্বনি। (১০ম শতাব্দী)

১ম ধুয়ো : আমি আজ * অত্যন্ত দুর্দশাগ্রস্ত,
কিন্তু আগামীকাল খুলে দেব আমার শৃঙ্খল। সাম ১১৬ খ
২য় ধুয়ো : আমি * ঠিকই বলি শান্তির কথা,
কিন্তু তারা যুদ্ধেরই পক্ষে। সাম ১২০
৩য় ধুয়ো : হিংসাপন্থী * মানুষের হাত থেকে, প্রভু,
আমাকে নিরাপদে রাখ।সাম ১৪০
৪র্থ ধুয়ো : আমার জন্য পাতা ফাঁদ থেকে * আমায় রক্ষা কর,
অপকর্মাদের জাল থেকে রক্ষা কর। সাম ১৪১
৫ম ধুয়ো : হে আমার আপন জাতি, * কী করেছি তোমায়?
বল, কী করে দুঃখ দিয়েছি তোমায়? গীতিকা ফিলি

বাণী পাঠ **১ পি ১:১৮-২১**

প্রিয়জনেরা, তোমরা তো জান, তোমাদের সেই পিতৃপরম্পরাগত অসার জীবনধারণের হাত থেকে তোমরা রুপো বা সোনার মত ক্ষয়শীল কিছুর মূল্যে নয়, বরং নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক-স্বরূপ সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্তমূল্যে মুক্ত হয়েছ। তিনি জগৎপত্তনের আগেই চিহ্নিত হয়েছিলেন, কিন্তু এই অন্তিমকালে তোমাদের জন্য আবির্ভূত হয়েছেন! তাঁর দ্বারা তোমরা ঈশ্বরে বিশ্বাসী হয়ে উঠেছ যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে তাঁকে গৌরব দান করেছেন, যেন তোমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :
ধুয়ো : খ্রীষ্ট * আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,
এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।
এইজন্য ঈশ্বর তাঁকে উন্নীত করলেন
ও তাঁকে দিলেন সেই নাম, সকল নামের চেয়ে শ্রেষ্ঠ যে নাম।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : এখন মানবপুত্র * গৌরবান্বিত হলেন,
ঈশ্বর তাঁর মধ্যে গৌরবান্বিত হলেন,
ঈশ্বর তাঁকে গৌরবান্বিত করবেন এখন ও যুগে যুগে চিরকাল।

মিনতি নিবেদন

যিনি আমাদের জন্য যন্ত্রণাভোগ ও মৃত্যুবরণ করে অনন্ত জীবনে পুনরুত্থান করার জন্য সমাহিত হয়েছেন, আসুন, কৃতজ্ঞতা ও ভক্তির সঙ্গে আমাদের সেই পরিত্রাতার কাছে মিনতি জানাই :

হে প্রভু, দয়া কর।

-হে প্রভু যীশু, তুমি এমনটি হতে দিয়েছ, যেন তোমার বুকের বিদীর্ণ পাশ থেকে বিশ্বপরিত্রাণের সাক্রামেন্ত তোমার সেই ভক্তমণ্ডলী নিঃসৃত হয়। তোমার মৃত্যু, সমাধি ও পুনরুত্থান গুণে তোমার কনে সেই মণ্ডলীকে পুণ্য পবিত্র করে তোল।

-হে ত্রাণেশ্বর, যারা তোমার পুনরুত্থানের প্রতিশ্রুতি ভুলে গেছিল, তাদের কথা তুমি কিন্তু স্মরণে রেখেছিলে। তাদেরও কথা স্মরণে রাখ, যারা সুসমাচারের কথা জানে না, যারা নিরাশ হয়ে জীবনযাপন করে।

-হে আমাদের পাস্কা, হে ঈশ্বরের মেষশিশু, তুমি গোটা বিশ্বের পরিত্রাণের জন্যই বলীকৃত হয়েছ। সকল মানুষকে তোমার বুকে টেনে নাও।

-হে বিশ্বপতি, সমগ্র জগৎ তোমার করতলে সীমাবদ্ধ থাকলেও তুমি সমাধিগুহার গন্ডির মধ্যে নিজেকে সীমাবদ্ধ করতে দিয়েছ। অনিষ্ট শক্তি থেকে আমাদের মুক্ত কর, আমরা যেন তোমার পুনরুত্থানের মুক্তিদায়ী শক্তির অভিজ্ঞতা করতে পারি।

-হে ঈশ্বরপুত্র, ক্রুশে বিদ্ধ হয়ে তুমি সেই দস্যুর জন্য স্বর্গের দ্বার উন্মুক্ত করেছ। যাঁদের তুমি তোমার মৃত্যু ও সমাধির সহভাগী করেছ, সেই সকল পরলোকগত মানুষকে তোমার পুনরুত্থানেরও সহভাগী কর, তাঁরা যেন আনন্দলোকে তোমার সঙ্গে চিরকালের মত রাজত্ব করতে পারেন।

সমাপনী অনুষ্ঠান

তাঁদেরই জন্য ব্যবহারযোগ্য, যাঁরা পাস্কা-জাগরণীতে অংশ দেন না।

নিম্নের অংশ ব্যতীত, সবকিছু সাধারণ।

শ্লোকের পরিবর্তে নিম্নলিখিত **ধুয়ো** গান করা হয় :

ধুয়ো : খ্রীষ্ট * আমাদের জন্য মৃত্যু পর্যন্ত,
এমনকি ক্রুশমৃত্যু পর্যন্তই নিজেকে বাধ্য করলেন।
এইজন্য ঈশ্বর তাঁকে উন্নীত করলেন
ও তাঁকে দিলেন সেই নাম, সকল নামের চেয়ে শ্রেষ্ঠ যে নাম।

বিদায় : ℣ আসুন, প্রভুকে বলি ধন্য ;
℟ ঈশ্বরকে ধন্যবাদ।

কুমারী মারীয়ার উদ্দেশে সমাপনী সঙ্গীত বাতিল।

প্রভুর পুনরুত্থান পাস্কা রবিবার

মহাপর্ব

এইখানে পাস্কাকালের আরম্ভ

পাস্কাপর্বের বিশিষ্ট অংশগুলি নিম্নলিখিত পাস্কাকালের ব্যবস্থায় পাওয়া যাবে, পৃঃ ২৭০ …।